


Recommended by the West Bengal Board of Secondary
Education as a Text book for Class VII. Vide Notification
No. T.B. VII|H|81|57, dated 8.1.81




वरेह. शाल,

শিক্ষক, শেঠবাগান আদশ বিদ্যামন্দির দম্দেম্, কলিকাতা-৩০



# চিন্ন জ্ঞাব প্রকাশনী

পুস্তক প্রকাশক ও বিফেতা ৪২,বেনিয়াটোলা লেম • কলিকাতা-৭০০০০১ প্রকাশক ঃ
চিত্ত সিংহ রায়
৪২ বেনিয়াটোলা লেন,
কলিকাতা-৭০০ ০০৯



প্রথম প্রকাশ, মে ১৯৮০
সংশোধিত সংস্করণ, জান,য়ারী ১৯৮১
পরিমাজিত তৃতীয় সংস্করণ, ডিসেম্বর ১৯৮২
সংশোধিত সংস্করণ, জ্লাই ১৯৮৪

भूला : बाब है।का भाव

[ভারত সরকার প্রদত স্থলত মালো প্রাপ্ত কাগজে মাদিত ]

ম্দ্রক ঃ
শ্রীদীপককুমার ভূঞ্যা
শ্রীদর্গা প্রিণ্টার্স,
৪/১এ, সনাতন শীল লেন,
কলিকাতা-৭০০ ০১২

# WEST BENGAL BOARD OF SECONDARY EDUCATION SYLLABUS ON HISTORY

#### CLASS-VII

## HISTORY OF MEDIEVAL CIVILISATIONS

### 1. Meaning of the term "Medieval":

- (a) From overthrow of the last Roman Emperor in 476.

  A.D. to the rise of new society, new State, new learning, new economic patterns.
- (b) In India—from the end of the Gupta Era (although 'Feudal' relations end started from the 5th century).
- (c) The time period in both cases—roughly 5th century to 15th century A.D.
- (d) Periodisation is arbitrary because of gradual transition, in some respect the old merging into the middle ages.
  - (e) Middle ages—not the same period everywhere.
  - (f) No single pattern. Unequal and varied developements.
  - 2. The Midle Ages in the West:
- (a) Advent, pressure of the Huns upon Germanic Tribes—their migration into the Western part of the Roman Empire—fall of the Empire (476 A.D.)—Survival of Roman Law and Roman idea of imperial unity.
  - (b) A short reference or Alaric, Atilla. Gaeseric.
- (c) Social, political and religious life of the migrants, (a brief account only of) their settlements in the imperial territories—mix-up with Roman population. Christian influence upon the settlers.

## 3. The myth of "dark age" in Europe.

4th to 7th Century—not 'dark'; learning was kept alive in monasteries—ecclesiastical concept of right and wrong functioned as a civilising influence.

### 4. The Byzantine Civilisation :

- (a) Constantine finds Constantinople and makes Christianity the official religion of Byzantium.
- (b) Justinian's efforts to establish unified empire (without details about wars). Justinian's Law Code, its importance; patronage of architecture and painting.
- (c) Importance of Byzantium as a centre of trade and commerce, preserver of Culture (Literature, Philosophy, Science).

#### 5. Islam and its impact:

(a) The Arabs—land and people: The prohhet and his teachings; Factors which facilitated the spread of Islam: The Caliphs, the Arab Empire: Cordova; How Europe reacted to the achievements of Islam; Arab contributions to culture, arts and sciences, scholarship. Some scholars.

# 6. Western Europe in Medieval Period (800-1200 A.D. approx.):

- (a) Charlemagne—revival of the Holy Roman Empire (800 A.D.). Importance of Coronation—relation between State and Church,—Court and its patronage of art and literature.
- (b) Monasteries—monks and nuns—life centering round monasteries (Bonedictine vows), the role of monasteries in the preservation and dissemination or learning—Cluny (Freeing the Church from corruption, secularisation and feudalisation).
  - (c) Investiture issue (Reference only).
- (d) 11th and 12th centuries: from monasteries and cathedral schools Universities—some famous scholars students and teacher relationship. The growth of studies on Law, Medicine, Theology as well as logic, liberal arts, Literature.

## 7. Feudalism in Medieval Europe:

- (a) Feudalism: Land—the bond between man and man; The Feudal hierarchy; private assumption or public authority, the role of the Feudal Castle and mounted horsemen in saving Europe; Feudalism—a way of life; Institution of Chivalry—Troubadours.
- (b) Manorial System: Manorialism—economic aspects of Feudalism; Manor—the local unit of Feudal Govt., Manorial Court, Economic conditions: Cultivation by labour of village community; peasants' heavy toil and heavy revenue—conditions of peasants' life. Heavy dues to Lord and Church in cash or kind. Manorial life in Castles—Three distinct classes—clergy, nobility and the rest—nobility and peasants at opposite poles. Serf—a chattel of the Lord—obligatory service, hereditary serfdom; Means of escape—joining a holy order, running away to town for shelter, getting employed in business and industry, Revolt.

#### 8. The Crusades: (lst, 3rd, 4th)

Motives—Impact upon society and culture—new towns and trade-centres (Italy in particular), cottage industries separated from agriculture (11th & 12th centuries).

9. Growth of Towns—Role of the Crusades—Guilds in towns—their activities—a short account of life in towns. Town aut onomy by royal charter; origin of the term "Bourgeois".

### 10. The Far East in the Middle Ages:

- (i) China in Medieval period (from early 7th century to 14th Century).
- (a) The T' ang period (618—907 A.D.) Re-unification of China and recasting the laws: Education, learning, literature (poetry): Tea, printing, arts.

Promotion of trade, commerce and agriculture. Buddhism in China. Chinese civilisation spread to Japan, Korea, Annam, China—a model for emulation.

Hiuen Tsang's visit to India and his return-impact.

- (b) The Sung period (960-1280)—Important experiments—State control of Commerce, State loan to farmers, property Tax;—Education and Culture.
- (c) The Yuan period (1280-1368): The Mongols: Kublai Khan (Tibetan Buddhism), and the account of Marcopolo.
  - (ii) Japan in Medieval period:
- (a) Society and Feudal economy in early medieval times. Supremacy of Mikado: Close links with China. Resistance of "Great Families". Mikado combined the office of Shinto High priest and absolute sovereign. Yet the growing power of hereditary clan-families and enrichment of Buddhist Orders weakened the central authority. The Shogunate. The Samurai, Japanese Chivalry (Bushido).

### 11. India in the Middle Ages:

(a) After the Guptas (5th—7th century). Hun incursions from 458 (occupation of Persia, Kabul, North Western India): (historical importance of the Huns).

Break up of the Gupta Empire; Age of Harshavardhan; Shrinking of the ideal of imperial unity to only Uttarapothanath: Hiuen Tsang's travels—his account; Nalanda—main features of the University.

(b) Post-Harshavardhan period (8th to 12th century):
After Harshavardhan—rise of smaller States: The
Feudal Clannish principalities of Rajputana; Pala, Pratihara,

Rastrkute contest (reference only)—Inability to establish a

united empire; smaller kingdoms and vassals.

- (c) Bengal: Sasanka, life and Society under the Palas and Senas—Religion and learning (Vikramsila and Uddandapur).
- (d) South India—The Chalukyas of Badami and Pallavas of Kanchi,—their contributions to art and architecture—Maritime activities of the Cholas.
- 12. India's foreign contacts: By land-Mahayana Buddhism in Central Asia, thence to China (Khotan ruins, Hiuen Tsang's evidence);

Tibet-(Atisa Dipankar).

By Sea—Settlements and cultural influence in South East Asia Subarnabhumi—Yashodharpur and Angkorvat Angkorthom—Malay, Java—Barobudur.

## 13. The Sultans of Delhi (1206 to 1526 A.D.)

Coming to Turko-Afghans to India (only a brief reference to the motive and manner of their coming); Main features of political, Social and economic life; Mutual influence of Hinduism and Islam; liberal developments in Arts and Culture, translation of classics, Bhakti Cult (the medieval Saints)—Sri Chaitanya, Nanak and Kabir. Bengal—Social, Cultural and economic conditions in Ilias Shah and Hussain Shah's periods.

Short account of the general administrative system.

14. Towards the end of the Medieval era (14th & 15th

centuries)

Fall of Constantinople: its impact on the Renaissance which had already started in the West.

\*Features of the Renaissance era—Spirit of enquiry and reasoning, widening of frontiers of knowledge scientific discoveries based on "observed facts", geographical discoveries—its outcome.

\*National States—France, England, Portugal, Spain. Struggle for National Freedom (Dutch).

**\*Expansion of Europe.** 

\*Old Order Vs. New Order-The English revolt.

Topics with asterisks should only be used as reference, as a conclusion to the old era and introduction of a new era.



विसम	<b>જા</b> ું છે
প্রথম অধ্যায় ঃ • • • • • • • • • • • • • • • • • •	5-8
মধ্যযুগ শব্দের অর্থ ঃ মধ্যযুগের কাল; মধ্যযুগের বিশেষত ;	
ভারতে মধ্যযুগ; এইরপে সময়-সীমা নিধারণে চুটি।	
বিতীয় অধ্যায়ঃ	¢-28
পশ্চিম দ্বনিয়ায় মধ্যযুগের স্চেনা ঃ জার্মান উপজাতিসম্থের	
কথা ; হ্বেদের কথা ; এলারিক। হ্বেনেতা এটিলা ; গেইসেরিক ;	
রোম সামাজ্যের পতন; জার্মান উপজ্ঞাতিসম্হের সামাজিক,	-
রাজনৈতিক ও ধমীয় জীবন; রোম সাম্রাজ্যে জার্মান	
উপজাতিগালের বসতি ম্থাপন; জার্মান উপজাতিসমহের উপর	
দ্রীন্টধমে'র প্রভাব।	
	26-29
ইউরোপে তথাকথিত অন্ধকারের যুগ ঃ অন্ধকারের যুগ বলা	100
হয় কেন; প্রকৃত অন্ধকারের যুগ ছিল না; প্রীন্টান মঠসমূহ ও	
যাজক সম্প্রদায়ের ভূমিকা।	
<b>ढ</b> जूब <sup>८</sup> ष्रशास ः ··· ·· ·· ·· ··	2850
বাইজাণ্টাইন সভাতাঃ কন্ফাণ্টিনোপলের প্রতিষ্ঠা;	
বাইজাণ্টিয়ামে রাণ্টিয় ধর্মার্পে এণ্টিধর্মের খ্বীকৃতি; সমাট	190 -
জাগ্টিনিয়ান; রোমসাম্রাজ্যের হৃত ঐক্য ও গোরব প্রনয়ন্ধারের	
চেণ্টা ; জাণ্টিনিয়ান আইন-সংহিতা ও ইহার গ্রেছ ; জাণ্টিনিয়ানের শিলপ্কলা প্রভৃতির প্রতিপোষ্কতা ; ব্যব্সা-	
বাণিজ্যের কেন্দ্রর পে বাইজান্টিয়ামের গ্রুর্ভ ; সভাতা-সংস্কৃতির	
সংরক্ষক বাইজাণিট্য়াম I	
পঞ্জম অধ্যায় ঃ	२१-05
ইসলাম ও তাহার প্রভাব ঃ আরব দেশ ; আরব জাতি ; হজরত	
গ্রহম্ম ও কোঁচার বাণী : ইসলামের দুতে বিশ্তার লাভের কারণ ;	
ম্পেনে আরব রাজত্ব; মানব সভ্যতার আরবীয়দের দান।	50 45
यन्त्रे जशास :	80-68
পশ্চিম ইউরোপে মধ্যযুগ ঃ শাল'ম্যানের কাহিনী; অভিষেকের গ্রুর্জ-রাষ্ট্র ও চাচের সংপ্ক'; প্রীণ্টান মঠ ও সন্ম্যাসীদের	
TOOL PIRP B. 6 OF IN THE STATE STATES SHOT THE	
—क्र्यान ; मधायात्रक भिष्का—विश्वविकालस ও मनौयीत्रत कथा।	
नक्षम व्यक्षाय :	66-92
মধ্যযালের ইউরোপে সামশ্ততশ্ত ্সামশ্ত শ্রেণীর শ্তর-বিন্যাস ;	
মধাষ্ট্রর জারের ভারকা; নাহট্রের ক্যাহনা; নাম-ত্যুগের	
भागतीय वावश्था : भागतीय वावश्थाय धाम ७ कृषकरम्ब क्रीवन ;	

বিষয়

অণ্টম অধ্যায়

क्रांत्रड वा धर्मध्य ( ) अ, ० इ, ८ व ) ः धर्मध्य विवाद कि বোঝায়; ক্রুসেডের উদ্দেশ্য; ক্রুসেডের ফলাফল।

नवभ व्यथायः

RO-RE

শহরগালির ক্মবিকাশঃ নতেন শহরের উম্ভব ও বিকাশে ক্রেডের ভূমিকা; শহরের গিল্ড্ বা নিগম ও তাহাদের কার্যকলাপ; শহরের জীবন্যাত্রা; রাজকীয় সন্দ বলে শহর-গ্রালর স্বায়তশাসনাধিকার লাভ।

म्बा वधाय :

मधायाल प्रतिष्ठाहा । मधायाल हीनलम ; जारवान ; अरवरत्मात ताक वकान ; देखेशन युन । भारक राष्ट्रभारतात काहिनी ; भधाय न काथान।

এकाम्भ व्यथामः : ...

209-259

মধায্গে ভারতবর্ষ গুরু সায়াজ্যের পতন; হর্ষবর্ধন; হিউয়েন সাং-এর ভারত-ভ্রমণ; হর্ষোত্তর ধ্রণ—পাল-প্রতিহার রাণ্ট্রকূট-দশ্ব; রাজপত্ত রাজ্যগর্নালর উত্থান; গ্রেপ্তান্তর ষ্ঠ্রে वाश्नादम्म ; क्षीकृधिर्भात माना क ; भान क दमन यूर्ण ममाख-সংস্কৃতি : গ্রেপ্তাত্তর যুগে দক্ষিণ ভারত : বাতাপীর চালুকা বংশ; কাণ্ডির পল্লবর্গণ; পল্লবদের শিল্প-সংস্কৃতি; তাজোরের टान ताकवरम ।

দ্বাদশ অধ্যায়

25R-20G

বহিবিশেবর সহিত ভারতবর্ষের যোগাযোগ ঃ মধ্য এশিয়া ও চীন; তিবত; দক্ষিণ-পরে এশিয়া ও ভারত; শ্যাম বা থাই-ল্যাণ্ড; কশ্বোজ; মালয় উপদীপ ও ষ্বদীপ বা জাভার কথা।

वसानण जशायः ...

দিল্লীর স্থলতানগণ; ভারতে তুকো আফগানদের আগমন; দিল্লী স্থলতানীর প্রতিষ্ঠা ও বিশ্তার; স্থলতানী আমলে রাজনৈতিক, সামাজিক ও অর্থ নৈতিক জীবন; স্থলতানী যুকো হিল্ব-মুসলিম সংস্কৃতির সমল্বয়; কবার; নানক; প্রীচৈতন্য; ইলিয়াস শাহ ও হোসেন শাহের আমলে বাংলাদেশ; স্থলতানী य्रात्र भामनवावभ्था।

চতুদ'শ অধ্যায় ঃ •••

284-765

মধ্যদ্বের অবসানম্বেঃ কনম্টাণ্টিনোপলের পতন , আধ্বনিক वा वर्जभान यूरगत महिना।

### মধ্যযুগের কাল

মানবসভ্যতার ক্রমবিবত'নের ইতিহাস একটি নিরবচ্ছিল ধারা। এই ধারার প্রথম দতরের বিবরণ প্রাচীন যুগের ইতিহাস পুর্বেবতা শ্রেণীতে আলোচিত হইয়াছে। ইহার সময়কাল ছিল সভ্যতার জন্মলগন হইতে মোটামুটিভাবে ধান্টীয় পণ্ডম শতাবদী প্রয়ণত। দিতীয় দতর 'মধায়ুগের ইতিহাস' বর্তমান শ্রেণীর আলোচ্য বিষয়। সময়কাল মোটামুটিভাবে ধান্টীয় পণ্ডম শতাবদী হইতে পণ্ডদশ শতাবদী প্র্যাণত। সাধারণতঃ ৪৭৬ ধান্টাব্দে রোম সায়াজ্যের পতন এবং ১৪৫৩ ধান্টাব্দে তুকী দের হাতে কন্দ্রীণ্টনোপলের পতন প্রয়ণত প্রায় হাজার বছরকে ইউরোপে 'মধ্যয়ুগ' বলা হয়।

এই সময়সীমা নির্ধারণের কতকগৃনল যুক্তিসম্পত কারণ আছে।
উৎপাদন ও বর্ণন-ব্যবহথা, শাসক ও শাসিতের মধ্যে সম্পর্ক এবং সমাজ
সংগঠনের প্রকার-ভেদ অনুসারে এক-একটি যুগ নির্ধারিত হয়। প্রাচীন
যুগের উৎপাদন ও বর্ণন ব্যবহথা, শাসক ও শাসিত শ্রেণীর সম্পর্ক এবং
সমাজ-সংগঠনের বিভিন্ন দিকের সহিত মধ্যযুগের উৎপাদন ও বর্ণন-ব্যবহথা,
শাসক ও শাসিতের সম্পর্ক ও সমাজ-সংগঠনের বিভিন্ন দিকের গ্রের্ভপুর্ক পার্থক্য রহিয়াছে; আবার ঐ সকল বিষয়ে মধ্যযুগের সহিত বর্তমান
যুগের পার্থক্য বিরাট। কাজেই কোন যুগকে ব্রিক্তে হইলে সেই যুগের
বৈশিষ্ট্যগ্রিল অনুধাবন করিতে হয়।

## মধ্যযুগের বিশেষত্

রোম সামাজ্যের পতনের ফলে সাধারণভাবে মধ্যয়ংগের প্রথমাবস্থায় কেন্দ্রীয় রাজশক্তি ছিল অত্যশত দর্বেল। রাজ্যে ছিল আইন-শৃভ্থলার অভাব। তাহা ছাড়া সমাজ-জীবন ছিল শিক্ষার অভাবে কুসংস্কারে নিমজ্জিত। মধ্যয়, গের বিতীয় বৈশিষ্ট্য হিসাবে উল্লেখ করা যায় ধর্মীয় প্রতিষ্ঠান ও যাজক শ্রেণীর প্রাধান্য। এই যাজে ইউরোপে শ্রীষ্টান ধর্ম-সংস্থা বা চার্চের প্রাধান্য এবং মধ্যপ্রাচ্যে, মধ্য-এশিয়ায় ও অন্যান্য স্থানে ইসলামের অভ্যুত্থান ও প্রাধান্যবিদ্তার বিশেষভাবে লক্ষণীয়।

মধ্যয়নের তৃতীয় ও প্রধান লক্ষণ হইতেছে সামন্ত প্রথা। প্রকৃতপক্ষে, এই সামন্ত প্রথায় সংগঠিত সমাজ সংগঠনের চিত্রই হইতেছে সমগ্র মধ্যয়নের প্রকৃত ইতিহাস। এইরপে সমাজ সংগঠনের শীরে ছিলেন রাজা। রাজার অধীনে থাকিত বিভিন্ন শ্রেণীর সামন্ত। সামন্তরা আন্ত্রগত্য এবং রাজকর ও যুন্ধকালে সাহায্যদানের ভিত্তিতে রাজার নিকট হইতে জমি পাইত। সমাজের সাধারণ মান্য এই জায়গিরদারগণের নিকট হইতে চাষের জমি পাইত বিশেষ শতে । বিনা-পারিশ্রমিকে তাহাদের একটা নিদি দি সময় সামন্তদের জমিতে কাজ করিতে হইত। সামন্তরাই ছিল সাধারণ মান্যের প্রভু। প্রাচীন যুগে কৃষিকর্ম, শিল্পকর্ম, পরিচর্য। প্রভৃতি সকল কাজই কৃতিদাসদের দারা সম্পন্ন হইত। মধ্যযুগে ক্রীতদাসপ্রথা লোপ পাইয়াছিল এবং ঐ সকল কাজের সমস্তই ভূমিদাসদের দারা সম্পন্ন হইত। ভূমিদাসরা ভ্রমির সহিত বংশ পরম্পরায় আবন্ধ থাকিত। তাহাদের পক্ষে ভ্রমিত্যাগ ছিল নিষিদ্ধ ও দশ্তনীয়।

এইভাবে অর্থনীতি, রাজনীতি ও সমাজ-ব্যবদ্ধায় আমলে পরিবর্তন ঘটিয়াছিল। সমাজে নতেন ধরনের রাষ্ট্র, নতেন ধরনের অর্থনীতি ও নতেন ধরনের শিক্ষা-সংস্কৃতি দেখা দিয়াছিল।

## ভারতে সধ্যযুগ

ভারতের ক্ষেত্রে এই যুগের সত্রেপাত গুপুথ্যুগের শেষভাগে। রোম সামাজ্যের ন্যায় গুপু সামাজ্যও এক সময়ে গৌরবের চরম শীর্ষে আরোহণ করিয়াছিল। কালক্ষমে সেখানেও অভ্যশ্তরীণ গৃহবিবাদে রাজশান্ত দর্বেল হইয়া পড়ে।

ধ্রণিটীয় পঞ্চম শতাব্দীতে রোম সায়াজ্যের উপর হণে জাতির আক্রমণ প্রচণ্ড আঘাত হানিয়াছিল। ভারতেও প্রায় ঐ সময়ে হণে জাতির আক্রমণ গর্পু সাম্রাজ্যের উপর প্রচণ্ড আঘাত হানিয়াছিল। গর্পু সাম্রাজ্য ভাঙিয়া পড়ায় দেশে বহু ক্ষ্দে ও খণ্ড রাজ্যের উল্ভব হয় এবং মধ্যযুগীয় সামন্ত-তান্ত্রিক সমাজব্যবন্ধার লক্ষণগর্মল ম্পন্ট হইতে ম্পন্টতর হইতে থাকে।

ভারতবর্ষে ও মধ্যয়ংগের সময়-সামাকে ইউরোপের মতোই এইটার পণ্ডম হইতে পণ্ডদশ শতাবদী পর্যাশত ধরা হয়। কিম্পু ভারতবর্ষে মধ্যয়ার প্রকৃতপক্ষে আরও দার্ঘাভর হইয়াছিল। ভারতবর্ষে আধ্বনিক যাংগের সাচনা মাহল-যাংগের অবসান-কালেই হইয়াছিল।

## এইরূপ সময়-সীমা নির্ধারণে ক্রটি

অবশ্য মধ্যয়গের এই সময়সীমা ঠিক নিদিষ্ট করিয়া দেওয়া সভব নয়, সঠিকও নয়। সমাজ-সভ্যতায় কোন পরিবর্তন হঠাৎ করিয়া আসে না। আবার সকল দেশে একই সময়ে এই পরিবর্তন আসে না। পরিবর্তনেগালি আসিয়া থাকে খ্রই ধীরে ধীরে। অবশেষে নানাবিধ পারিপাশ্বিক ঘটনার পরিপ্রেক্ষিতে এই পরিবর্তন একটি নতেন স্তরে উষ্ণীত হয় এবং সামগ্রিকভাবে রাজনৈতিক, সামাজিক ও অধনৈতিক অবস্থায় মোলিক বা গারুজপাণে পরিবর্তন ঘটে। বিষয়টি তথন সকলের নিকট স্পন্ট হইয়া উঠে এবং নতেন এক যাকোর আখ্যা পায়।

আবার সকল দেশে মানবসভ্যতার এই পরিবর্তন একই সংগ্রে সাধিত হুইবে এমন কোন কথা নাই। আজিও আফ্রিকার কোন কোন অংশে মধ্যযুগীয় সমাজব্যকথা বর্তমান। ভারতবর্ষেও মধ্যযুগীয় সামত্তাত্তিক সমাজব্যকথার কিছু কিছু, গ্রুব্ভপ্রণ বৈশিষ্ট্য আজিও রহিয়াছে। প্রকৃতপক্ষে মধ্যযুগের সকল বৈশিষ্ট্য সকল স্থানে এক নহে। ফলে ভিন্ন ত্থানে মধ্যযুগের সকল বৈশিষ্ট্য সকল স্থানে এক নহে। ফলে ভিন্ন ত্থানে মধ্যযুগের ধাঁচ ভিন্নরূপ হুইতে পারে। ফলে সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক বিকাশের ধারা বিভিন্ন স্থানে অসম এবং বিভিন্নরূপ হুইতে পারে।

## ঘটনাপঞ্জী

ইউরোপে মধ্যযুগের সচনা—৪৭**৬ প্রাণ্টাবদ** ইউরোপে মধ্যযুগের অবসান—১৪**৫৩ প্রাণ্টাবদ** 

# অনুশালনা

## রচনাভিত্তিক প্রস্ন

- ১। মধ্যধ্ব বলিতে কি ব্ঝ? মধ্যধ্বের প্রধান বৈশিষ্ট্যস্লি
  সংক্ষেপে বর্ণনা কর।
- ২। ইউরোপে মধ্যয**ুগের স্টেনা ও অবসান কবে হই**রাছিল বলা হয়? ঐ কালকে কি সঠিক বলা যায়?
- ৩। প্রথিবীর বিভিন্ন শ্বানে মধ্যধ্পের স্ট্রনা, বিকাশ ও অবসান কি একই সময়ে হইয়াছিল ? ঐ স টেনা ও বিকাশের ধাঁচ কি একই রূপ ? ভারতবর্ষে মধ্যম্গের স্ট্রনা ও অবসান কবে হইয়াছিল বলা যায় ?

## সংক্ষিপ্ত বচনাভিত্তিক প্রশ্ন

- ১। কোন ব্রগ নিধারণে সময়-সীমা বাধিয়া দেওয়ায় অস্মবিধা কি?
- ২। মধ্যম্গে ধর্মায় প্রতিষ্ঠানগ্রলির ভূমিকা কির্প ছিল ?
- ৩। মধ্যবংগে সাধারণ মান্থের অবংথা কির্পে ছিল ?

## रेतवां क्रिक श्रश

নিভ্লৈ উত্তিটি সহযোগে বাক্য সম্পূর্ণ কর ঃ

- ১। মধাষ্টেগর স্টেনা হয় ৪৭৬ खीन्টালের।
- ২। মধ্যয়কোর অবসান হয় ১৫৭৩ জীন্টান্দে/১৪৫৩ জীন্টান্দে।
- <mark>৩। মধ্যয<েগে কেন্দ্রীয় রাজণান্ত ছিল অত্য=ত সবল/দ</mark>্বব'ল।
- 8। মধ্যয়েরে সকল বৈশিষ্ট্য বিভিন্ন স্থানে একই প্রকার/বিভিন্ন প্রকার ছিল।

## সংক্ষিপ্ত বা মৌধিক প্রস্ন

- ১। ইউরোপের মধ্যযংগের স্কেনা কত প্রণিটাশে হইয়াছিল বলা হয় ?
- ২। ইউরোপের মধাধ্রনের অবসান কত ধ্রীণ্টাব্দে হইয়াছিল বলা হয়?
- কোন্ বৈদেশিক শত্র আক্রমণ রোম সায়াল্য ও গ্রুত সায়াল্যকে
   কঠিন আবাত হানিয়াছিল ?
- ৪। মধ্যব্রের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সংগঠনের প্রধানতম বৈশিষ্ট্য কি ছিল ?

## জার্মান উপজাভিসমূহের কথা

উত্তর ইউরোপের রাইন, ডানিয়্ব ও ভিন্চলা নদী এবং বালিকৈ ও উত্তর সাগর ঘারা বেণ্টিত অঞ্চলে জার্মান উপজাতিসমূহ বাস করিত। ইহারাও গ্রীক ও রোমানদের মতোই আর্য জাতির লোক হইলেও রোমানদের নিকট ইহারা ছিল বিদেশী। আর এই বিদেশীদের তাহারা 'বব'র' নামে অভিহিত করিত। কারণ, রোমানদের মতো ইহারা সভ্য ছিল না। জার্মান উপজাতিগর্লি না ছিল যাযাবর, না ছিল কোন অঞ্চলের ফ্যায়ী অধিবাসী। খাদ্য ও আশ্রায়ের সন্ধানে তাহাদিগকে প্রায়ই বসতি পরিবর্তন করিতে হইত। উপজাতিগর্লির মধ্যে জনসংখ্যা জনশং বৃদ্ধি পাইবার ফলেই এই অবদ্থার সৃষ্টি হইয়াছিল। তাহা ছাড়া, নানাপ্রকার প্রাকৃতিক দ্যোগিও ছিল। অবশ্য বসতি পরিবর্তনের প্রধানতম কারণ ছিল বংশব্দিধ ও বাসম্থানের অভাব। ইহারা নানা উপজাতিতে বা গোষ্ঠীতে বিভক্ক ছিল, যেমন গথ, ভ্যাণ্ডাল, ফ্লাণ্ক, লন্বার্ড, অ্যাণ্ডাল প্রভৃতি। গথ-রা আবার ভিসি-গথ (পিন্চমী গথ) ও অন্ট্রো-গথ (প্রেনীণ্ড গথ) নামে দ্বই প্রধান উপজাতিতে বিভক্ক ছিল।


শক্তিশালী উপজাতিগর্বল দ্বেলদের বিতাড়িত করিয়া তাহাদের বসতিগর্বল অধিকার করিয়া লইত। তাই বাধ্য হইয়াই বিতাড়িত উপজাতিগর্বলি ধারে ধারে রোম সাম্রাজ্যের দিকে অগ্রসর হইত এবং মাঝে মাঝে রোম সাম্রাজ্যের সামানায় হানা দিতে শ্বর করিয়াছিল। শান্তিপর্বেভাবে তাহারা কিছ্ম কিছ্ম সংখ্যায় রোম সাম্রাজ্যে প্রবেশও করিয়াছিল। কিন্তু অবন্থার ক্রমপরিবতনি আসিল। মধ্যএশিয়ার দ্বর্ধ ব্যাযাবর হলেগণ ইউরোপে প্রবেশ করিয়া সমন্ত ছারখার করিয়া দিতে শ্বর করিল। হলেদের প্রবল্টাপে জার্মান উপজাতিগর্বলি রোম সাম্রাজ্যের মধ্যে প্রবেশ

ক্রিতে বাধ্য হইল। ফলে, রোমানদের সহিত জার্মান উপজাতিগর্নির সংঘর্ষ অনিবার্য হইয়া উঠিল।

#### তুণদের কথা

হবেগণ ছিল মধ্যএশিয়ার এক দর্মের্ম হিংদ্র যাযাবর জাতি। তাহাদের না ছিল ঘরবাডি, না ছিল চাষবাস। ঘোডাই ছিল তাহাদের প্রধান অবলম্বন। যখন যেদিকে তাহাদের খেয়াল চাপিত, সেই দিকেই তাহার। ঘোড়া ছটোইয়া দিত। ভাহারা যেমন ছিল বলিষ্ঠ, তেমনই ছিল কুংসিত-দর্শন। মাথায় ছিল কাল লখা চল: গায়ের রং হলদে, আর নাক ছিল এমনই চেপটা যে দুইটি ছিদ্র ছাড়া নাকের আর কিছুই বুঝা যাইত না ঘোডার পিঠেই একরকম ছিল তাহাদের ঘর-সংসার ; দিনরাগ্র ঘোডায় চডিয়া তাহারা যদেধ করিতে পারিত। তাহাদের হাট-বাজার এবং মন্ত্রণা সভা প্রভৃতি চলিত ঘোড়ার পিঠে চড়িয়াই। ঘোড়ার জিনের তলায় তাহারা কাঁচা মাংসের তাল রাখিয়া দিত। শরীরের উত্তাপে সেই মাংস নর্ম হইয়া আসিলে তাহারা উহা পরম তাপ্তি সহকারে থাইত। চামড়া ছিল তাহাদের প্রধান পরিধেয়; কিন্তু একবার যে-চামড়া তাহারা গায়ে চাপাইত, তাহা প্রচিয়া আপুনা হইতে খিস্য়া না প্রভা প্র্যুশ্ত দেহ হইতে নামাইত না। বশা, তলোয়ার, তার, টাঙি—এই ছিল তাহাদের প্রধান অস্ত্র। আবার যুদ্ধ করিবার সময় তাহারা শত্রুদের উপর জাল ছইডিয়া দিত যাহাতে শ্বরো পলাইতে বা অস্ত্রচালনা করিতে না পারে।


এই দর্থেষ বর্বর হবেরা চীনদেশের উপর প্রায়ই হানা দিত। কিল্তু চীনের হান-বংশীয় সম্রাটরা শক্তিশালী হইয়া উঠিলে হবেরা আর চীনদেশে হানা দিতে পারে না। ফলে দক্ষিণে ও দক্ষিণ-পশ্চিমে ধরংসের ও অভ্যাচারের তাণ্ডবলীলা ক্রমাগত অগ্রসর হইতে থাকে। প্রশিষ্টীয় পশুম শতাব্দীতে ইহারা রোম সাম্রাজ্যের উত্তরে গিয়া উপিম্থিত হয় এবং এক বিভীষিকার স্থিতি করে। ইহাদের চাপে জার্মান উপজাতিগ্যলি ক্রমে দক্ষিণে অগ্রসর হইয়া রোম সাম্রাজ্যে প্রবেশ করিতে থাকে। জার্মান উপজাতিগ্যলির মধ্যে ভিসি-গথরাই ছিল এ বিষয়ে অগ্রণী।



#### এলারিক

ভিসি-গ্থদের প্রধান নেতা ছিলেন এলারিক। রোম সায়াজ্য তখন দ্বইভাগে বিভক্ত ইইয়া পড়িয়াছিল। প্রেণংশ বাইজাণ্টাইন সামাজ্য এবং <mark>পশ্চিমাংশ পশ্চিম-রোম সাম্রাজ্য নামে পরিচিত ছিল। পশ্চিমাংশের</mark> রাজধানী ছিল রোম। এলারিক সমাট থিয়োডোসিয়াদের মৃত্যুর পর তাঁহার এক পত্রে হন্রিয়াসকে কন্ন্টাণ্টিনোপলের সিংহাসনে বসাইয়া রোম সম্রাট বলিয়া ঘোষণা করেন। অন্যপক্ষে ভ্যান্ডাল-নেতা স্টিলিকো থিয়োডোসিয়াসের অন্য পত্রে আকে'ডিয়াসকে রোমের সিংহাসনে বসান। দিচলিকো খ্ৰই শক্তিশালী হইয়া উঠিলে আকে'ডিয়াস তাঁহাকে হত্যা করান। তখন জার্মান উপজাতির লোকেরা এলারিকের অধীনে ঐক্যবদ্ধ হয়। এলারিক রোম আক্রমণ করেন। রোমানরা সন্ধির প্রুম্তাব দিতে বাধ্য হয়। সন্ধির বিনিময়ে এলারিক রোমের সমস্ত ধনরত্ন দাবি করেন। এই প্রস্তাবে রোম সমাটের প্রতিনিধি বলিয়াছিলেন, "সবকিছুই র্যাদ তোমরা লইয়া যাও, তবে আমাদের কি থাকিবে!" উত্তরে এলারিক বলিয়াছিলেন, "কেন, তোমরা প্রাণে ব'চিয়া থাকিবে !" প্রচুর ধনরত্ন লইয়া এলারিক দেশে ফিরিয়া যান। কিছ্বদিনের মধ্যেই রোম স্মাটের আচরণে এলারিক জ্বন্ধ হইয়া প্রেরায় রোম আক্রমণ করেন। তিন্দিন <mark>তিনরাত্রি ধরিয়া ভিসি-গথেরা রোম নগরী লক্তেন করিল। ভিসি-গথরা</mark> প্রবেই খ্রীন্ট্রম্ম গ্রহণ করিয়াছিল। তাই এলারিকের নির্দেশে রোমের গিজাগ<sub>ন</sub>লি এই অত্যাচার হইতে নিম্কৃতি পাইয়াছিল। এলারিক সমগ্র ইটালি অধিকারের জন্য অগ্রসর হন। কিম্তু রোম নগরী ল্বংঠনের কিছ, দিন পরেই এলারিকের মৃত্যু হয়।

হণে ও জার্মান উপজাতিসমহের আক্রমণে পশ্চিম-রোম সায়াজ্য ক্রমশঃ ধরংসের দিকে অগ্রসর হইতে থাকে। ইউরোপের রাজনৈতিক ঐক্য সম্পণে বিনণ্ট হইয়া যায়। রোম সায়াজ্যের বিভিন্ন অংশে জার্মান উপজাতিগালি আধিপত্য বিস্তার করিতে থাকে। ভিসি-গথরা ক্রমশঃ দক্ষিণ গলদেশ ও ম্পেনে নিজেদের শাসন প্রতিষ্ঠা করে।



## হূণনেতা এটিলা

হণেনেতা এটিলা ইতিহাসে 'ভগবানের অভিশাপ' নামে কুখ্যাত।
মধ্য-ইউরোপের এক স্নবিশাল অঞ্চল তাঁহার পদানত হইয়াছিল। তাঁহার
রাজধানী বর্তমান হার্গেরি। হার্গেরি নামের মধ্যে হণেদের স্মৃতি আজ্ঞ লক্ষেইয়া আছে (Hun-gary)। তিনি ছিলেন যেমন দর্ধর্য বাঁর, তেমনি ভয়ংকর অত্যাচারী। হিংদ্র প্রভাবের এটিলা স্বর্ণাই গব' করিয়া বিলিতেন, "যে দেশে একবার আমার ঘোড়ার খ্রের আঘাত লাগিয়াছে সেই দেশের মাটিতে আর কখনও শস্য গজাইবে না।"

এটিলা রোম সাম্লাজ্য আক্রমণ করিলেন। একটির পর একটি রাজ্য দখল করিয়া এটিলা গলদেশে (বত'মান জাম্স) উপস্থিত হইলে রোমান সেনাপতি ইটিয়াসের নেতৃত্বে রোমানরা ও বিভিন্ন জার্মান উপজাতি একরে এটিলাকে বাধা দেয়। যুদ্ধে এটিলা পরাজিত হন। কিম্তু এটিলা দমিবার পাত্র ছিলেন না। কিছুদিনের মধ্যেই এটিলা আবার তাঁহার দ্বর্ধে আক্রমণ ও লাঠনকার্য শ্রুর, করেন এবং রোম নগরীর নিকট উপস্থিত হন। তাঁহাকে বাধা দেওয়ার মতো ক্ষমতা বা শক্তি রোমানদের ছিল না। রোমের প্রধান ধর্মগরের পোপ স্বয়ং এটিলার শিবিরে উপস্থিত হন এবং রোম নগরী রক্ষা করিবার জন্য বারংবার তাঁহাকে অনুরোধ করেন। অবশেষে প্রচুর ধনরত্ব পাইয়া এটিলা রোম নগরী আক্রমণ না করিয়াই কিরিয়া যান। এই ঘটনার কিছুকাল পরেই এটিলার মৃত্যু হয় (৪৫৩ ধ্বীন্টাক)।

## গেইসেরিক

অন্যতম জার্মান উপজাতি ভ্যান্ডালরা তাহাদের নেতা গেইসেরিকের নেতৃত্বে খ্বই শক্তিশালী হইয়া উঠিল। তাহারা ভূমধ্যসাগরের দক্ষিণে অবিদথত উত্তর আফিকার রোম সাম্রাজ্যভুক্ত অঞ্চল অধিকার করিয়াছিল এবং সেখানে গেইসেরিক একটি শক্তিশালী রাজ্য দ্থাপন করিয়াছিলেন। তিনি দীর্ঘ পঞ্চাশ বংসর রাজত্ব করিয়াছিলেন এবং সম্দ্রেপথে রোম নগরী আক্রমণ করিয়া ভ্যাংকর ধর্মে ও লাংঠন চালাইয়াছিলেন।

#### রোম সাঞ্রাজ্যের পড়ন

এইভাবে রোম সাম্রাজ্য অত্যত দর্বল ও ছিল্ল-ভিন্ন হইয়া পড়িয়াছিল। রোম সম্রাটগণ জার্মান উপজাতীয় সেনাপতিদের হাতের পর্তুল হইয়া পড়িয়াছিলেন। অবশেষে ওড়োভাকার নামে এক জার্মান উপজাতীয় সেনাপতি রোমের শেষ সম্রাট রোম্বলাস অগাস্ট্লাসকে সিংহাসনছাত করিয়া রোমের সিংহাসন অধিকার করেন। এইভাবে পশ্চিম-রোম সাম্রাজ্যের পত্রন ঘটে (৪৭৬ প্রীঃ অঃ)। কিল্টু তখনও রোম সাম্রাজ্যের পর্বে অংশে রোমান সম্রাটরা রাজত্ব করিতে থাকেন। তাহা পর্বে-রোম সাম্রাজ্যে বা বাইজাণ্টাইন সাম্রাজ্য নামে পরিচিত হয়।

## জার্মান উপজাতিলমূহের সামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় জীবন

রোমান সেনাপতি জ্বলিয়াস্ সীজার এবং রোমান ঐতিহাসিক টাসিটাসের রচনা হইতে প্রাচীন জাম্মন উপজাতিগ্রলির স্বশেধ বিদ্তারিত তথ্য জানিতে পারা যায়। জামানরা ছিল প্রাচীন আর্য জাতিরই একটি শাখা। তাহাদের ভাষা ছিল প্রাচীন আর্য ভাষার একটি রূপ। তাহাদের শরীরের গঠন ছিল দীর্ঘ ও বলিষ্ঠ, চুল ছিল লালচে রঙের এবং চোথ ছিল নীলাভ। রোমানদের তুলনায় তাহারা নিতাশ্তই অনুষত ছিল। তাহারা গ্রামে বাস করিত। গ্রামগর্নলি ছিল বিক্ষিপ্তভাবে অবস্থিত। ঘরগর্নলির কাঠামো ছিল কাঠের; ইহার উপর কাদামাটির সাহায্যে দেওয়াল তৈয়ারি করা হইত ; উপরে থাকিত খড়ের চাল। প্রের্যেরা সাধারণতঃ জল্তু-জানোয়ারের চামড়ায় তৈয়ারী সামান্য আবরণই পরিধেয় হিসাবে ব্যবহার করিত। মেয়েরা নিজেদের ব্যবহারের জন্য একপ্রকার মোটা স্থতার কাপড় তৈয়ারি করিত। মংস্য শিকার, পশ্-পক্ষী শিকার এবং লাওলের সাহায্যে চাষবাস ও পশ্পোলন ছিল তাহাদের প্রধান উপজীবিকা। গম, যব ইত্যাদি ছিল প্রধান শস্য। দুংধ, মাংস ও আপেল-জাতীয় নানাপ্রকার ফল ছিল তাহাদের প্রিয় খাদ্য। গ্হপালিত পশ্দের মধ্যে গোর, ঘোড়া, ছাগল, ভেড়া, শ্বের প্রভৃতি ছিল উল্লেখযোগ্য। অবসর সময়ে প্রেষেরা জ্যোখেলা এবং বাজি রাখিয়া রথ চালনা করিতে খ্বই ভালবাসিত।

জার্মান উপজাতির লোকেরা থ্রই সাহসী ছিল; যুগধকে তাহারা মোটেই ভয় পাইত না। সাধারণতঃ বর্শা, তরবারি, তীর-ধনকে প্রভৃতি ছিল তাহাদের যুগেধর হাতিয়ার। জার্মানদের গ্রুহণথালির দায়-দায়িত্ব ছিল মহিলাদের উপর। তাহারা সাহসী ও পরিশ্রমী ছিল। সমাজে তাহাদের সম্মানও ছিল যথেল্ট। গ্রুহণুক্তি কার্যে পরের্যেরা তাহাদের পরামশ গ্রহণ করিত। যুদেধর সময়ে তাহারাই প্রুহ্মের হৃদয়ে সাহস ও উৎসাহ জাগাইয়া তুলিত।

জাম নিরা কতকগ্রলি উপজাতিতে বিভক্ত ছিল; যেমন—গথ, ভ্যাণ্ডাল, ফা॰ক, স্যাক্সন, বাগণিভায় ইত্যাদি। কয়েকটি পরিবার মিলিয়া গড়িয়া উঠিত একটি 'মাক' বা গ্রাম। কতকগ্রলি 'মাক' লইয়া গঠিত হইত একটি 'হাণ্ডেড'। কতকগ্রলি 'হাণ্ডেড'-এর সমশ্বয়ে গঠিত ছিল একটি প্রণে উপজাতির বাসভূমি। প্রথমে তাহাদের কোনো রাজা ছিল না। এক-একটি উপজাতির লোকেরা তাহাদের নেতৃত্ব দিবার জন্য দলের যোগ্যতম ব্যক্তিকে নেতা নির্বাচিত করিত। এইজন্য প্রত্যেক উপজাতিরই একটি করিয়া 'ম্ট' বা জনসভা থাকিত। যুদ্ধ করিতে সমর্থ সকল ব্যক্তিই এই জনসভায় যোগদান করিতে পারিত। যুদ্ধ-ঘোষণা বা সন্ধি-স্থাপন ইত্যাদি কার্য এই সভার হদেতই ন্যুদ্ধ ছিল।

জার্মান উপজাতির লোকেরা বিভিন্ন প্রাকৃতিক শক্তিকে বিভিন্ন দেব-দেবীরপে প্রেল করিত; প্রথিবীর দেবতা হার্থা, আকাশের দেবতা ওড্নে, বজের দেবতা ভনর বা থর ইত্যাদি। এই জার্মান দেবদেবীর নাম হইতেই ইংরেজিতে সপ্তাহের দিনগালির নামোৎপত্তি হইয়াছে; যেমন— চন্দ্রদেবতা 'মানি' হইতে মান-ডে; য্লেধর দেবতা 'টিউ' হইতে টিউস-ডে, আকাশের দেবতা 'ওড্নে' হইতে ওয়েড্নস্-ডে ইত্যাদি।

## স্নোম সাত্রাজ্যে জার্মান উপজাতিগুলির বসতি স্থাপন

পশ্চিম রোম সাম্রাজ্যের বিভিন্ন অংশে জার্মান উপজাতিরা বসতি স্থাপন করিয়াছিল। ভিসি-গথরা ইটালি হইতে বিতাড়িত হইয়াছিল। তাহারা প্রথমে গল-এ এবং গল হইতে বিতাড়িত হইয়া স্পেনে বসতি দ্থাপন করে। ফ্রান্সে ফ্রাণ্ক জার্মান উপজাতীয়রা বসতি দ্থাপন করে।
উত্তর ইটালিতে প্রথমে অন্ট্রোগথরা ও পরে লোশ্বার্ডরা বসতি দ্থাপন
করিয়াছিল। ফ্রান্সের পর্বাংশে বার্গাণ্ডীয়রা এবং ইংলডে অ্যাংগল ও
স্যাক্সন উপজাতীয়রা বসতি দ্থাপন করিয়াছিল। দক্ষিণ আফ্রিকায় বসতি
দ্থাপন করিয়াছিল ভ্যাণ্ডালরা।

জার্মান উপজাতিগর্নল রোমান অধিবাসীদের সহিত দীর্ঘ মেলামেশার ফলে প্রায় মিশিয়া গিয়াছিল এবং রোমান রীতিনীতি, আইনকান্ত্র ও শিক্ষা-সংস্কৃতি গ্রহণ করিয়া স্থসভা হইয়া উঠিয়াছিল।

## জার্মান উপজাতিসমূহের উপর গ্রীষ্টধর্মের প্রভাব

রোম সাম্রাজ্যে প্রবেশের প্রবেশ্ই ভিসি-গথরা শ্রীণ্টধর্ম গ্রহণ করিয়াছিল।
রোম সাম্রাজ্যে বসতি স্থাপনের ফলে অন্যান্য জার্মান উপজাতিস্কলিও
শ্রীণ্টান-ধর্মের প্রতি আকৃণ্ট হয়। শ্রীণ্টানধর্মের প্রভাবে তাহাদের চরিত্রের
নৃশংসতা হ্রাস পায়। সমাজ জীবনে পাপ-প্রেণ্য, দয়া-মায়া, সৌন্দর্যবাধ
প্রভৃতি ধারণাসমহে জার্মানরা শ্রীণ্টানধর্ম হইতেই লাভ করে। ফলে,
তাহাদের জীবন-যায়ায় আমলে পরিবর্তন ঘটে। অবশেষে শ্রীণ্টধর্ম
গ্রহণ করিয়া তাহারা নিজেদের প্রাচীন বিশেষস্বর্গনি হারাইয়া ফেলে এবং
এক-একটি স্বসভা জাতিতে পরিণত হয়।

#### ঘটনাপঞ্জী

সমাট থিয়োডোসিয়াসের মৃত্যু—৩৯৫ ধ্রীঃ অঃ এলারিকের রোম আক্তমণ—৪১০ ধ্রীঃ অঃ এটিলার রোম আক্তমণ—৪৫০ ধ্রীঃ অঃ গেইসেরিকের রোম আক্তমণ—৪৫৫ ধ্রীঃ অঃ পশ্চিম রোম সাম্রাজ্যের পত্ন—৪৭৬ ধ্রীঃ অঃ

# অনুশীলনী

## রচনাভিত্তিক প্রস্ন

১। 'বব'র' কাহাদিগকে বলা হইত ? কেন বলা হইত ? তাহারা কেন রোম সামাজ্যে প্রবেশ করিয়াছিল ?

- ২। জামনি উপজাতিগ্নিলর পশ্চিম রোম সায়াজ্যে অভিযান ও আধিপত্য বিশ্তার সম্পকে বাহা জান লিখ।
- ৩। হবে জাতি সম্পর্কে যাহা জান লিখ। এটিলার রোম অভিযানের বিবরণ দাও।
- ৪। জার্মান উপজাতিসমুহের সমাজ-সংকৃতির সংক্ষিপ্ত বিবরণ দাও।
- ৫ । পশ্চিম রোম সামাজ্যের পতন সম্পর্কে বাহা জান লিথ।

### সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

- ১। টীকা লিখ । এলারিক; এটিলা; গেইসেরিক।
- । 'মাক'' এবং 'হা'েছড' বলিতে কি ব্ৰং ?
- ত। জার্মান উপজাতিসম্হের ধর্মাীয় জীবন কির্পে ছিল ?
- ৪। জার্মান উপজাতিসম্ছের উপর শ্রীণ্ট-ধর্মের প্রভাব বর্ণানা কর।

## रेतर्वा व्हिक श्रम

বামদিকের যে কথাটির সহিত ডানদিকের যে উত্তিটি প্রযোজ্য তাহা ঠিক করিয়া সাজাইয়া লিখ—

- (১) ভ্যান্ডাল (১) জার্মান উপজাতিদের করেকটি পরিবারের দল।
- (২) রোম্লাস (২) কুংসিত।
- (৩) এলারিক (৩) হ্**ণদের নেতা।**
- (8) এটিলা (8) ভ্যাণ্ডালদের **নে**তা।
- (৫) 'মাক'' (৫) বছের দেবতা।
- (৬) ওড:্ন (৬) ভিসি-গথদের নেতা।
- (a) তনর বা থর (a) রোমের সমাট।
- (b) দ্বোইসেরিক (b) জার্মান উপজাতিদের একজন দেবতা।
- (৯) রাইন (৯) জার্মান উপজাতির একটি শাখা।
- ু(১০) হবে (১০) একটি নদীর নাম।

## সংক্ষিপ্ত বা মৌখিক প্রশ্ন

- ১। জার্মান উপজাতিদের আদি বাসভূমি কোথায় ছিল ?
- ২। জার্মান উপজাতিদের রোমানরা কি নামে অভিহিত করিত ২
- ৩। হুণদের আদি বাসম্থান কোথায় ছিল ১
- 8 । अधिना क ছिलान ?
- ৫। এলারিক কে ছিলেন ?
- ৬। গেইসেরিক কে ছিলেন ?
- ৭। শেষ রোম সমাটের নাম কি?
- . ৮। কত প্রীণ্টাব্দে পশ্চিম রোম সামাজ্যের পতন ঘটিয়াছিল ?

## 'অন্ধকারের যুগ' বলা হয় কেন

শ্রীষ্টীয় চতথ হইতে সপ্তম শতাবদী পর্য'ত কালকে 'অম্প্রকারের যাগ' বলা হইয়া থাকে। চতুর্থ' শতাবদী হইতেই রোম সাম্রাজ্য দর্বেল হইয়া পাড়তে শ্বর, করিয়াছিল। ৩৯৫ প্রণ্টাকে সম্রাট থিয়োডোসিয়াসের মতা হইলে রোম সামাজ্য পশ্চিম ও পরে দুইে ভাগে বিভক্ত হইয়া পড়িয়া-ছিল ৷ ইতিমধ্যে জামনি উপজাতিরা রোম সায়াজ্যে প্রবেশ করিয়া সামরিক বাহিনীতে যথেণ্ট প্রভাব বিদ্তার করিয়াছিল। প্রথম শতাব্দীতে পশ্চিম রোম সামাজ্যের পত্তন হইয়াছিল। 'বব'র' নামে পরিচিত জার্মান উপজাতিসমূহ পশ্চিম রোম সামাজোর বিভিন্ন অংশে আধিপতা স্থাপন করিয়াছিল। পশ্চিম রোম সাম্রাজ্য সম্পর্ণেরপে বিধনত হইয়াছিল। সারা পশ্চিম রোম সায়াজ্যের বিভিন্ন অংশে শান্তি-শৃত্থলা বলিয়া কিছুই ছিল না; সর্বাই ছিল অরাজকতা ও বিশ্বেখলা, হত্যা ও অত্যাচার-উৎপীডনে জনজীবন বিপন্ন হইয়া পড়িয়াছিল। মান্বের জীবন ও ধন-সম্পত্তির নিরাপত্তা ছিল না। পথঘাট বিনন্ট হইয়াছিল এবং পথঘাটগট্নল ন্ম্মা-ভদ্করের লীলাভূমি হইয়া উঠিয়াছিল। ফলে ব্যবসা-বাণিজ্য নন্ট হইয়াছিল। বড় বড় শহরগালি ক্রমেই পরিত্যক্ত জনহীন হইয়া পড়িতে-ছিল। দেশে ধনসম্পত্তির নিরাপত্তা রক্ষার জন্য যেসব বীর প্রেন্থ অগ্রসর হইয়া আসিয়াছিলেন, তাঁহারা এক-একজন রাজা বা ছোট-বড় সামণ্ড-প্রভূতে পরিণত হইয়া জনসাধারণের রক্ষক না হইয়া ভক্ষক হইয়াছিলেন। দেশে সামস্ততন্ত্র ও ভূমিদাসপ্রথা প্রবৃতিতি হইতেছিল। স্বাধীন কৃষকরা ভাহাদের স্বাধীনতা ও ভূ-সম্পত্তি হারাইয়া ভূমিদাসে পরিণত হইয়াছিল। বহিজাগৎ ও বহুত্ব প্রথিবী হইতে বিচ্ছিন্ন হইয়া বিভিন্ন অঞ্চল সংকীর্ণতা, কুসংস্কার ও কপেমণ্ডকতায় আচ্ছন্ন হইয়াছিল। এই অবস্থায় শিক্ষা-সংস্কৃতি ও সভাতার বিকাশ না হওয়াই ছিল স্বাভাবিক। তাই পরবতী<sup>\*</sup>কালে পণ্ডিতবা এই যাগকে অর্থাৎ এটিটীয় চতুর্থ শতাবদী হইতে সপ্তম শতাবদী পর্যন্ত -কালকে 'অন্ধকারের যুগ' আখ্যা দিয়াছিলেন।

## প্রকৃত 'অন্ধকারের যুগ' ছিল না

কিন্তু এই যুগ প্রকৃতপক্ষে 'অন্ধকারের যুগ' ছিল না। এই যুগেই রোম সমাট কন্দৌন্টাইন শ্রীন্টধর্ম গ্রহণ করেন এবং শ্রীন্টধর্ম রোম সামাজ্যের রান্ট্রীয় ধর্মে পরিণত হয়। ইহার ফলে সারা রোম সামাজ্যে শ্রীন্টধর্মের ত্যাগ, তিভিক্ষা ও প্রেমের আদশ' প্রচারিত হয় এবং মান্য হিংপ্র, বর্বর ও স্বার্থপির মনোভাব ত্যাগ করিয়া ক্রমেই ন্যায় ও মানবপ্রেমের নব আদশে দীক্ষা গ্রহণ করে।

রোন সামাজ্য পরে বিধনত হইলেও রোমান চার্চ তাহার দথান অধিকার করে। রোম সমাটের পথান অধিকার করেন রোমান চার্চের প্রধান যাজক বা পোপ। রোমান চার্চ বর্বর জার্মান উপজাতিগালিকেও নতেন আদশে অনুপ্রাণিত করে। তাহারা ন্যায়-অন্যায়, পাপ-প্রণ্য প্রভৃতি সম্পর্কে নতেন ধারণায় উদ্দেশ্ব হয়। এইভাবে রোমান চার্চ কেবল রোম সাম্রাজ্যে ঐক্য, আইন-শৃত্থেলা ও রীতি-নীতিকে অক্ষান রাখে নাই, তাহা শিক্ষা-সংস্কৃতির নবধারক ও সংরক্ষক হইয়া উঠে এবং শিক্ষা-সংস্কৃতি ও সভ্যতার বিকাশে বিশেষভাবে সহায়ক হয়।

তাহা ছাড়া, ঐ সময় পরে বোম সাম্রাজ্য অক্ষ্ম ছিল। তাহাও শিক্ষা, সংস্কৃতি এবং রোমক সভ্যতার সংরক্ষণে বিশেষ ভূমিকা লইয়াছিল।

## গ্রীষ্টান মঠসমূহ ও যাজক সম্প্রদায়ের ভূমিকা

সারা দেশে থাণ্টান মঠ এবং রোমান চার্টের শাখা-প্রশাখা গ্থাপিত হইয়াছিল। এই সকল থাণ্টান মঠ ও রোমান চার্টের যাজকগণ সেই বিশ্বেলা ও অরাজকতার যুগে জ্ঞানের দীপবিতি কা সম্ভর্পণে জনলাইয়া রাখিয়াছিলেন। থাণ্টান মঠে ও গির্জায় শিক্ষাদানের ও জ্ঞানচর্চার ব্যবস্থাছিল। বিভিন্ন মঠে বড় বড় গ্রন্থশালা ও বিদ্যালয় ছিল, মঠবাসী সন্মাসী ও সন্ম্যাসিনীগণ দ্ব্প্রাপ্য প্রথিগর্মল নকল করিতেন, পাণ্ড্লিপি প্রস্তুত করিতেন।

প্রতিন মঠের সন্ন্যাসী ও সন্ন্যাসিনী এবং গাঁজার যাজকরা সকলেই মান্যযের মধ্যে ন্যায়-অন্যায় ও নীতি-দুনীতির বোধ জাগাইয়া তুলিতেন। মান্ধকে শিখাইতেন ত্যাগ, ক্ষমা, ও সেবার মন্ত্র। এই ভাবে তাঁহারা সেই অরাজকতা, বিশ্বেলা ও হিংসার যুগেও মান্ধের মনে সভ্যতার ধ্যান-ধারণাকে জাগাইয়া তুলিয়াছিলেন। রোম সাম্রাজ্যের পতনের যুগে মান্ধের মনে যে লোভ, হিংসা, স্বার্থপরতা ও দ্বাণিতর বিষবাপ্প জ্বাময়া উঠিয়াছিল, তাহা তাঁহারা দ্বে করিয়া মান্ধকে ভয়ংকর অধঃপতনের হাত হইতে রক্ষা করিয়াছিলেন।



#### রচনাভিত্তিক প্রশ্ন

- ১। ধ্রীণ্টীয় চতুর্থ শতান্দী হইতে সন্তম শতান্দী পর্যান্ত কালকে ইউরোপে 'অন্ধকারের বা্গ' বলা হয় কেন ?
- ২। ধ্রীণ্টীর চতুর্থ শতান্দী হইতে সপ্তম শতান্দী পর্য বি কাল কি সতাই ইউরোপে 'অন্ধকারের বংগ' ছিল? তোমার মতের সমর্থনে বংক্তি দাও।

#### সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রস্ন

- ১। তথাকথিত 'অশ্বকারের যুগে' মানুষের জীবন ও ধন-সম্পত্তির নিরাপত্তা ছিল না কেন ?
- ২। তথাকথিত 'অশ্বকারের যুগে' শ্রীন্টান যাজক সম্প্রদায় সমাজ-সভ্যতার জন্য কি কল্যাণকর ভূমিকা পালন করিয়াছিলেন ?

#### মৌখিক প্রশ্ন

- ১। কোন্ সময়টাকে সাধারণতঃ ইউরোপে 'অন্ধকারের ধ্রন' বলা হয় ?
- ২। ইউরোপে 'অশ্ধকারের বৃংগে' জ্ঞানের আলো কাহারা জ্বালাইরা রাখিরাছিলেন?
- ৩। 'ইউরোপে 'অশ্ধকারের যুগে' শিক্ষাদান ও জ্ঞানচর্চার ব্যবস্থা কোথায় ছিল ?
- ৪। 'অম্ধকারের যুগে' অধঃপতনের পথ হইতে কাহারা মানুষকে সভাতার পথে আগাইয়া দিয়াছিলেন ?

## বাইজান্টাইন সভ্যতা

## কন্স্টাণ্টিনোপলের প্রতিষ্ঠাঃ

কৃষ্ণসাগরের তাঁরে বদ্কোরাস প্রণালীর নিকট অবস্থিত ছিল প্রাচীন গ্রাক নগরী বাইজান্টিয়াম। রোম সাম্রাজ্য পরের্ব মেসোপটেমিয়া হইতে পশ্চিমে ইংল্যান্ড পর্যন্ত প্রসারিত ছিল। এই বিশাল রোম সাম্রাজ্যের স্থাসনের জন্য রোম সম্রাট কন্স্টানটাইন ৩৩০ প্রশ্টাব্দে বাইজাণ্টিয়ামে রোম সাম্রাজ্যের ঘিতায় রাজধানী স্থাপন করেন। সম্রাট কন্স্টানটাইনের নাম অনুসারে এখন বাইজাণ্টিয়ামের নাম হয় কন্স্টান্টিনোপল। এই কন্স্টাণ্টিনোপলই বতামন তুরস্কের ইস্তান্ক্ল শহর। বিশেষ কয়েকটি



উদ্দেশ্য সাধনের জন্যই সম্রাট কন্দটাইন কন্দটান্টিনোপলকে রাজধানী হিসাবে নির্বাচিত করেন। প্রথমতঃ কন্দটান্টিনোপল হইতে সমগ্র রোমান সাম্রাজ্য শাসন করা অনেক প্রবিধাজনক ছিল। দিতীয়তঃ এই শহরটির ভৌগোলিক অবদ্থান এইরূপ ছিল যে, শত্রদের পক্ষে শহরটি জয় করা প্রায় অসম্ভব ছিল। এই কারণেই সাম্রাজ্যের অন্যান্য প্রদেশসমূহ শত্রুর

আক্রমণে গভীরভাবে ক্ষতিগ্রুত হইলেও কন্সান্টিনোপল শন্ত্র হাত হইতে বহুদিন বাঁচিয়াছিল এবং বাইজান্টাইন সাম্রাজ্যও অনেকদিন টিকিয়াছিল। তাহা ছাড়া, কন্স্টান্টিনোপলের সহিত সম্দ্রপথে উত্তর আদ্ধিকা ও মধ্য-প্রাচ্য, নদীপথে মধ্য ও উত্তর ইউরোপ এবং স্থলপথে এশিয়ার বিভিন্ন দেশের যোগাযোগ ছিল সহজ। বাণিজ্য কেন্দ্ররপেও কন্স্টান্টিনোপলের গ্রেম্ব ছিল অপরিসীম।

## বাইজাণ্টিয়ামে রাষ্ট্রীয় ধর্মরূপে খ্রীষ্টধর্মের স্বাক্ততি :

সমাট কন্দা টাইন থাল্টধর্ম গ্রহণ করিয়াছিলেন এক ধাল্টধর্মকে রাজ্রীয় ধর্মের গ্রাকৃতি দিয়াছিলেন। এইরুপে বাইজাল্টিয়ামেও ধাল্টিধর্ম রাজ্রীয় ধর্মরুপে গ্রাকৃতি দিয়াছিলেন। এইরুপে বাইজাল্টিয়ামে ছিল গ্রাক উপনিবেশ। তাই এখানে গ্রাক ভাষা ও গ্রাক সভ্যতা-সংস্কৃতিরই প্রাধান্য। রোম সামাজ্যের অন্য অংশে অবশ্য প্রধান ছিল লাটিন ভাষার ও রোমান সভ্যতা-সংস্কৃতির। বাইজাল্টিয়াম গ্রাক ভাষা ও গ্রাক সংস্কৃতির কেন্দ্র হওয়ায় বাইজাল্টিয়াম ও পর্বে রোম সামাজ্যের ধাল্টায় ধর্মসংখ্যা গ্রাক চার্চা নামে পরিচিত হইয়াছিল। রোম ও পাল্টম রোম সামাজ্যের সরকারী ভাষা লাটিন ও সভ্যতা-সংস্কৃতি রোমান হওয়ায় পাল্টম রোম সামাজ্যের ধর্মীয় সংস্থার নাম ছিল লাটিন চার্চা বা রোমান চার্চা। গ্রাক চার্টের প্রধানকে বলা হইত প্যাট্রিআর্ক এবং লাটিন বা রোমান চার্টের প্রধানকে বলা হইত প্রোপ। ধর্মীয় নানা ব্যাপারেই এই চার্টের মধ্যে তীর মতানৈক্য ছিল।

## সম্রাট জান্টিনিয়ান :

রোম সাম্রাজ্যের ভাগাভাগি কিন্তু সমাট কন্টান্টাইন-এর সময়ে হয় নাই। এই বিভাজন পাকাপাকি হয় ০৯৫ প্রন্থিকে। এই সময়ে সম্রাট্থিয়োডোসিয়াস তাঁহার এক পত্রে হন্রিয়াসকে দিয়া যান পশ্চিম-রোম সাম্রাজ্য এবং অপর এক পত্রে আকেডিয়াস লাভ করেন পরে-রোম সাম্রাজ্য বা বাইজান্টাইন সাম্রাজ্য। পশ্চিম-রোম সাম্রাজ্যের পতন হইলে পরে-রোম সাম্রাজ্যই রোমান সভ্যতা-সংস্কৃতির ধারক ও বাহক হইয়া উঠে।

বাইজাণ্টাইন সায়াজ্যের সর্বশ্রেষ্ঠ স্থাট জাম্টিনিয়ান। জাম্টিনিয়ান ছিলেন জামান বংশীয় এক দরিদ্র পিতার স্তান। তাঁহার এক খুল্লতাত



ছিলেন সমাটের দেহরক্ষী সৈন্যদের সেনাপতি। তিনি জাস্টিন নামে পরে রোম সামাজ্যের সমাট হন। জাস্টিনিয়ান কাকার নিকটে থাকিয়া লেখাপড়া শিখিতেন। অবশেষে নিজের প্রতিভা ও অধ্যবসায়ের বলে একদিন তিনি সমাটের পদে অভিষিক্ত হন (৫২৭ প্রশিটাক)।

সমাট জাস্টিনিয়ানের চরিত্র পরম্পর-বিরোধী গংলের এক অন্ভুত সমন্বয় দেখা যায়। একদিকে তিনি ছিলেন একজন বীর, ব্দিধমান ও অক্লান্ত

সমাট জাশ্টিনিয়ান

পরিশ্রমী সম্রাট, অপরদিকে তিনি ছিলেন চরম স্বেচ্ছাচারী, আড়ম্বরপ্রিয়, অকুতজ্ঞ ও সন্দেহপ্রবণ ব্যক্তি।

## রোম সাত্রাজ্যের হাত ঐক্য ও গৌরব পুনরুদ্ধারের চেপ্টা:

রোমের প্রতণোরব প্রেনর্গ্ধার করাই ছিল জান্টিনিয়ানের একমাত্র
ধ্যান ও জ্ঞান। সেই সাধনায় তিনি মন-প্রাণ ঢালিয়া দিয়াছিলেন। তিনি
সর্বাদাই বালিতেন, অকর্মাণাতার জন্য রোমানগণ যে বিশাল সাম্রাজা
হারাইয়াছে, সেই সাম্রাজা উল্ধার করাই তাঁহার জীবনের লক্ষ্য। এই ক্ষেত্রে
তাঁহার ভাগ্য অতাল্ত স্পপ্রসন্ন ছিল। তিনি এমন একজন অসাধারণ
সমর-নেতাকে প্রধান সহায় হিসাবে পাইয়াছিলেন যিনি তাঁহার স্বপনকে
সার্ধাক রূপে দিয়াছিলেন। এই ইতিহাস-প্রসিদ্ধ সেনাপতির নাম
বোলস্বেরয়াস। সাম্রাজ্যের পশ্চিমাংশে অধিষ্ঠিত জামানদের বিতাড়িত
করিবার দায়িছ তিনি এই বেলিসেরিয়াসের উপরই অপণি করিয়াছিলেন।

জার্মান উপজাতিদের মধ্যে ভ্যান্ডালগণ থ্রই শক্তিশালী ছিল। বেলিসেরিয়াস তাহাদিগকে পরাজিত করিয়া উত্তর আফ্রিকা মত্ত করেন। তাহার পর ইটালি হইতে তিনি অস্ট্রোগথদের উচ্চেদ সাধন করেন এবং ইটালির প্রেনর্দধার ঘটে। অবশেষে দক্ষিণ স্পেন হইতে ভিসিগথগণকে হটাইয়া তথায় রোমের আধিপত্য স্থাপনে সক্ষম হন। ক্রমে ক্রমে পশ্চিম রোম সাম্রাজ্যের বিস্তাণ অঞ্চল তাহার করতলগত হইলেও সম্রাট জাস্টিনিয়ান রোম সাম্রাজ্যের সকল অংশ প্রেনর্দধার করিতে সক্ষম হন নাই।

সামাজ্যের পশ্চিম অংশ প্রের্গধার করিতে তিনি এতই মন্দ ছিলেন যে, এই স্থােগে সায়াজ্যের পর্বােংশে পার্রাসকগণ আঘাতের পর আঘাত হানিয়া ক্ষতিবিক্ষত করিতে থাকে। ৫০০ প্রশিন্তাকে সেনাপতি বেলিসেরিয়াস পার্রাসকদের একবার পরাজিত করিলেও এই বিজয়ের গোরব দীর্ঘাদিন ধ্যায়ী হয় নাই। শেষ পর্যাক্ত সায়াই জান্টিনিয়ান পার্রাসকদের নিকট পরাজিত হন এবং পার্রাসকদের প্রচুর ধনরত্ন দিয়া নিম্কৃতি পাওয়ার চেণ্টা করেন। শেষদিকে বেলিসেরিয়াম খ্বই জনপ্রিয় ছিলেন; জনসাধারণ তাঁহাকে দেবতার মতো ভক্তি করিত। বেলিসেরিয়াসের ক্রমেরি ছিল বড়ই কোমল। গরীব-দ্বঃখাদের তিনি অকাতরে দান করিতেন। হয়ত বেলিসেরিয়াসের জনপ্রিয়তা ও ক্ষমতা-ব্লিধতে স্মাটের শংকা ব্লিধ পাইয়াছিল। সমাট বেলিসেরিয়াসকে সেনাপতির পদ হইতে বর্থান্ত করেন ও তাঁহার ধন-সম্পত্তি সরকার বাজেয়াপ্ত করেন শেষজীবনে বেলিসেরিয়াসের দ্বেশা চরম সামায় পেশীছিয়াছিল।

শ্রীণ্টধ্মের প্রতি স্মাট জার্ফিনিয়ান খ্রই অন্রেক্ত ছিলেন। এই ধ্ম বিস্তারের জন্য তিনি কতকগন্লি ব্যবস্থা অবলম্বন করিয়াছিলেন; তাহার মধ্যে আরব, স্থদান প্রভৃতি অঞ্জে ধর্মপ্রচারক প্রেরণ উল্লেখ্যোগ্য।

## জান্টিনিয়ান আইন-সংহিতা ও ইহার গুরুত্বঃ

সমাট জাফিনিয়ানের খাতি বা গোরব শ্বনোত্র য্লধক্ষেত্রেই সামাবন্ধ ছিল না; আরও কয়েকটি কারণে তিনি ইতিহাস-বিখ্যাত হইয়াড়েক

Bate 10

তশ্মধ্যে জার্দ্যনিয়ানের মহংকীতি কপাস জ্বরিদ্য বা রোমক আইন-সংহিতা। শত শত বংসর ধরিয়া রোমে যে আইনসমহে স্বভ হইয়াছিল এবং রোমানদের জীবনযাত্রা নিয়ন্তিত করিয়াছিল, যে আইনসমহে রোমান সভ্যতার এক উৎকৃষ্ট নিদর্শন, সম্রাট জান্টিনিয়ান সেইগর্বলকে সংগ্রহ করিবার উপযন্ত ব্যবস্থা করেন। সেগর্বলি সংগ্রহীত হইলে আইন-সমহে সাজাইয়া একটি সংহিতা রচনা করান। ইহাই 'জান্টিনিয়ান আইন-সহেতা' নামে পরিচিত। সকল মান্য এই আইনগর্বলি অনায়াসে যাহাতে ব্রিতে পারে এবং প্রয়োজনমত কাজে লাগাইতে পারে, এই উদ্দেশ্যে তিনি এই মহং কাজে রতী হইয়াছিলেন।

এই বিধি বা সংহিতা তিনটি অংশে বিভক্ত ছিল। প্রথম অংশ মূল সংহিতা বা কোড়। ইহার মধ্যে পাওয়া যায় বিভিন্ন সময়ে রোম স্ফাটদের স্কেট আইনসমূহ। দিতীয় অংশের নাম 'ডাইজেন্ট'। ইহা রোমের আইনবিদ্দের দারা লিখিত আইনসমূহের একটি সংকলন। তৃতীয় অংশ 'ইন্দিটিউট্'। রোমান আইন কিভাবে এবং কেন রচিত হইয়াছে, তাহার ব্যাখ্যা করা হইয়াছে এই বিভাগে।

জান্টিনিয়ান বিধির গ্রেছ অপরিসীম। এই সংহিতা ইউরোপের প্রায় সকল দেশের আইন রচনায় যথেন্ট প্রভাব বিদ্তার করিয়াছিল। এমন কি, বর্তামান যুগেও নানাম্থানে জান্টিনিয়ান বিধির সাহায্য গ্রহণ করা হয় আইন-কান্ত্র রচনার সময়ে।

## জাস্টিনিয়ানের শিল্পকলা প্রভৃতির পৃষ্টপোষকতা:

সমাট জাস্টিনিয়ান ছিলেন প্রকৃতপক্ষে বহুনুখী প্রতিভার অধিকারী।
তিনি ছিলেন শিলপ-সংস্কৃতির একজন বলিন্ট প্র্তুপোষক ও রক্ষক।
তাঁহার রাজস্বকালে বহু রাস্তাঘাট, প্রাসাদ, সেতু, গ্রন্থাগার ইত্যাদি নির্মিত
হয়। তাঁহার অন্যতম শ্রেন্টকনীতি সেন্ট সোফিয়া গির্জা। এই গির্জাটির
নির্মাণ-কৌশল, কার্কার্য ও জাঁকজমক মান্যকে বিস্মিত করে। সোনা,
রূপা এবং নানারতের পাথরের কার্কার্য করিয়া এই গির্জাটিকে স্কুসন্জিত
করা হইয়াছিল। গির্জার হলঘরটি ছিল বিরাট—উচ্চতায় প্রায় দুইশক্ত

সত্তর ফুট। ভিতরের ছাদ ও বেদীটি ছিল সোনার স্বারা প্রস্তুত। গির্জাটিতে আলোর ব্যবস্থা ছিল অতি চমংকার। এই আলোকের মধ্যে হলঘরের ভিতরের ছাদে অভিকত যীশ্রুপ্রীষ্টের ম্বতিটি দেখিয়া উপাসকেরা মোহিত হইয়া যাইতেন। এই অপরে ম্বতিটি নিমিত হইয়াছিল বিচিত্র রঙের ছোট ছোট পাথরের সাহায্যে। এইরপে কার্মশিলপকে বলা হয় 'মোজেইক'। জান্টিনিয়ানের শাসনকালে 'মোজেইক শিলপ' চরম উৎকর্ষ লাভ করিয়াছিল।

কন্স্টান্টিনোপল নগরের উন্মুক্ত ম্থানে ছিল রাজপ্রাসাদ; আর রাজ-প্রাসাদের সম্মুখেই ছিল বিরাট রংগশালা। এই রংগশালাগ্রলিকে বলা হইত হিপোদ্রোম। সামাজ্যের বিভিন্ন নগরে এইরপে হিপোদ্রোম ছিল। সর্বাপেলা বৃহৎ হিপোদ্রোম ছিল কন্স্টান্টিনোপল নগরে। এই রক্ষ-শালাগ্রলিতে রথচালনা প্রতিযোগিতা হইত। শত শত মান্য একসব্দের বিসয়া এই ক্রীড়া প্রতিযোগিতা উপভোগ করিত। সার্কাস, জম্মু-জানোয়ার লইয়া বিভিন্ন খেলা, খোড়দৌড়, জ্বাখেলা, নাচ-গান প্রভৃতি আমোদ-প্রমোদে কন্স্টান্টিনোপল নগর সর্বদাই সরগরম থাকিত।

বাইজাণ্টিয়ান সভাতার আমলে সমাটের দরবারেও সারা বংসর ধরিয়া উৎসব চলিত। নানাদেশের প্রতিনিধিরা আসিতেন এই উৎসবে যোগদান করিতে। সোনার গাছপালা, সোনার পশ্পক্ষী, মণিমক্তার ফল ও ফুল, কলের প্রতুল প্রভৃতি দিয়া উৎসব মণ্ডপ সন্দ্রিত করা হইত। এমন বিজ্ঞানসমত উচ্চ-কারিগরির কৌশলে নির্মিত হইত খেলনা ইত্যাদি যে উহারা আসল না নকল বোঝা কন্টকর ছিল। পশ্মেলির মুখ হইতে মন্তর্ন কিংবা পক্ষীগর্নালর কণ্ঠ হইতে নিঃস্ত স্থামন্ট দ্বর সকলকে অবাক করিয়া দিত। নানাপ্রকার রাসায়নিক পদার্থের সাহায্যে একপ্রকারের ভরল পদার্থ নির্মাণ করিতে পারিত সেই আমলের লোকেরা। এই রাসায়নিক কন্তৃটির নাম ছিল 'গ্রীক ফায়ার'। ইহা একপ্রকার তরল আগ্রেন। যুদেশ্বর সময় বাইজান্টাইন সৈন্যরা ইহা ব্যবহার করিত। শন্ত্রপক্ষের জাহাজে এই তরল পদার্থ নলের সাহায্যে নিক্ষেপ করিত। পাড়বামান ইহা জনলিয়া উঠিত। শন্ত্রপক্ষ কিছু ব্রিঝবার প্রেই সমন্ত জাহাজে আগ্রেন লাগিয়া যাইত।

## ব্যবসায়-বাণিজ্যের কেন্দ্ররূপে বাইজান্টিয়ামের গুরুত্ব :

সেকালে চীনদেশে রেশমের চাষ হইত। চীনারা ঐ রেশম রোম সাম্রাজ্যে বিক্রয় করিয়া কোটি কোটি মন্ত্রা দবদেশে লইয়া যাইত। জান্টিনিয়ান চীনদেশ হইতে গোপনে রেশমের গ্রেটিপোকা আনাইয়া দেশে রেশম উৎপাদনের ব্যবস্থা করিয়াছিলেন। পাশ্চাজ্যে ব্যবসায়-বাণিজ্যের কেন্দ্রম্থল ছিল কন্স্টাণ্টিনোপল নগরী। বাইজাণ্টাইন সাম্রাজ্যের বিলাসিতা ও আড়ন্বরের বিভিন্ন উপাদান সংগ্রহ করিবার জন্য জাের ব্যবসায়-বাণিজ্য চলিত। লােহিত সাগর, আরব সাগর এবং ভারত মহাসাগরের মধ্য দিয়া তথন বাণিজ্যপথ ছিল। রাশিয়া, ভারত, চীন প্রভৃতি দেশের সহিত বাণিজ্য চলিত। ভারতবর্ষ, চীন ও আফ্রিকার বিভিন্ন অঞ্চল হইতে নানাবিধ দ্রব্যসামগ্রী জলপথে লােহিত সাগরের মধ্য দিয়া মিশরে পোছাইত; সেখান হইতে বণিকেরা উটের পিঠে বােঝাই করিয়া ভুমধ্যসাগরের বন্দরে আনিত। ভাহার পর পণ্য-সামগ্রী চালান হইত কন্স্টাণ্টিনোপল নগরে। চীনের রেশম, ভারতের নানাপ্রকার বিলাসদ্রব্য এবং সিংহলের মন্ত্রা প্রভৃতি ছিল প্রধান পণ্য।

## সভ্যতা-সংস্কৃতির সংরক্ষক বাইজাণ্টিয়াম:

রোম সায়াজ্যের পতনের পর বাইজাণ্টাইন বা প্রেরাম সায়াজ্য আরও হাজার বছর টিকিয়াছিল। বাইজাণ্টাইন সায়াজ্য ঐ সময় কেবল রোমান সভ্যতা-সংস্কৃতি ও আইন-কান্নের সংরক্ষক হয় নাই, তাহা প্রাচীন গ্রীক সভ্যতা-সংস্কৃতিরও সংরক্ষক হইয়াছিল। ফলে যে সভ্যতা-সংস্কৃতির উল্ভব হইয়াছিল, তাহা ইতিহাসে 'বাইজাণ্টাইন সভ্যতা' নামে পরিচিত হইয়াছে। ইউরোপে যখন তথাক্থিত 'অন্ধকারের যুগ' চলিতেছিল, তখন জ্ঞান-বিজ্ঞানে ও শিলপ্সাহিত্যে বাইজাণ্টাইন সাম্লাজ্য যথেণ্ট উরত ছিল। মুসলমান আক্রমণের মুখেও দীর্ঘকাল বাইজাণ্টিয়াম প্রাচীন রোমক ও গ্রীক সভ্যতা-সংস্কৃতিকে বুক দিয়া রক্ষা করিয়াছিল। বাইজাণ্টিয়াম বিখ্যাত মনীষীদের আবাস-স্থল ও আশ্রয়ম্পল হইয়া

উঠিয়াছিল। এখানকার গ্রন্থাগারগর্বল অসংখ্য প্রাচীন গ্রীক ও রোমক গ্রন্থে পর্বে ছিল। ১৪৫০ প্রন্থিকো তুকীদের হতে বাইজাণ্টিয়াম বিধনত হইলে এখানকার পণ্ডিত ও মনীধীরা প্রাচীন গ্রন্থ, পাণ্ডালিপি ও পাণ্ডিত্য, এককথায় জ্ঞানভাণ্ডার লইয়া ইউরোপে পলায়ন করিয়াছিলেন এবং ইউরোপ তাঁহাদের নিকট হইতে যে জ্ঞান-বিজ্ঞানের মহাসম্পদ পাইয়াছিল, তাহাই ইউরোপে নবজাগ্যতির যুগের স্কুচনা করিয়াছিল।

#### ঘটনাপঞ্জী

কন্স্টাণ্টিনোপলের প্রতিষ্ঠা—৩৩০ ধ্রীঃ আ:।
ব্যাম সাম্রাজ্যের বিভাজন—০৯৫ ধ্রীঃ আ:।
সম্রাট জাস্টিনিয়ানের সিংহাসন লাভ—৫২৭ ধ্রীঃ আ:।
সম্রাট জাস্টিনিয়ানের মৃত্যু—৫৬৫ ধ্রীঃ আ:।



### तालता ভিক্তিक প্রশ্ন

- ১। রোমান চার্চ ও গ্রীক চার্চ বলিতে কি ব্রুঝ? ঐ দুই চার্চের প্রধানদের কি বলা হয়? উহাদের সংপর্ক কিরুপে ছিল?
- ২। সমাট জান্টিনিয়ান কে ছিলেন? তিনি রোম সামাজ্যের স্থত ঐক্য ও গোরব প্নের শ্বারে কি চেণ্টা করিয়াছিলেন?
- ত। শিল্প-কলা ও জ্ঞান-বিজ্ঞানের পৃষ্ঠপোষকর্পে জ্ঞাম্টিনিয়ানের কৃতিত্ব বর্ণনা কর।
- ৪। সভ্যতা-সংশ্কৃতির সংরক্ষকর্পে বাইঞ্জাণ্টিয়ামের ভূমিকা বর্ণনা কর। সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন
- ১। সম্রাট কন্স্টান্টাইন কেন বাইজাণ্টিয়ামে ন্তেন রাজধানী স্থাপন করিয়াছিলেন ?
- ২। জাম্টিনিয়ানের 'আইন-সংহিতা' কি? উহার গরেত্ব বর্ণনা কর।
- বাবসায়-বাণিজ্যের কেন্দ্ররূপে বাইজাণ্টিয়ামের গরেশ কিরুপ ছিল ?
- ৪। 'মোজেইক' কার, শিলপ বলিতে কি ব্ৰা?

- ७। 'श्रीक काञ्चात्र' काशात्क वटन ?
- ७। 'शिरुभाष्ट्राम' काशास्क बना द्य ?

## विद्यास्टिक श्रम

পানের ক্রমনীর মধ্য হইতে সঠিক শব্দ লইয়া শ্রেন্যথান পরেণ কর ঃ-

- (১) সম্রাট জাঙ্গিনিয়ান —— (৫৬৫ প্রীঃ / ৫২৭ প্রীঃ ) প্রীণ্টাক্ষে সিংহাসন লাভ করেন।
- (২) রোম সায়াজ্যের বিভাজন পাকাপাকি হয় —— ( ৩৩০ ৰীঃ / ৩৯৫ ৰীঃ ) ৰীণ্টাম্পে ।
- (৩) জার্স্টিনর।নের প্রধান সেনাপতির নাম —— (রোলাশ্ড । বেলিসেরিয়াস)।
- (৪) জাম্টিনিয়ান আইন-সংহিতার প্রথম ভাগের নাম —— ( **ডাইজেন্ট**্ / কোড )।
- (৫) জাম্টিনিয়ান আইন-সংহিতার দ্বিতীয় ভাগের নাম —— ( ইন্স্টিটিউট / ডাইজেম্ট**্** ) ।
- (৬) জান্টিনিয়ান আইন-সংহিতার তৃতীয় বা শেষ ভাগের নাম —— (কোড / ইন্সিটিটেট্ )।
- (৭) রোম সাম্রাজ্য ভাগাভাগির সময়ে পশ্চিম রোম সাম্রাজ্য লাভ করেন সমাট থিয়োডোসিয়াসের এক পত্ত — — ( আর্কেডিয়াস/হন্রিয়াস্ ) এবং পর্বে রোম সাম্রাজ্য লাভ করেন অপর এক পত্ত—( হন্রিয়াস / আর্কেডিয়াস )।

#### মৌগ্রিক প্রশ

- (১) কন্স্টান্টিনোপলের বর্তমান নাম কি?
- (২) কন্স্টান্টিনোপলের এইরপে নামকরণ হইল কেন?
- (৩) থিয়োডোসিয়াস কে ছিলেন ?
- (৪) হন্রিয়াস্ও আকে'ডিয়াস্ কাহারা ছিলেন ?
- (d) दिनाटमितियाम दक ছिलान ?
- (৬) ভ্যাত্তালগণ কোথায় রাজত্ব করিত ?
- (a) সেণ্ট সোফিয়া গির্জা কে নির্মাণ করান ?
- (b) वारेकाणियात्म क ताक्यानी श्थायन कतिया**ष्ट्रालन** ?


## আরব দেশ :

দক্ষিণ ভারতের পশ্চিমে আরব সাগর। আরব সাগরের পশ্চিমে আরব দেশ। আরব দেশ লোহিত সাগর, ভারত মহাসাগর ও পারস্যোপসাগর দিয়া তিনদিকে ঘেরা এক চতুকোণ উপবীপ। আরব দেশের অভ্যাতরভাগ পর্বত দারা দুইভাগে বিভক্ত। ইহার সম্দ্রতীরবর্তী কিছ্ম অঞ্চল কৃষির উপযোগী। অবশিষ্ট অঞ্চল মর্ভুমিতে পর্ণে। মধ্য-অঞ্চলে ছোট ছোট বহু, মর্দ্যান আছে। আরব দেশ অনুর্বর ও মর্ভুমিতে পর্ণে হওয়ায় পাশ্ববর্তী সম্দিধশালী ও শক্তিশালী দেশগর্লি কখনও আরব দেশ আক্রমণ বা অধিকার করে নাই। ফলে সভ্য জগৎ হইতে ইহা প্রায় বিচ্ছিন্ন ছিল। ভবে সম্দিধশালী দেশগর্লির লোকেরা পরস্পরের সহিত যোগাযোগ ও ব্যবসায়-বাণিজ্যের জন্য ইহার মধ্য দিয়া যাইত। আরব দেশের কৃষি-উপযোগী অঞ্চলে মক্কা, ইয়াধ্বরেব প্রভৃতি কিছ্ম শহর গড়িয়া উঠিয়াছিল। এই সকল স্থান জনবহলে এবং অপেক্ষাকৃত উন্নত ছিল।

#### আরব জাতি:

আরব দেশ অনুবঁর ও মর্প্রধান হওয়ায় এখানকার অধিবাসীরা খ্রেই বলিন্ঠ, সাহসী ও কণ্টসহিষ্ণু ছিল। এই অঞ্চল পরপদানত না হওয়ায় এখানকার লোকে ছিল স্বাধীনচেতা ও স্বাতন্দ্রপরায়ণ। শহরের অধিবাসীরা ছিল প্রধানতঃ বাবসায়ী। উটের পিঠে পণ্য বোঝাই করিয়া ভাছারা দেশ-বিদেশে যাতায়াত করিত। এই ব্যবসায়ী সম্প্রদায় সারবানী নামে পরিচিত। অপর শ্রেণীর নাম মর্বাসী। এই মর্বাসীরাই বেদ্ইন। ইহারা যাযাবর ছিল। মর্অঞ্জলে তাহারা ঘ্রিয়া বেড়াইত পরিবার ও পালিত পশ্বসকল সংগ লইয়া, খ্রিয়য়া বেড়াইত পশ্ব চরাইবার স্থান। স্থান খ্রিয়য়া পাইলে তাঁব্ ফেলিয়া কিছ্র্লিনের জন্য তথায় থাকিত। দম্যতা ও লই্ঠনকার্য ছিল তাহাদের প্রধান ব্যক্তি। খাদ্য হিসাবে গ্রহণ করিত প্রধানতঃ দ্বধ, খ্রেজ্বর ও পশ্বর মাসে। উট ছিল তাহাদের প্রধান বাহন ও অবলম্বন।

এই আরবগণ বিভিন্ন উপজাতিতে বিভক্ত ছিল। প্রত্যেক উপজাতির
এক একজন সদার থাকিত; তাহাদের বলা হইত শেখ। এই উপজাতিসমহের মধ্যে অবিরাম যুন্ধবিগ্রহ লাগিয়া থাকিত। মর্দ্যোন, জলের
ক্পে, ভেড়া কিংবা উট প্রভৃতি জীবনধারণের প্রয়োজনীয় দ্রব্য-সামগীর
অধিকার লইয়াই সাধারণতঃ এই যুন্ধবিগ্রহ ও হত্যাকাণ্ড চলিত। এই
ঘটনা হইতেই তাহাদের কঠিন ও কর্ণ জীবনযাত্রার পরিচয় পাওয়া যায়।
আরববাসীদের ধমীয়ে জীবন ছিল খুবই বৈচিত্রাময়। তাহারা



কাবা মন্দির

ন না দেবতার প্রেল করিত। প্রত্যেক উপজাতির নিজ নিজ দেবতা ছিল। নিজ নিজ উপজাতীয় প্রথা ও পদ্ধতি অনুসারে তাহারা প্রেল করিত। মক্কা ছিল তাহাদের তীর্থাক্ষেত্র। এথানকার প্রধান মন্দিরের নাম কাবা। কাবা মন্দিরে শত শত দেবদেবীর ম্বতি ছিল। সারবীয়গণ এই সকল দেবদেবীর উপাসনা করিত। কাবা মন্দিরে একটি কালরঙের পাথর ছিল। ইহাকে বিভিন্ন উপজাতিগর্বল তাহাদের নিজ নিজ দেবদেবীর উপরে প্রধান দেবতা বলিয়া মনে করিত। উপজাতিগর্বলর মধ্যে বিরোধ ছিল প্রছর; যুদ্ধবিগ্রহ লাগিয়াই ছিল। তথাপি বংসরের একটি

নির্দিন্ট সময়ে সব শত্রতা ভূলিয়া সকলে এখানে সমবেত হইত এক মেলা উপলক্ষে, আর পজো দিত পবিত্র কাবা মন্দিরে।

আরবীয়গণ লেখাপড়া জানিত না, নিরক্ষর ছিল। কিন্তু গান গাহিতে বা কবিতা আব্তি করিতে তাহারা খ্বই ভালবাদিত, আর এই সমস্ত চলিত মুখে মুখে। এইভাবে আরবী ভাষা আরববাসীদের একটি সুত্রে আবদ্ধ করিয়াছিল।

আরবজাতিকে তাহাদের এই অন্ত্রত ও অজ্ঞাত জীবন হইতে উন্নতি করিয়া বিশ্বের সম্মাথে যিনি তুলিয়া ধরেন, তিনি মহম্মদ।

#### হজরত মহম্মদ ও ভাঁহার বাণী:

মকা শহরের এক সম্ভাশ্ত কোরেশি উপজাতির পরিবারে মহম্মদের জন্ম হয় (৫৭০ থাণ্টাবদ)। তাঁহার প্রকৃত নাম আবল করিজম। পিতার নাম আবদ্রে ও মাতার নাম আমিনা বিবি। মহম্মদের জন্মের কিছুদিন পরেই মহম্মদের পিতা আবদ্রে পরলোকগমন করেন। মার ছয় বংসর বয়সে মহম্মদ মাতৃহারা হন। অবশেষে তিনি পিতামহ আবদ্রে মুতালেব ও পিতৃব্য আবু তালেবের দেনহ-যত্নে লালিত-পালিত হন। মহম্মদ নিজে ছিলেন বড়ই দরিদ্র। আবু তালেব ছিলেন স্থলাগর। উটের পিঠে পণ্য-সামগ্রী বোঝাই করিয়া তাঁহাকে দেশ-বিদেশে যাইতে হইত। মহম্মদেরও সংশ্যে যাওয়া ছাড়া গতাল্তর ছিল না। বিভিন্ন দেশ ভ্রমণ করিয়া তিনি ইহুদী, থ্রীন্টান প্রভৃতি সম্প্রদায়ের রীতিনীতি ও ধর্ম স্ববশ্বে অনেক ম্ল্যেবান অভিজ্ঞতা সপ্তয় করিতে পারেন। প্রশিল্য বংসর বয়সে এক ধনী বিধবা মহম্মদেক নিজের ব্যবসায়ে কর্মচারী হিসাবে নিয়োগ করেন এবং কিছুদিনের মধ্যে তাঁহাদের বিবাহ হয়। এই ধনী মহিলার নাম খাদিজা বেগম। চল্লিশ বংসর বয়স প্রশিত মহম্মদ মক্কার একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী হিসাবেই পরিচিত ছিলেন।

এই সময় হইতেই তাঁহার মনে ভাবাশ্তর আসে এবং ধমীয়ে চিশ্তার উদয় হয়। আরবীয়দের মধ্যে বিভিন্ন মতি পজো ও নানাবিধ অনাচার তাঁহাকে বরাবরই বেদনা দিত। অনেক সময় তিনি খবেই উতলা হইয়া পাড়িতেন। মাঝে মাঝে মকার অতি নিকটেই হীরা নামে একটি পাহাড়ের গ্রহায় গিয়া ধ্যানমগন হইতেন, অবশেষে একদিন তিনি সত্য উপলব্ধি করিলেন। তিনি ব্রিঝলেন, ঈশ্বর এক ও অন্বিতীয়, তাঁহাকে আল্লা বলা হয়। মহম্মদ আল্লার রম্বল বা পয়গশ্বর। আল্লার মহিমা তাঁহাকেই প্রচার করিতে হইবে এবং এই ধর্ম প্রচারের মাধ্যমেই আরবীয়দের ঐক্যবদ্ধ ও সভ্য করিয়া তোলা যাইবে।

চল্লিশ বংসর বয়সে তিনি তাঁহার নবধর্ম জনসাধারণের মধ্যে প্রচার করিতে আর'ভ করেন। পত্নী থাদিজা, বাল্যবন্ধ, আব্বেকর, জ্ঞাতিভাই আলী প্রভৃতি নামমান্ত কয়েকজনই ছিল তাঁহার প্রথম দিকের শিষ্য ৷ মকার জনসাধারণ তাঁহার এই ধর্মমত গ্রহণ করিল না ; বর্ণ তাঁহাকে পাগল বলিয়া বিদ্রপে করিতে লাগিল। তাঁহাকে ধর্মদ্রোহীও বলা হইল। তাঁহার উপর নামিয়া আদিল নানারপে অত্যাচার; এমন কি তাঁহাকে হত্যা করিবারও চেষ্টা চলিল। নিরাপত্তার অভাব বোধ করিয়া মহ<del>ু</del>মদ কয়েকজন শিষ্যসহ ইয়াখ্রের শহরে গমন করেন। ইয়াখ্রেবের এখন নতেন নাম হইল মদিনা। মহমদের মদিনা যাত্রার দিনটি মনেলমানদের নিকট প্রম প্রবিত্র দিন হিসাবে গণ্য হইয়া থাকে। এই দিনটি হইতেই <mark>'হিজরী' বা ম,সলমানী অবদ গণনা করা হয়। মদিনার লোকেরা</mark> মহম্মদকে সাদরেই গ্রহণ করে এবং দলে দলে তাঁহার নতেন ধর্মমত মানিয়া লয়। মহম্মদের শক্তি দিন দিন বৃল্ধি পাইতে খাকে। এই সময়ে মক্কাবাসীদের সহিত ভাঁহার কয়েকটি যুদ্ধ হয়। এই সকল যুদ্ধে মহম্মদ জয়লাভ করেন। অবশেষে একদিন বিজয়ীর বেশে তিনি মকায় প্রবেশ করেন ( ৬৩০ খাঃ )। সহমদ মকাবাদীদের প্রতি কোন নিদ্যি ব্যবহার করেন না। তাঁহার এই আচরণে মক্কাবাসীগণ মুগধ হয় এবং দলে দলে তাঁহার শিষ্যত্ব গ্রহণ করে।

হজরত মহম্মদ যে-ধর্ম প্রচার করেন ভাহার নাম ইসলাম। তাঁহার মৃত্যুর বহু, পরেবিই সমগ্র আরব দেশে ইসলাম প্রতিষ্ঠিত হয়। তিনি যে বাণী বা উপদেশসমূহ বিতরণ করিতেন ভাহা মোটাম্টি নিম্নর্প— (১) ঈশ্বর এক ও অধিতীয়, মহম্মদ ভাঁহার রম্বল বা পয়গশ্বর। (২) প্রতিদিন নৈদিক্টি সময়ে পাঁচবার নমাজ পাঠ বা প্রার্থনা। (৩) পরিব্রেরমজান মাসে উপবাস পালন। (৪) মক্কায় হজ বা তীর্থযাত্রা অবশ্য করণীয়। (৫) প্রত্যেকের আয়ের এক-পদ্মাংশ দরিদ্র ও দৃঃখীজনকৈ দান। এই পাঁচটি বিধিকে বলা হয় ইসলামের পদ্দত্তভ। তিনি আরুৎ বিলিতেন যে ইসলাম ধর্মে কোন জাতিভেদ নাই; সকল ধর্মের লোকই এই ধর্মমত গ্রহণ করিতে পারে; সকলের সংগেই সম্পর্ক হইবে ভাই ভাই।

মহশ্মদের সমদত বাণী ও উপদেশ তাঁহার সহযোগী ক্ষরো যাহা হাতের কাছে পাইতেন তাহাতে, পাতায়, শ্লেটের টুকরায় বা ভেড়ার কাঁধের চওড়া হাড়ের উপর লিখিয়া রাখিতেন। পরবতী সময়ে এই লেখাগর্নল সংগ্রহ করিয়াই ম্সলমানদের প্রধান ধর্ম গ্রন্থ পবিত্র 'কোরান' রচিত হইয়াছে।

ইসলামের বাণীতে আকৃষ্ট হইয়া আরবীয়গণ সকল বিভেদ ভূলিয়া ঐক্যের বন্ধনে আকৃষ্ণ হয়। আরবজাতিকে গঠন ও সংঘ্রক্থ করা মহম্মদের জীবনের এক পরম কীতি। মহম্মদ যথন আরব দেশে আবির্ভুত হন, তখন আরবীয়েরা ছিল দার্দাশ্ড, বর্বর, পরস্পরের প্রতি শর্ভাবাপান কতকগলে উপজাতির সমষ্টি মান্ত। তাহাদের জীবন ছিল সবরকম দানীতি, ছার-ডাকাতি, শিশাহেত্যা, মদাপান, জায়াখেলা প্রভৃতি অপকর্মে ভরা। কিম্তু যখন মহম্মদের তিরোধান হয়, তখন আরবীয়রা একটি বিরাট ঐক্যবন্ধ, শক্তিশালী জাতিতে পরিণত হইয়াছিল।

#### ইসলামের ফ্রেড বিস্তার লাভের কারণ:

ইসলাম ধর্ম অতি দ্রত বিশ্তার লাভ করিয়াছিল। ইসলামের মতই বোদ্ধধর্ম ও প্রতিধর্ম প্রথিবীর বহুদেশে বিশ্তার লাভ করিয়াছিল। কিম্মু সেজন্য বহু শতাবদী লাগিয়াছিল। কিম্মু শতাবদীকালের মধ্যে ইসলাম এশিয়া ও আফ্রিকার বহু অংশে এবং ইউরোপের কিয়দংশে বিশ্তার লাভ করিয়াছিল। ইহার পশ্চাতে কতকগালি কারণ ছিল।

ইসলামের পরেই ইহুদীরা ও ধ্রীণ্টানরা এক ও নিরাকার ঈশ্বর সম্পর্কে প্রচার করিয়াছিল। তাই মহম্মদের ধর্ম ও অনেকের কাছে নতেন কিছাই ছিল না। মহামদ বাইবেল ও প্রীন্টধর্মের বিরোধী ছিলেন না।
তাঁহার বাণীর প্রামাণিকতা প্রসংগ তিনি প্রায়ই বাইবেল ও প্রীন্টের
অবতারণা করিতেন। ঐ সময়ে প্রীন্টধর্ম তাহার মলেনীতি ত্যাগ করিয়া
নানা সম্প্রদায়ে বিভক্ত হইয়াছিল এবং ঐ সব সম্প্রদায় দলাদলি ও
বেষারেবিতে সর্বদা মন্ত ছিল। মহামদ আব্রাহাম ও মাশা প্রভৃতিকেও
তাঁহার প্রেবিতার্ণ প্রগাবর রূপে স্বীকার করিয়া লইয়াছিলেন।

তাহাছাড়া, অন্যানা ধর্মপ্রচারকগণ তাঁহাদের ধর্মীয় নীতি এবং নান্বের হৃদয় জয়ের উপরই সর্বাধিক জাের দিতেন। এজনা ইহ্দৌ ও প্রশিষ্টানদের অশেষ লাঞ্চনা ও উৎপীড়ন সহ্য করিতে হইয়াছিল। কিন্তু নহম্মদ ও ইসলামের প্রচারকগণ তরবারি হদেত ধর্মপ্রচার করিয়াছিলেন। নান্বের সম্মুখে ইসলাম গ্রহণ বা ইসলামের বশ্যতা স্বীকার, নয় মৃত্যুবরণ ছাড়া পথ ছিল না। ফলে প্রাণভায়ে এবং স্বযোগ-স্ক্রিধার লােভেও অনেকে ইসলাম গ্রহণ করিয়াছিল।

ইসলামের ধর্মনেতারা ধর্মপ্রচারক মাত ছিলেন না, তাঁহারা বদ্তুতঃ ছিলেন ন্মলিম দ্নিয়ার অধী বর। ফলে ইসলামের বিদ্তারে রাষ্ট্রশন্তি ও সৈন্যবাহিনী সর্বাদা তৎপর ছিল।

## খলিকাগণ ও আরব সাঞ্রাজ্য ঃ

হজরত মহন্মদ অপ্রেক ছিলেন। তাঁহার মৃত্যুর পর প্রধান শিষাগণ এক বৈঠকে মিলিত হইয়া মহন্মদের অন্যতম শ্বশ্র ও অন্যতম প্রধান শিষা আব্যুবকরকে মহন্মদের প্রতিনিধি নির্বাচিত করেন। এইর্প প্রতিনিধিকে বলা হইত থলিফা। আব্যুবকর সমগ্র আরবদেশে ইসলাম প্রতিষ্ঠা করেন এবং একটি মুসলিম রাষ্ট্ররূপে আরবের অভ্যুত্থান ঘটে। তিনি বাইজাণ্টাইন সাম্রাজ্যেরও কিছ্ম অংশ মুসলিম রাষ্ট্রের অন্তর্ভুক্ত করেন। নাত্র দুই বংসর থলিফা থাকার পর তাঁহার মৃত্যু হয়।

আব্বকরের মৃত্যুর পর থলিফা হন মহম্মদের অন্যতম দ্বশ্র ওমর। তিনি দশ বংসর থলিফা ছিলেন। তাঁহার সময়ে সিরিয়া, প্যালেন্টাইন, পারস্যা, মিশর ও উত্তর আফিন্রকার কিছ্ন অংশে ম্সলিম অধিকার বিশ্তৃত হয়। নিশ্চাবান, সরল, ধর্মপ্রাণ এবং ইসলামের অক্লাশ্ত প্রচারক হিসাবে আব্দেবকর ও ওমর ইসলাম ইতিহাসে চিরম্মরণীয় হইয়া আছেন। ওমরের পর খলিফা নির্বাচিত হন ওসমান। ইনি ৬৫৬ প্রশিটাবদ পর্যশত খলিফা ছিলেন। ই হাদের প্রধান দফতর বা রাজধানী ছিল মুদিনা। ওসমানের পর খলিফা হন আলী। উপরোক্ত চারিজন প্রথম চারিজন খলিফা নামে ইতিহাসে প্রসিশ্ধ।

আলী ছিলেন মহ মদের খুলতাত পুরু ও জামাতা। ধার্মিক, উদার ও স্থপণিডত হিসাবে আলীর খুবই স্থনাম ছিল। তাঁহার সময় হইতেই খলিফা পদ লইয়া আরবীয়দের মধ্যে গ্রহিবাদ শুরু হয়। সিরিয়ার শাসক মুয়াবিয়া আলীর বিরুদেধ বিদ্রোহ ঘোষণা করেন। শাশ্তিপ্রিয় আলী যুদ্ধ না করিয়া সশ্ধি করেন। কিম্তু মুয়াবিয়ার চ্কাশ্তে আলী নিহত হন।

আলীর ছিল দুই পুত্র—হাসান ও হোসেন। আলীর মৃত্যুর পুর তাঁহার জ্যোষ্ঠপত্র হাসান খলিফা হন। তিনিও ছিলেন পিতার মতোই পরম শান্তিপ্রিয়। মুয়াবিয়ার চক্রান্তে ও বিরোধিতায় তিনি খলিফা পদ ছাডিয়া দিতে বাধ্য হন। হাসান এই শর্ভে মুয়াবিয়াকে খলিফা পদে মানিয়া লন যে, মুয়াবিয়ার পর তাঁহার কনিণ্ঠ ভ্রাতা হোসেন খলিফা হইবেন। কিল্ডু মুয়াবিয়া ছব্তি ভশা করেন। মুয়াবিয়ার পত্র এজিদ বিষপ্রয়োগে হাসানকে হত্যা করেন এবং হোসেনও এজিদের চক্রান্তে কারবালা প্রাশ্তরে নির্মামভাবে নিহত হন। কারবালার কর্মণ ঘটনার পর মুসলমানগণ দুইটি সম্প্রদায়ে বিভক্ত হইয়া যায়। একটি সম্প্রদায় স্থলী এবং অপর্রটি শিয়া সম্প্রদায় নামে পরিচিত। এই শিয়া সম্প্রদায়ভক্ত ম্সলমানগণ কারবালার মর্ভুমিতে হোসেন ও তাঁহার সংগীগণের নিদার্ণ জলকণ্ট ও কর্ণ মৃত্যুকাহিনী স্মরণ করিয়া একটি পর পালন করে। এই পর্ব-ই মহরম নামে পরিচিত। মুয়াবিয়ার বংশের र्शालकाशन भूगावियात अ.व अ.त. हे अपायात नाम अन्माद हेमाया-বংশীয় খলিফা নামে পরিচিত। তাহাদের রাজধানী ছিল সিরিয়ার দালাস্কাস।

#### আব্বাসী পলিফাগণ

মুরাবিয়া-প্রতিষ্ঠিত উমায়া বংশের পতনের পর মহম্মদের এক পিতৃব্য আববাস-এর এক বংশধর ৭৫০ শ্রীন্টাবেদ খলিফা পদ লাভ করেন। পর্বেপরের আব্বাসের নামান্সারে এই বংশের নাম হয় আব্বাসী বংশ। এই বংশের শ্রিকাগণের সময়ে আরব সামাজ্য ও আরবীয় সভ্যতাসংস্কৃতি সর্বেচিচ শীর্ষে আরোহণ করে। আব্বাসী বংশীয় খলিফাদের রাজধানী ছিল বাগদাদ। এই বংশের পশুম খলিফাগণের মধ্যে সব্দ্রেষ্ঠ ছিলেন হার্ণ-অল-রাসদ (৭৮৬ শ্রীঃ)। খলিফা হার্ন-অল-রাসদ গল্প শ্রিতে খ্ব ভালবাসিতেন। এই গল্পগ্রিল সংগ্রহ করিয়া রাখা হইত।



এই স্থাবিষ্যাত গলপ-সংগ্রহই 'আরব্য-উপন্যাস' বা 'আরব্য রজনী'র গলপরপে প্রথিবীর সব'ন্ত আজিও সমাদর লাভ করিয়া থাকে। খলিফাদের আমলে যথেন্ট গ্রহিববাদ থাকিলেও আরবীয়দের দিগ্রিজ্ঞারে কোন ব্যাঘাত ঘটে নাই; কিংবা জ্ঞান-বিজ্ঞান, শিল্পচর্চা এবং ব্যবসায়-বাণিজ্যের অগ্রগতির পথেও কোন বাধা স্থিটি হয় নাই। বেল্ফিচ্ডান, তুকী'প্থান, পারস্যা, মেসোপটেমিয়া, আমেনিয়া, সিরিয়া, সাইপ্রাস, ক্রীট, বিসর, উত্তর আজিকা ও ভারতব্যের সিশ্ব, অঞ্চল প্রভৃতি দেশ লইয়া

গড়িয়া উঠিয়াছিল বিশাল ম্সেলিম সাম্রাজ্য। আব্বাসী থ্রে ইসলামের তরবারি আফ্রিকার মধ্য দিয়া ইউরোপের স্পেন পর্যশত প্রসারিত হইয়াছিল।

#### স্পেনে আরব রাজত্বঃ কর্ডোভা

দেশনে গথ সাম্রাজ্যের দ্রেবন্ধার স্থযোগ লইয়া আরবীয়গণ তথায় আরবীয় শাসনব্যকথা প্রতিষ্ঠা করিতে সক্ষম হয় এবং কালজমে সেখানে এক বিরাট সভ্যতা গড়িয়া তোলে। দেশনের আরবীয়দের বলা হইত মরে। তাহাদের রাজধানী ছিল কর্ডে।ভা। উমায়া-বংশীয় খলিফাদের পতনের প্রাক্তালে উমায়া-বংশীয় খলিফার এক পরে দেশনে পলায়ন করেন। দেখানে তিনি নিজেকে খলিফা বলিয়া ঘোষণা করেন। কর্ডে।ভা আরব সভ্যতাস্বংস্কৃতির প্রধান কেন্দ্র হইয়া উঠে। দেশনের আরবীয় শাসকগণ ছিলেন খ্রেই উদার ও উন্নত চরিত্রের। তাহাদের প্রজাদের মধ্যে বহু ধ্রণিটান ও ইহুদে ছিল। তাহারা নির্বিবাদে নিজ নিজ ধর্ম পালন করিতে পারিত। জনসাধারণের জন্য নির্মিত প্রশান্ত রাজপথ, বহু মসজিদ, বহু দনানাগার, ফোয়ারা-শোভিত মনোরম উদ্যানসমূহ প্রভৃতির মধ্যে আরবীয় সভ্যতার উৎকর্ষের পরিচয় পাওয়া যাইত। রাজকীয় প্রুতকাগার, বিশ্ববিদ্যালয়, শিলপচর্চার কেন্দ্র এবং বহু গ্রেণীজনের সমাবেশ মুর-শাসিত দেশনকে এক বিরাট সম্লিধশালী সংস্কৃতি-কেন্দ্রে পরিগ্রেছল। আর, ইহার প্রধান কেন্দ্র ছিল রাজধানী কর্ডোভা।

## ইসলামের আমলে ইউরোপীয়দের প্রতিক্রিয়া

আরববাহিনী দ্বার গতিতে অগ্রসর হইয়া এশিয়া ও আফ্রিকার বহর থথান জয় করিলেও ইউরোপে তাহাদের অভিযান বিশেষ সাফল্যলাভ করে নাই। আরববাহিনী বাইজাণ্টাইন সাম্রাজ্যের বহর অংশ অধিকার করিলেও তাহা আরববাহিনীর ইউরোপ-প্রবেশের পথে দ্বর্জয় বাধা ন্বর্মে ছিল। উত্তর আফ্রিকার জিল্লান্টার প্রণালী পার হইয়া তাহারা ইউরোপীয় ভূথতে প্রবেশ করিয়াছিল এবং দ্পেন জয় করিয়া ফ্রান্সের দিকে অগ্রসর হইতে থাকে। ঐ সময় ফ্রান্স ও জার্মানিতে জার্মান ফ্রান্ক উপজাতি একটি

শক্তিশালী রাজ্য গড়িয়া তুলিয়াছিল। ফা॰ক নেতা চার্লাস্থ্য মার্টেল ফ্রান্সে একটি যুদ্ধে আরবদের পরাজিত করেন। এইভাবে দক্ষিণ-পশ্চিম হইতেও ইউরোপে আরব অগ্রগতি প্রতিহত হয়। ফ্রাণ্ক-জাতীয় বিখ্যাত সম্রাট শালেশ্মান আরবদিগকে স্পোনের অধিকাংশ স্থানহইতেওবিতাড়িত করেন।

যাহা হউক, আরবীয়গণ ইউরোপে আধিপত্য বিদ্তারে ব্যর্থ হইলেও তাহারা দীর্ঘকাল ইউরোপীয়দের প্রতিবেশীয়পে ছিল। তাহাদের সভ্যতা-সংস্কৃতি ঐ যুগের ইউরোপীয়দের তুলনায় অনেক উন্নত ছিল। ক্রমেই আরবীয়দের সহিত ইউরোপীয়দের অসম্পর্ক গড়িয়া উঠে। সমার্ট শালেমান ও খলিফা হার্ন-অল-রসিদ পরম্পরকে শ্রন্ধা করিতেন। তাহাদের মধ্যে দতে বিনিময় ও সোহাদা প্রতিষ্ঠা হইয়াছিল। আরবীয়দের মাধ্যমেই গ্রীক ও ভারতীয় জ্ঞান-বিজ্ঞানের সহিত ঐ যুগের ইউরোপ প্রিচিত হইয়াছিল। আরবীয়দের মাধ্যমেই ব্রীক ও ভারতীয় জ্ঞান-বিজ্ঞানের সহিত ঐ যুগের ইউরোপ প্রিচিত হইয়াছিল। আরবীয়দের মাধ্যমেই ইউরোপীয়দের সংগও

মানবসভ্যতায় আরবীয়দের দান: কয়েকজন বিশ্যাত আরব-মনীধী

মানবসভাতায় আরবীয়দের দান অপরিসীম। মধ্যম্গের অজ্ঞানভার অশ্বকারের মধ্যে জ্ঞানের আলো জনালাইয়া রাখিয়াছিলেন আরবীয়গণ। প্রাচীন গ্রীস, পারস্য ও অন্যান্য প্রাচ্য সভ্যতার কেন্দ্রগালিতে যেসকল জ্ঞান-বিজ্ঞানের ঐতিহ্য স্থিত ইইয়াছিল, আরবীয়গণ তাহাকে বাঁচাইয়া রাখিয়াছিলেন এবং সম্পর্ধ করিয়াছিলেন। তাঁহারা অন্যান্য সভ্যতা হইতে যে-সকল সম্পদ আহরণ করিয়াছিলেন তাহার সহিত নিজেদের চিন্তা ও আবিন্কার মিলাইয়া দিয়াছিলেন। গ্রীক বিজ্ঞান, পার্রাসক দর্শন, হিন্দ্র গণিত প্রভৃতির সমন্বয়ে এক অভিনব চিন্তাধারার প্রবর্তন করিয়াছিলেন। প্রাচীন জ্ঞান-বিজ্ঞানকে নিজেদের প্রতিভার স্পর্দেশ এইর্পে সম্প্রধ করিয়া ভবিষ্যৎ মানবজাতির জন্য রাখিয়া গিয়াছিলেন। তাই প্রিবীর মান্ম আরবীয়দের নিকট চিরক্তজ্ঞ। আরবীয়গণ প্রাচ্য দেশের জ্ঞান-বিজ্ঞান ও কারিগার বিদ্যা সাদরে গ্রহণ করিয়া তাহার সম্পিদ্র সাধ্য করেন; এই সম্পদ্র পরবভা সময়ে লাভ করে ইউরোপ এবং এই

সংস্কৃতির উপর ভিত্তি করিয়াই পরবতী কালের ইউরোপীয় জ্ঞান-বিজ্ঞান গড়িয়া উঠে।

আরবীয় সভ্যতার প্রধান কেন্দ্র ছিল বাগদাদ ও কডোভা। মধ্যয়গে আরবীয় সভ্যতার ভাগ্যাকাশে উল্জবল নক্ষত্রের ন্যায় বিরাজ করিতেন বহন পিছিত ও মনীধীগণ। তাঁহাদের মধ্যে আল্কিন্দি, ইবন সিনা, ইবনে রোশেদ, আলতাবারী, ইবন খালদনে, আলবেরনী, ইবন বতুতা প্রভৃতির নাম উল্লেখযোগ্য।

মহাপণ্ডিত আলুকিন্দি দুশন, গণিত, চিকিংসা শাস্ত্র, জ্যোতিষ, সংগতি বিষয়ে প্রায় দুইশত গ্রুগু রচনা করিয়াছিলেন। পণ্ডিত ইব<mark>ন্</mark> সিনা ছিলেন দশ'ন ও চিকিংসা বিজ্ঞানে পারদশী'। তিনি বিভিন্ন বিষয়ে প্রায় একশত পত্নতক রচনা করিয়াছিলেন। ইব্**নে রোশেদ মত্নলমান** পণ্ডিতদের মধ্যে স্বচাইতে প্রসিন্ধ ছিলেন। ইউরোপে তিনি আভেররেরেয়েস্ নামে পরিচিত ছিলেন। তাঁহার জন্মস্থান কর্ডোভা। তিনি গ্রীক পণ্ডিত অ্যারিস্টলৈর গ্রন্থসমূহ আরবী ভাষায় অন্বাদ করেন। চিকিৎসা ও কাব্য বিষয়ে ভাঁহার অনেক রচনা আছে। আলতাবারী ঐতিহাসিক: তিনি একখণ্ড প্রথিবীর ইতিহাস রচনা করিয়াছিলেন। অপর একজন ঐতিহাসিক ইবন্ খালদনে। তাঁহার রচনার বৈশিষ্ট্য ভিন্নরপে। তিনি শ্ধ্র রাজ্য-বাদশাহের বংশ-পরিচয় ও যুদ্ধবিগ্রহের কথা লিখিয়াই ক্ষাম্ভ হন নাই ; সমাজে কিভাবে সামাজিক ও অর্থনৈতিক পরিবর্তন আসে তাহার উল্লেখ করিয়াছেন। পর্যটক আল্বের্নী গণিত, ভূগোল, জ্যোতিষ, পদার্থবিদ্যা, রসায়ন প্রভৃতি বিষয়ে বহু গ্রন্থ রচনা করিয়াছিলেন। তাঁহার রচিত 'তারিখ্-অল্-হিম্দু' নামক ভারতীয় ইতিহাস এক অমলো সম্পদ। ভারত পরিভ্রমণ করিবার পর তিনি এই গ্রন্থ রচনা করেন। আলবেরনীর ন্যায় ইবন্ বড়তাও বহাদিন ভারতবর্ষে ছিলেন। মহম্মদ বিন্তু ত্বলক তাঁহাকে কাজী নিয়ক্ত করিয়া-ছিলেন। প্য'টক ও ধম'প্রচারক ইবন বতুতা উত্তর আফ্রিকার অধিবাসী ছিলেন।

#### ঘটনাপঞ্জী

হজরত মহম্মদের জ্ব্য—৫৭০ ধ্রীঃ অঃ।
হজরত মহম্মদের মদিনাগমন—৬২২ ধ্রীঃ অঃ।
হজরত মহম্মদের মৃত্যু—৬৩২ ধ্রীঃ অঃ।
থলিফা আব্বেকরের মৃত্যু—৬৩৪ ধ্রীঃ অঃ।
থলিফা ওমরের মৃত্যু—৬৪৪ ধ্রীঃ অঃ।
থলিফা ওসমানের মৃত্যু—৬৫৬ ধ্রীঃ অঃ।
উমায়া-বংশের পতন—৭৫০ ধ্রীঃ অঃ।
থলিফা হার্ন-অল-রসিদ—জ্ব্যু ৭৬৬, মৃত্যু ৮০৯ ধ্রীঃ অঃ।
চাল্প্র মাটেলের হতে জাস্বে আরবদের পরাজ্য়—৭৩২ ধ্রীঃ অঃ।

# অনুশীলনী

## রচনাভিত্তিক প্রশ্ন

- ১। হজরত মহম্মদের আবিভাবের প্রেকার আরবদেশ ও আরব জাতি সম্পর্কে বাহা জান লিখ।
- ২। হঙ্গরত মহম্মদের জীবনী ও বাণী সংক্ষেপে লিখ।
- ৩। প্রথম তিনজন খলিফার অধীনে আরবদের সাম্রাজ্য বিঙ্গুারের কাহিনী লিখ।
- ৪। ইসলামের বিম্তারে ইউরোপে কির্পে প্রতিক্রিয়া হইয়াছিল বর্ণনা ক্র
- ৫। মানবসভাতায় আরবীয়দের দান সম্পর্কে ধাহা জান লিখ।
- ৬। কডেণভা কোথায় অবস্থিত ? মার বলিতে কি বাঝ ? কডেণভায় কিভাবে পাথক খলিফার রাজত্ব প্রতিষ্ঠিত হয় ? সভ্যতা-সংস্কৃতি বিষয়ে কডেণভার দান সম্পর্কে যাহা জান লিখ।

#### সংক্রিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

- ১। ইসলাম ধর্মের দ্রুত বিশ্তার লাভের কারণ কি ?
- হ। টীকা লিখঃ আল্কিন্দি; ইবন্ সিনা; ইব্নে রোশেদ; আল্বের্নী।

- ত। উমায়া-বংশীয় র্খলিফা এবং আন্বাসী-বংশীয় র্খলিফা কাহাদের বলা
  হয় ?
- ৪। মহরমের ঐতিহাসিক ঘটনার বিবরণ দাও।

## तिवास्तिक श्रम

বামদিকের যে কথাটির সহিত ডানদিকের যে উদ্ভিটি প্রধোজ্য তাহা ঠিক করিয়া সাজাইয়া লিখ—

(১) মহিনা

(১) আরবীয় প্রবিক।

(২) বেদ্যইন

- (২) একজন খলিফা।
- (৩) আলবের্নী
- (e) আফ্রিকাবাসী পর্যটক।

(৫) মুসলমানদের একটি সম্প্রদার।

- (৪) ইবন্ বতৃতা (৫) আবঃবকর
- (৪) একটি শহরের নাম।
- (৬) আলুকিন্দি ়
- ্ (৬) যাখাবর।
- (व) ইयन् थानम्न
- (a) আরবীয় ঐতিহাসি**ক**।

(৮) সুলী

(৮) একটি মুসলমানী **অ**ব্দ।

(৯) হিজরী

(৯) আরবীয় পণ্ডিত।

## সংক্ষিপ্ত বা মৌধিক প্রশ্ব

- ১। বেশ ইন কাহাদিগকে বলা হয়?
- ২। হজরত মহমদের জন্ম কোথায় হইরাছিল ?
- ৩। হজরত মহম্মদের পিতা, মাতা ও পিত্বোর নাম কি?
- ৪। "হিজরী' বলিতে কি ব্ৰা?
- ৫। योषनात नाम भर्त कि छिन ?
- ও। কত প্রীন্টানে হজরত মহম্মদের জন্ম ও মৃত্যু হইয়াছিল ?
- १। भूताविता तक छिलान ?
- ৮। মুয়াবিয়া কোন্ খলিফা বংশের প্রতিষ্ঠা করেন ?
- ১। আন্বাসী বংশের সর্বশ্রেষ্ঠ খলিফা কে ?
- ১০। इननामित नर्यक्षे धर्म शन्थ कि ?

#### শাল মাানের কাভিনী

যে-সকল জাম'ন উপজাতির আজমণে পশ্চিম রোম সাম্রাজ্যের পতন ঘটিয়াছিল তাহাদের মধ্যে ক্ষান্তকাণ একসময়ে খ্বই পরাক্রান্ত হইয়া উঠে। বর্তমান ক্ষান্স ও জামানির কতকাংশ লইয়া গঠিত ছিল এই ক্ষান্তরাজ্য। আমরা যে-সময়ের কথা বলিতেছি, তথন ক্ষান্তকাণ প্রশিষ্টধর্ম গ্রহণ করিয়াছিল। এই ক্ষান্তকাণের মধ্যে ক্রেন্ট সমাট ছিলেন শালাম্যান। ৭৬৮ প্রশিটাবেদ শালাম্যান ক্ষান্তদের রাজ্যা হন। এগিনহার্ড নামে শালাম্যানের একজন সচিব ছিলেন। তিনি শালাম্যানের একখন্ড জীবনী রচনা করিয়াছিলেন। এই ফ্ল্যোবান গ্রন্থ হইতে শালাম্যান স্বন্ধে আনেক কথা জানিতে পারা যায়।

শাল ম্যান ছিলেন দীঘ কায় ও বলিষ্ঠ। তাঁহার চুল ছিল সাদা, চোথ ছিল উন্ধান এবং নাক ছিল টিকালো। তিনি অসাধারণ শক্তিশালী ছিলেন; তরবারির এক আঘাতেই একটি অশ্বসহ অশ্বারোহীকে ধরাশায়ী করিতে পারিতেন। শাল ম্যানের পরিশ্রম করিবার ক্ষমতাও ছিল অসাধারণ। কি শীত, কি গ্রীন্ম— কি যদেধ, কি শান্তি, বিশ্রাম বলিয়া তাঁহার কিছন ছিল না। অবশ্যা, তিনি খ্বই মিশনকে ছিলেন, সর্বদা কর্মানারী ও অন্চরদের সহিত অবাধে মেলামেশা ও কৌতুক করিতেন। সকলকে লইয়া একসালে সাঁতার কাটিতে তিনি বড়ই ভালবাসিতেন।

ক্রাণ্কদের রীতি অনুসারে শার্লাম্যানের পোশাক ছিল আট-সাঁট।
তিনি সাধারণতঃ কোট ও রূপার কাজ করা মোজা পরিতেন; তাঁহার
কোমরে সর্বাদাই একটি বৃহৎ তলোয়ার থাকিত; তলোয়ারের হাতল ও
বংধনীতে ছিল সোনা ও রূপার স্থাদর কাজ। তাঁহার বাদামীরঙের একটি
প্রকাণ্ড ঘোড়া ছিল। এই ঘোড়ার পিঠে চড়িয়া শার্লাম্যান কমপক্ষে

ছুয়ালটি অভিযান করিয়াছিলেন। এই যুদ্ধ্যাত্রাসমূহ ভাঁহার থেয়াল বা শ্যের বিষয় ছিল না ; কিংবা শ্ধ্মাত্র রাজ্য জয় করিবার জন্যই তিনি এগর্নলি করেন নাই। রোম সাম্রাজ্য ভাঙিয়া গেলে সমগ্র ইউরোপে যে



শাল'মাান

বব'রতা ও অরাজকতা নামিয়া আসিয়াছিল, শাল'ম্যান চাহিয়াছিলেন ঐ অবস্থা দরে করিয়া দেশে শাশ্তি ও শৃত্থলা ফিরাইয়া আনিতে। শাল'ম্যানের এই অগণিত ঘ্ণেধর ফলশ্র,তি হিসাবে বর্তমান ফ্রান্স, বেলজিয়াম, হল্যা°ড, স্থইজারল্যা°ড, দেপন ও ইটালির উত্তরাংশ এবং জার্মানির অধিকাংশ অণ্ডল জন্তিয়া বিশাল ক্লাণ্ক সামাজ্য গড়িয়া উঠিয়াছিল।

জার্মানির উত্তর-পরে ছিল স্যাক্সন উপজাতির রাজ্য। স্যাক্সনরা শ্রীণ্টধর্মাবলন্বী ছিল না। দ্বের্ধ স্যাক্সনদের সহিত শালম্যান দীর্ঘকাল ধন্দধ করিয়াছিলেন। স্যাক্সনরা স্থযোগ পাইলেই বিচ্ছেই করিত। শেষ পর্যন্ত শালম্যান তাহাদের পরাজিত করেন এবং তাহাদের কঠোর হস্তে দমন করিয়া শ্রীণ্টধর্ম গ্রহণ করিতে বাধ্য করেন। শালম্যানের অপর ধন্দধগর্মলির মধ্যে লাবার্ড ও স্পেনীয়দের সহিত ধন্দধ বিশেষ উল্লেখযোগ্য। লাবার্ড নামে জার্মান উপজাতিদের রাজা ছিলেন ডেসিডেরিয়াস্ট।



শার্ল'ম্যান সিংহাসনে বসিবার কিছ্কোলের মধ্যেই ডেসিডেরিয়াস্ রোম অভিম্যে অভিযান করেন। রোমের পোপ ল'বার্ড'দের বাধা দিবার জন্য শার্ল'ম্যানকে অন্যোধ করেন। এই অন্যোধে সাড়া দিয়া শার্ল'ম্যান ডেসিডেরিয়াস্তে পরাজিত করিয়া নিজেই ল'বার্ড'দের রাজা হন।

ম্পেনের আরবীয়দের সহিত শার্ল ম্যানের যুদ্ধ ইতিহাস-প্রাসদ্ধ ঘটনা। ম্পেনের তথনকার স্থলতান আবদ্ধল রহমানের সহিত দেশের কতিপয় প্রধান ও প্রতিপত্তিশালী ব্যক্তির বিবাদ বাধিলে প্রধানের শাল'ম্যানকে দ্পেন আক্রমণ করিতে আমন্ত্রণ জানান। শাল'ম্যান এই यूर्याश গ্রহণ করিয়া সসৈনো দেপনের দিকে অগুসর হন। यूम्स हनाकाल শাল ম্যান সংবাদ পান যে স্যাক্সনরা বিদ্রোহ করিয়াছে। সৈনাসাম ত লইয়া শালুম্যান দেপন হইতে চলিয়া আসেন। ফিরিবার পথে এক বিরাট দুযোগ নামিয়া আদে। অধিকাংশ দৈনাসহ শাল'মান ইতিমধোই অগ্রসর হইয়া গিয়াছিলেন। সৈনাদলের শেষ অংশ যখন একটি গিরিপথের মধ্য দিয়া অগ্রসর হইতেছিল, তথন আরবীয়গণ তাহাদিগকে আক্রমণ করিয়া সম্পূর্ণ বিধন্তে করিয়া দেয়। শার্ল ম্যানের সৈন্যরা বীরত্বের সহিত যুদ্ধ কবিয়াও শেষ রক্ষা করিতে পারে না। এই শেষ দলে ছিলেন ইতিহাস-বিখ্যাত সেনাপতি শালমানের ভাতুপত্রে রোলাও। রোলাড খ্রই বীর্ত্বের সহিত যুদ্ধ করেন। তাঁহার বিখ্যাত তরবারি 'ভুরাশ্ডাল'-এর সাহায্যে রোলাণ্ড বহু শন্ত্রসৈন্য হত্যা করেন। শেষ পর্যশ্ত তিনি যুদ্ধক্ষেত্রেই প্রাণ দেন। শার্লম্যান সংবাদ পাইয়া যখন সংসন্যে যুদ্ধক্ষেত্র ফিরিয়া আসেন তখন সব শেষ। আরবীয়দের সহিত শালম্যান ও রোলাণ্ডের বীরত্বপূর্ণে যুদ্ধের কাহিনী লইয়া সেই ঘূগে একটি গীতিকাব্য বচিত হইয়াছিল। ইহার নাম 'সঙ-অব-রোলাণ্ড' বা রোলাণ্ড-গ**িত**। মধ্যয়ন্তে ইউরোপের চারণ কবিরা এই গীতি গ্রামে গ্রামে গাহিয়া বেডাইত।

শাল'ম্যান যখন প্রতিপত্তির চরম শিখরে, তখন রোমের পোপ ছিলেন
তৃতীয় লিও। ঘটনাচকে পোপের সহিত শাল'ম্যানের কথ্যে জন্মে।
মহামান্য পোপ তাঁহার শত্রদের হাতে নানা বিপদে পাঁড়য়া শাল'ম্যানের
আশ্রয় ভিক্ষা করিলে শাল'ম্যান তাঁহাকে বিপদ হইতে রক্ষা করিয়াছিলেন।
একবার শাল'ম্যান রোমে বেড়াইতে আসেন এবং সেন্ট পিটার্স গিজ'য়ে
প্রার্থ'না করিতে যান। প্রার্থ'নার পর পোপ লিও হঠাৎ তাঁহার মাখায়
মকুট পরাইয়া দিয়া, তাঁহাকে পবিত্র রোম সাম্রাজ্যের সম্রাট বলিয়া ঘোষণা
করেন। এই ঘটনার মধ্য দিয়া আবার পশ্চিম রোম সাম্রাজ্যের উল্ভব
হয়। যে জার্মান উপজাতিদের আক্রমণে রোম সাম্রাজ্য ধরুস হইয়াছিল,
সেই জার্মানদেরই একজন রাজা শাল'ম্যান আবার রোমের স্ম্যাট হইলেন।

প্রকৃতপক্ষে প্রাচীন রোমান সামাজ্যের সহিত এই পবিত্র রোম সামাজ্যের বিশেষ কোন সম্পর্ক ছিল না; পবিত্র রোম সামাজ্য আসলে ক্ষাণ্কদের সমাট শাল'ম্যানের প্রতিষ্ঠিত এক নতেন সামাজ্য । শাল'ম্যান রোম সমাট হইবার পর সামাজ্যের প্রাচীন গৌরব আবার ফিরাইয়া আনিবার চেন্টা করেন।

শার্ল ম্যান চাহিয়াছিলেন সমাটের শক্তি ও ধর্মের প্রভাবে সমস্ত প্রীন্টান জগতে ঐক্য স্থাপন করিতে। তাঁহার এই আন্তরিক প্রচেন্টা অনেকাংশে সফলতা লাভ করিলেও দীর্ঘস্থায়ী হয় নাই।

## অভিষেকের গুরুত্ব—রাষ্ট্র ও চার্চের সম্পর্ক

পাবের্ণ যেইসর সামাজ্য স্থাপিত হইয়াছিল, সেইসর সামাজ্যের সমাটগণ বাহারলে বা উত্তর্গাধিকার সাত্রে সমাট হইয়াছিলেন। কিন্তু শাল্পানা এবং পরে অটো পোপ কর্তৃক সমাট বলিয়া ঘোষিত হইয়াছিলেন। ফলে এই ধারণার সাখি হইয়াছিল যে, ই হাদের সমাট পদ রোমান চার্চের দান। তাই এখন সমাট প্রধান, না চার্চ প্রধান, তাহা লইয়া প্রশ্ন উঠিল। সমাট শাল্পান বা সমাট অটোর সময়ে এই প্রশ্ন তুলিবার সাহস চার্চের ছিল না। কিন্তু দর্বল সমাটদের সময়ে এই প্রশ্ন মাথাচাড়া দিয়া উঠিল।

মধ্যমণে যে সামত্তাশ্ত্রিক প্রথা ছিল, তাহাতে রাজা বা সম্রাটই দেশের সমস্ত ভূসম্পত্তির মালিক ছিলেন। আন্মাত্যের বিনিময়ে এই ভূসম্পত্তির চার্চকেও রাজা বা সম্রাটের নিকট হইতে গ্রহণ করিতে হইত। এদিক হইতে বিচার করিলে রাজা বা সম্রাট চার্চের প্রভূ। কিম্তু চার্চ সম্রাটকে অভিষিপ্ত করায় সম্রাট-পদ চার্চেরই দান হইয়াছিল। এদিক হইতে বিচার করিলে চার্চই সম্রাটের প্রভূ। এই স্বতঃবিরোধী অবস্থার ফলে রাণ্ট্র ও চার্টের প্রাধান্য লইয়া সম্রাট ও পোপদের মধ্যে প্রায়ই তীর বিরোধ দেখা দিত। কোন সম্রাট চার্চকে উপেক্ষা করিলে চার্চ তাঁহাকে ধর্মান্থাও ও সমাজচ্যুত ঘোষণা করিতে এবং সম্রাট ও তাঁহার প্রজারা ধর্মীয় আচার-অন্মণ্ডানের স্বযোগ হইতে বঞ্চিত হইতেন। সম্রাট সমাজচ্যুত ও ধর্মান্থাত ঘোষিত হওয়ায় শক্তিশালী সামশ্বরা সম্রাটের বিরুদ্ধে বিদ্রোহ

করিবার স্থযোগ পাইত। অন্যপক্ষে সম্রাট শক্তিশালী হইলে তিনি সসৈন্যে উপস্থিত হইয়া পোপকে বিভাজিত করিতেন। চার্চ কর্তৃক অভিষেকের ফলে রাষ্ট্র ও চার্চের মধ্যে এই দক্ষ দেখা দিয়াছিল এবং এই দক্ষ স্বদীর্ঘকাল স্থায়ী হইয়াছিল।

## রাজসভা ও নিল্ল-সাহিত্যের পৃষ্ঠপোষকভা

শালুমান জামানির আকেন শহরে নতেন রাজধানী স্থাপন করিয়াছিলেন। সেখানে তিনি জমকাল সব রাজপ্রাসাদ ও গিজা ইতাদি নিম্বাণ করান। তিনি নিজে ছিলেন নিরক্ষর: কিম্তু বিদ্যাচচার প্রতি তাঁহার অসীম অনুরোগ ছিল। তিনি নিজে গ্রীক ও লাাটিন ভাষায় লেখা বই পড়িতে শেখেন এবং লেখা শিখিতে চেষ্টা করেন। নিজের সাম্রাজ্যে জ্ঞানচর্চা প্রসারের জন্য দেশ-বিদেশ হইতে তিনি বিখ্যাত পণ্ডিতদের আন্ত্র্যন ক্রিয়াছিলেন। তখনকার দিনের ইউরোপের সর্বশ্রেষ্ঠ পণ্ডিত অ্যালকুইনকে তিনি নিজের প্রাম্শদাতা ও সভাপশ্ডিতের আসনে অধিষ্ঠিত করিয়াছিলেন। বিভিন্ন দেশ হইতে আগত পশ্চিতজনেরা শাল ম্যানের সামাজ্যের নানাম্থানে বিদ্যালয় ম্থাপন করেন এবং শাল ম্যান নিজেই রাজপ্রাসাদের মধ্যে একটি বিদ্যালয় স্থাপন করিয়াছিলেন। <u>সামাজ্যের মধ্যে কোথাও কোন প্রতিভাশালী ছাত্রের সম্থান পাইলে.</u> তাহাকে তিনি রাজ্ঞাসাদের বিদ্যালয়ে পড়িবার স্থযোগ দিতেন। তাহা ছাড়া বিভিন্ন গির্জা ও মঠগর্নলিতে বিদ্যালয় খোলা হইয়াছিল। এইর্পে শাল ম্যানের উৎসাহ ও প্রচেণ্টায় সেই যুগে ইউরোপে বিদ্যাচচার যথেণ্ট প্রসার সাধিত হয়। তিনি তাঁহার সামাজ্যে বহু স্বর্ম্য প্রাসাদ ও গীজা নিম'ণে করিয়া স্থাপত্য শিলেপর প্রুণ্ঠপোষকতা করেন। তাই ইউরোপের অন্ধকার যুগের প্রদীপ, শালম্যানকে সভ্যতা ও সংস্কৃতির রক্ষক ও বাহক হিসাবে ইতিহাসে গ্রেট বা মহান উপাধিতে ভূষিত করা হইয়া থাকে। শালম্যান শবেদর অর্থ মহান চালসে। ৮১৪ ধ্রীষ্টাবেদ শাল মাানের মত্যু হয় !

#### খ্রীষ্টান মঠ ও সম্ন্যাসীদের কথা

মধ্যয়তে প্রীন্টান সন্ত্যাসীদের মঠ সামাজিক সংগঠনে এক গ্রেছেপ্রে ভূমিকা পালন করিয়াছিল। এই মঠনিবাসী প্রীন্টানদের মধ্যে প্রেষ ও দ্ব্রী, দ্বই-ই ছিলেন। প্রেষদের বলা হইত 'মণ্ক' এবং দ্ব্রীদের বলা হইত 'নান'। প্রেষদের মঠকে মনস্টারি' এবং দ্ব্রীলোকদের মঠকে 'নানারি' বলা হইত। সন্ত্যাসীদের মঠের প্রধান অধ্যক্ষকে বলা হইত 'আ্যবট' বা 'প্রায়র'। সন্ত্যাসিনীদের মঠের অধ্যক্ষা 'অ্যাবেস' বা 'প্রায়রেস' নামে পরিচিতা ছিলেন। ই'হারা নিজেদের জীবনের কথা ভাবিতেন না। ই'হারা বিবাহও করিতেন না। আত্মত্যাগ, সেবা, দরিদ্রজীবন যাপন, শ্রেচিতা, ধর্মান্বেতিতা ও বিদ্যাচর্চার জন্য ই'হারা বিখ্যাত ছিলেন। শিষ্যদেরও ই'হারা নিজেদের আদশে শিক্ষিত করিয়া তুলিতেন। মধ্যযুগের ইউরোপের নানাস্থানে এইরপে অসংখ্য 'মনস্টারি' ও 'নানারি' গ্রিয়াছিল।

মঠনিবাসী সন্ন্যাসী এবং সন্ন্যাসিনীদের জীবন ও কার্যধারার দেখা যায়, ই\*হারা বিভিন্ন সম্প্রদায়ে বিভক্ত ছিলেন; যেমন— বেনিডিক্টন, সিন্টার্রাসয়ান, কার্রাথউসিয়ান প্রভৃতি। এই সম্প্রদায় গড়িয়া তোলেন, সেইটিই সর্বাপেক্ষা প্রাচীন ও বিখ্যাত। সেন্ট বেনিডিক্টর নামান্সারেই এই সম্প্রদায় বেনিডিক্টন সম্প্রদায় নামে পরিচিত। মধ্যযুগের নানাপ্রকার অনাচার ও ভোগ-বিলাসের মধ্যে ধার্মিক মান্য্রদের মনে কয়েকটি বিষয়ে চিম্তার উদয় হয়। তাঁহারা মনে করেন, এই অনিত্য সংসারজীবন ও ভোগ-বিলাস হইতে সম্পর্ণে দরের থাকিয়া কোন নিজনি স্থানে ভগবং-চিম্তার মধ্যেই প্রকৃত মাজি আছে। এই চিম্তা হইতেই ম্লেড মঠ-জীবনের স্ত্রপাত।

## নেন্ট বেনিভিক্ট

সেণ্ট বেনিডিক্ট ৪৮০ হইতে ৫৪৪ ধ্রণিটাব্দের মধ্যে জীবিত ছিলেন। বিতনি ইটালীর স্পোলেতো নামক স্থানে এক সম্ভাশ্ত পরিবারে জ্বনগ্রহণ করেন। তৎকালীন দ্বনীতি ও অনাচার তাঁহাকে ব্যাকুল করিয়া তুলো। যুবা বয়সে তিনি তাঁহার চারিপাশের্বর অনাচার হইতে দুরে রোমের সন্নিকটে অবস্থিত সাবিনা পাহাড়ে চলিয়া যান। তথায় তিনি প্রায় তিন



#### সেণ্ট বেনিডিক্ট ( একজন মঠসম্মাসী )

বংসর সাধ্যে জীবন পালন করেন। সাধ্য হিসাবে তাঁহার খ্যাতি ক্রমশঃ ছড়াইয়া পড়ে; বেশ কিছু, শিষ্য-সামশ্তও তিনি সংগ্রহ করিতে সক্ষম হন। অবশেষে নিজেদের নেতৃত্বেই একটি সম্প্রদায় গড়িয়া তোলেন এবং রোম ও নেপল্স্-এর মধ্যবতী 'মণ্টে ক্যাসিনো' নামক স্থানে নিজের মনস্টারি বা মঠ প্রতিষ্ঠা করেন। কালজমে 'মণ্টে ক্যাসিনো' মঠ সন্ন্যাসীদের ক্ষেত্রে পশ্চিম ইউরোপের প্রধান কেন্দ্র হিসাবে খ্যাতি লাভ করে। পরে বেনিডিক্টন সম্প্রদায়ের অসংখ্য মঠ গড়িয়া উঠিয়াছিল।

মণ্টে ক্যাদিনোর সম্যাসীদের সংযম ও স্থাপ জীবন যাপনের উদ্দেশ্যে
সেণ্টে বেনিডিক্ট কতকগর্নলি নিয়মকান্নের প্রবর্তন করেন। সম্যাসীদের
ছিল একটি নিজন্ব স্বয়ংশাসিত সংগ্রা—তাহার প্রধান ছিলেন অ্যাবট।
মনস্টারিতে প্রবেশকালে প্রত্যেককেই অ্যাবটের নিকট আন্গত্যের শপথ
গ্রহণ করিতে হইত। এক বংসর শিক্ষানবিসের জীবন অতিবাহিত করিয়া
সম্যাসীরা মলে মনস্টারিতে প্রবেশের স্বযোগ পাইতেন। ধনী, গরীব,
সম্ভাশ্ত কিংবা চাষী—সকল সম্প্রদায়ের লোকের নিকট মনস্টারি উন্মন্ত

ছিল। এইরপে প্রবেশলাভের পর সম্যাসীদের কঠোর শৃত্থলার মধ্যে জীবন যাপন করিতে হইত। সম্যাসীদের নিজস্ব কোন সম্পত্তি থাকিতেপারিত না। অ্যাবটের অনুমতি ভিন্ন সম্যাসীরা মনস্টারি বা মঠের বাহিরে যাইতে পারিতেন না; এমন কি গৃহ হইতে কোন পত্র ইত্যাদি গ্রহণ করাও নিষিদ্ধ ছিল। এই সকল নিয়ম অমান্য করিলে সম্যাসীদের শাস্তি দেওয়া হইত। শাস্তির মধ্যে ভংসনা, মিলিত প্রার্থনা-সভা হইতে বাদ দেওয়া, মনস্টারি হইতে বহিত্বার প্রভৃতি ছিল প্রধান। সেটে বেনিভিক্টের এই নিয়মাবলী সারা পশ্চিম ইউরোপে ব্যাপক প্রভাব বিস্ভার করিয়াছিল।


সেণ্ট বোনডিক্ট মঠ-জীবন ও বহিজী বনের মধ্যে একটি সীমা নিদি ভি
করিয়া দিতে চাহিয়াছিলেন। কাজেই একটি মনদ্টারি বা মঠকে তিনি সবদিক
হইতে দ্বয়ংসম্পূর্ণ করিয়া গড়িয়া তুলিতে চেল্টা করেন। অবশ্য কালক্রমে
এক-একটি মঠ সম্পূদে ও ঐশ্বর্থে বিপ্রলাকার ধারণ করে। এক-একটি
মঠের অধীনে বহু একর জ্ঞানি, অসংখ্য মঠবাসী, অপ্যাপ্ত সম্পূদ থাকিত।
চারিদিকে বিশাল দেওয়াল দিয়া ঘেরা এক-একটি মঠকে ছোটখাট শহরের
সহিত তুলনা করা চলিত।

মধ্যযুগে জ্ঞানের আলো জনলাইয়া রাখিয়াছিল এই দকল মঠ ও তাহার দল্লাদাগিণ। বিদ্যাচর্চা করিয়া, প্রানীয় শিষ্যদের শিক্ষাদান করিয়া, পার্জুলিপি রচনা ও অনুলিপি করিয়া তাঁহারা সভ্যতার অগ্রগতির ধারাকে রক্ষা করিয়াছিলেন। বিদ্যালয়ে তাঁহারা উভয়বিধ শিক্ষাদানই করিতেন। যাহারা পরবতী জীবনে যাজক বা দল্লাদাগী হইতে চাহিত অথবা যাহারা পাথি ব বিশেব কর্মবাদত জীবন যাপন করিতে ইচ্ছুকে, উভয় প্রকার মানুষই সেখানে শিক্ষালাভ করিতে পারিত। মনস্টারিগ্রলি প্রাচীন যুগের বিখ্যাত লেখকদের অমুল্য গ্রন্থেসমূহের অনুলিপি করিয়া তাহা সংরক্ষিত রাখিয়াছিল। নতুবা এই সকল অমুল্য সম্পদ চিরকালের জন্য বিনন্ট হইয়া যাইত। তাহা ছাড়া দমকালের গ্রেজ্বপূর্ণে ঘটনাসমূহের বিবরণও তাহারা রক্ষা করিবার ব্যবদ্ধা করিয়াছিল, যাহা হইতে মধ্যুয়ুগের ইতিহাদ দশ্বশ্বে অনেক কথা জানিতে পারা যায়। স্বোপরি

দরিদ্রের সেবা, রোগাঁর শ্মেষা প্রভৃতি কার্যাবলী সন্ন্যাসীরা পরম ভত্তিভরে আশ্তরিকতার সহিত পালন করিতেন। মানবসভ্যতা এবং মন্ষ্যুছের রক্ষক হিসাবে মঠবাসা সন্ম্যাসীদের কার্যাবলী প্রশংসার অপেক্ষা রাখে না।

## মঠগুলিকে তুর্নীতিমৃক্ত করার চেষ্টা—ক্লুনি

ক্রমে এই জাতীয় মঠগালিতে নানাপ্রকার দ্নীতি, বেআইনী অর্থ গ্রহণ ইত্যাদির ফলে এগালির পতন ঘটিতে শ্রুর করে। শ্রীদ্দীয় দশম শতাক্দীর প্রথম দিকে প্রেরায় এই মঠগালির ক্ষেত্রে এক সংস্কারম্খী



#### একটি আদশ মনস্টারির নক্ষা

(১) গির্জা। (২) নির্জন স্থান—উভয়দিকে সন্ন্যাসীদের গৃহ। (৩) ভোজনালয়।
(৪) শিক্ষানবিশদের আবাস কক্ষ ও চিকিৎসালয়। (৫) সন্ম্যাসীদের স্মাধি
স্থান। (৬) স্বজির বাগান। (৭) হাদ-ম্বর্গির আবাস। (৮) রম্মন্শালা,

বেকারি কারখানা, ভাশ্ডারকক্ষ ইত্যাদি। (৯) গবাদি পশ্রের আবাসম্পল। (১০) খামার গৃহ। (১১) বিদ্যালয়, অথিতিশালা, অনুনিপি করিবার কক্ষ ইত্যাদি।

আন্দোলন আরুত হয় । এই আন্দোলনের প্রধান কেন্দ্র ছিল প্রথম ডিউক উইলিয়ম প্রতিষ্ঠিত ফ্রান্সের বার্গান্ডীয় প্রদেশের ক্লুনি মঠ। মঠাধ্যক্ষ ওড়োর নেতৃত্বে এই আন্দোলন সফল আকার ধারণ করে। ডিউক নিজের এবং তাঁহার উত্তরাধিকারীদের সকল অধিকার ক্লুনি মঠের পক্ষে শেবচ্ছায় ত্যাগ করেন। ফলে, যে অভিজ্ঞাততন্ম অতীতে বহু, মঠের পতনের কারণ ছিল, তাহা হইতে ক্লুনি সম্পূর্ণ মুক্ত হয়। ওড়ো ক্লুনির

নিয়শ্বণের অশ্তর্গত মঠসমতে শৃল্খলার পরিবেশ আনয়ন করেন।
মঠাধাক্ষগণের ব্যক্তিগত গণোবলী এবং মজবৃত সংগঠনের মাধ্যমে ক্লনি
আচিরেই গৌরবের শীর্ষশ্যানে উঠে। এই ক্ষেত্রে পরবতী সময়ের মঠাধাক্ষগণের মধ্যে অ্যাভিলো এবং হিউ-এর অবদান উল্লেখযোগ্য। এই মঠের
অন্যতম সন্ন্যাসী হিল্ডেরাশ্ড পোপদের পরামর্শদাতারপে কাজ করিতেন
এবং তাঁহার চেন্টায় পোপগণ ক্লনি মঠের আদর্শ গ্রহণ করিয়াছিলেন।
পরে হিল্ডেরাণ্ড নিজে সপ্তম গ্রেগরি নামে পোপ হইয়াছিলেন। তাঁহার
সময়ে চার্চকে রাজা ও সমাটদের প্রাধান্য হইতে মন্তু করিবার প্রবল চেণ্টা
হইয়াছিল। চার্চের নির্দেশ অমান্য করায় সম্মাট চতুর্থ হেনরিকে ধর্মাছাত
ও সমাজন্তাত করিয়া এবং পরিশেষে অন্তপ্ত হইয়া চার্চের নিকট হানভাবে
মার্জানা ভিক্ষা করিতে তিনি বাধ্য করিয়াছিলেন। একাদেশ শতাবদীর
শেষদিকে ক্লনির নিয়শ্রণাধীন মঠের সংখ্যা ছিল প্রায় দুইশত।

## ইন্ভেক্টিচার বা আনুগভ্যের বিনিময়ে ভূপশান্তি লাভ

স্মাট, রাজা ও সামশ্তরণ চার্চকে আনুগত্যের শপথের বিনিময়ে ভূ-সম্পত্তি দান করিতেন। এইরপে চার্চ বিপ্লেল ধনসম্পত্তির অধিকারী হইয়াছিল। এই প্রথার দ্বারা সমাট, রাজা ও সামন্তর্গণের চার্চের উপর প্রাধান্য গ্র্থাপিত হইয়াছিল। ক্লুনি মঠের প্রেরণায় চার্চ এই প্রথার ঘোর বিরোধিতা করিতে থাকে এবং সমাট, রাজা ও সামশ্তর্গণের উপর নিজেদের প্রাধান্য ও শ্রেন্ঠত্ব গ্রাপনের চেন্টা করে। ফলে চার্চের সহিত রাণ্ট্রের বিরোধ চলিতে থাকে। বহু সমাট ও রাজাকে চার্চ সমাজ্যুত ও ধর্ম চ্যুত করে, আবার বহু শক্তিশালী সমাট পোপকে বাহুবলে বিভাড়িত করেন।

## मधायूरभत्र निका-विश्वविष्णालय ଓ मनीयीरमञ्ज कथा

মধ্যয়াগের ইউরোপে শিক্ষাবিশ্তারে বিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়গালের ভূমিকা উল্লেখযোগ্য। সাধারণতঃ প্রধান গিন্ধা ও মঠগালের নেতৃত্বেই এই বিদ্যাল্য হৈত। পরে সমার্ট শালাম্যান দেশে বহু, বিদ্যালয় প্রতিষ্ঠাকরিয়াছিলেন। এই জাতীয় বিদ্যালয় ছাড়াও আরও একপ্রকার

বিদ্যাচচ1র কেন্দ্র গড়িয়া উঠিয়াছিল ; সেইগর্নল রক্ষণাবেক্ষণ করিত শহরের গীন্ড বা বণিকসংঘ। পরে মধ্যয়তে বহু বিশ্ববিদ্যালয় গড়িয়া উঠিয়াছিল। এই সময়ে ইউরোপে বি<sup>\*</sup>ববিদ্যালয়ের সংখ্যা নিতাশ্ত কম ছিল না। বর্তমান যগেও কমপক্ষে পণ্ডাশটি বিশ্ববিদ্যালয় আছে যাহাদের সত্রপাত হইয়াছিল মধ্যয়গে। একাদশ ও দাদশ শতাবদীতে ইউরোপে শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে একটি জাগরণ আসে; আর, এই জাগরণের পদ্যতে আরবীয় সভ্যতার অবদান ছিল অনেকখানি। কোন কোন শিক্ষকের ব্যক্তিষের উপর নিভার করিয়া এক-একটি বিশ্ববিদ্যালয় গড়িয়া উঠিত। পণ্ডিত অ্যাবেলার্ড তাহার প্রকৃষ্ট উদাহরণ। যুবক অ্যাবেলার্ড এক সময়ে প্যারিসে আসিয়া নটরভাম গিজার বিদ্যালয়ে জনৈক শিক্ষকের বস্কুতা শ্নিতেছিলেন। সেখানে তিনি যান্তি-তর্কে শিক্ষককে পরাস্ত করেন। এই ঘটনায় অ্যাবেলার্ডের খ্যাতি ছড়াইয়া পড়ে এবং তিনি যথেণ্ট শিষ্য লাভ करतन । किन्द्रमिरनत मर्रभारे ज्यारिकार्र्डत विश्वविमानय भारत शरेश शास একটি গিন্ধার ছায়ায়। মধ্যয়ত্বের বিখ্যাত প্যারিস বিশ্ববিদ্যালয়ের সক্তনা এইভাবেই হইয়াছিল। কখনও কখনও কয়েকজন শিক্ষক মিলিয়া এইরপে বিশ্ববিদ্যালয় গঠন করিতেন। তাঁহাদের নিকট ছাত্ররা আসিয়া শিক্ষালাভ করিত: অব্যের অনেক সময় ছাত্ররা মিলিয়া বিশ্ববিদ্যালয় স্থাপন করিত এবং তাহারা বেতন দিয়া শিক্ষক নিয়ন্ত করিত। এইসকল প্রতিষ্ঠানে সকল দেশ হইতেই ছাত্র এবং শিক্ষক আসিয়া যোগদান করিতে পারিত।

মধ্যয়ংগের বিশ্ববিদ্যালয়গংলি খবে ব্যয়সাধ্য ছিল না; বড় বড় প্রেক্তকাগার, পরীক্ষাগার বা সংগ্রহশালার প্রয়োজন ছিল না। এমন কি চেয়ার, বেণি না থাকিলেও চলিত। মেঝেতে বসিয়াই ছাত্ররা শিক্ষালাভ করিত। মান্তায়েরের অভাবে মাল্যবান গ্রন্থের সংখ্যা ছিল খবেই কম; যাহাও বা ছিল তাহা অতি যত্নে স্বরক্ষিত অবস্থায় থাকিত। শিক্ষকগণ বস্তুতোর মাধ্যমে প্রধানতঃ শিক্ষা দিতেন। কথনও কখনও শিক্ষকেরা প্রেকত লইয়া ক্লাসে যাইতেন এবং জােরগলায় উহা পাঠ করিতেন। শিক্ষকগণের অধিকাংশই ছিলেন যাজক সম্প্রদায়ের লােক এবং ছাত্ররাও প্রধানতঃ যাজক হইবার উদেদশােই বিশ্ববিদ্যালয়ে প্রভিতে আসিত। গিজার

অধীনম্থ বিশ্ববিদ্যালয়গর্নলির ছাত্ররা কতকগর্নল বিশেষ স্থবিধা ভোগ করিত। যাজক হওয়ার স্থবাদে তাহাদের কর দিতে হইত না বা সৈন্য-বাহিনীতে যোগদান না করিলেও চলিত এবং তাহাদের বিচারও নিজম্ব সংগঠনেই হইত।

বিশ্ববিদ্যালয়গনিতে বিভিন্ন বিষয়ে শিক্ষা দেওয়া হইত; যেমন—
ব্যাকরণ, অলংকার, গণিত, জ্যামিতি, জ্যোতিষ, সংগীত, তক'শাদ্র, ধম'ীয়
তত্ত্তব, আইনশাদ্র, চিকিৎসা-বিজ্ঞান প্রভৃতি। এই যগে ইংলণ্ডের
অক্সফোড'ও কেশ্রিজ, ফাশ্সের প্যারিস, জাম'নির হাইডেলবাগ', ইটালির
বলোনিয়াও সালেনে'। এবং দেশনের কর্ডে'ভো বিশ্ববিদ্যালয় বিখ্যাত ছিল।
কোন কোন বিশ্ববিদ্যালয় আবার কোন বিশেষ বিদ্যার জন্য বিখ্যাত
ছিল; যেমন—ধর্ম'শাদ্রে প্যারিস, আইনশাদ্রে বলোনিয়াও চিকিৎসাবিদ্যায় সালেনে'র খ্যাতি ছিল।

মধ্যয়ংগের বিশিষ্ট মনীধীদের মধ্যে ফ্রান্সের পিটার অ্যাবেলার্ড', জার্ম'নির আলবার্ট'াস ম্যাগনাসং, ইটালির টমাসং একুইনাসং এবং ইংলন্ডের রোজার বেকন প্রভৃতির নাম প্রসিদ্ধ।

অ্যাবেলার্ড গ্রীকপণ্ডিত সক্রেটিসের মত ছাত্রদিগকে প্রশ্ন করিয়া তাহাদের চিন্তাশক্তির বিকাশ ঘটাইতে চেন্টা করিতেন। প্রচলিত ধর্ম'মতের তিনি ছিলেন বিরোধী। বিখ্যাত দার্শনিক অ্যাবেলার্ড তাঁহার রচিত একটি গ্রশ্থে যাক্তি-তকের সাহায্যে ধ্রন্টিধমের কতকগালি প্রচলিত সিন্ধাশেতর বিরোধিতা করায় যাজকগণ তাঁহাকে ঐ গ্রন্থথানি তাঁহার নিজের হাতে পাড়াইতে বাধ্য করিয়াছিলেন। অ্যাবেলার্ড চিন্তার ক্ষেত্রে হ্বাধীনতার পাজারী ছিলেন।

আলবার্টাস্ ম্যাগনাস্ ছিলেন বৈজ্ঞানিক। বাইবেলের প্রচলিত রীতিনীতির কথা না মানিয়া তিনি বিজ্ঞানের ক্ষেত্রে গাছপালা বা পশ্-পক্ষীর দেহের উপর নানাপ্রকার পরীক্ষা-নিরীক্ষা চালাইতে শ্বের করেন। গোঁড়া প্রীন্টানগণ ব্যাভাবিকভাবেই তাঁহার উপর ক্লেপ্ত হইয়া তাঁহাকে নাহিতক বলিয়া ঘ্ণা করিতে আরভ করে।

ম্যাগনাসের প্রিয় শিধ্য ছিলেন টমাস্ একুইনাস্। মধ্যযুগ ছিল

বিশ্বাসের যগে; কিন্তু একুইনাস্ প্রচার করেন যে, ধর্ম কেবল বিশ্বাসের উপরই প্রতিষ্ঠিত নহে, যাঞ্জির উপরও উহা সমানভাবেই প্রতিষ্ঠিত। তিনি আরও প্রচার করেন যে, সত্য জানিতে হইলে যাঞ্জি এবং বিশ্বাস উভয়েরই সাহায্য লওয়া দরকার।

রোজার বেকন ছিলেন একজন মঠবাসী সন্ত্যাসী। রোজার বেকন
মনে করিতেন—প্রকৃত সত্য জানিতে হইলে প্রাকৃতিক ঘটনাগর্নল পর্যবেক্ষণ
ও পরীক্ষা করিয়া দেখা দরকার। তিনি নিজেও বহু বৈজ্ঞানিক বিষয়
লইয়া গবেষণা করিয়াছিলেন। চার্চ তাঁহাকে তাঁহার স্বাধীন চিশ্তার জন্য
চৌদ্দ বংসর কারাদশ্যে দণ্ডিত করিয়াছিল।

#### ঘটনাপঞ্জী

দেও বেনিডিক্ট—আঃ ৪৮০—৫৪৪ খ্রীঃ অঃ
শাল ম্যানের সিংহাসন লাভ—৭৬৮ খ্রীঃ অঃ
শাল ম্যানেক পোপ কতৃকি সমাট বলিয়া ঘোষণা—৮০০ খ্রীঃ অঃ
শাল ম্যানের মৃত্যু —৮১৪ খ্রীঃ অঃ
পিটার অ্যাবেলার্ড —১০৭৯—১১৪২ খ্রীঃ অঃ
আলবার্ট সি, ম্যাগনাস —১১৩৯—১২৮০ খ্রীঃ অঃ
টমাস একুইনাস —১২২৫—১২৭৫ খ্রীঃ অঃ
রোজার বেকন—আঃ ১২১০—১২৯৩ খ্রীঃ অঃ



#### রচনাভিত্তিক প্রশ্ব

- ১। শালম্যানের রাজ্যলাভ ও রাজ্যবিশ্তার সম্পর্কে যাহা জান লিখ।
- শার্লম্যান শব্দের অর্থ কি? শার্লম্যানের নামের সার্থকিতার সমর্থনে বৃত্তি দাও।
- ত। প্রতিন মঠগর্নলর উম্ভব কিভাবে ঘটিয়াছিল ? প্রতিন মঠগর্নলর সংগঠন ও গরের্ভপূর্ণ ভূমিকার বিবরণ দাও।
- ৪। সেণ্ট বেনিভিক্ট সম্পর্কে যাহা জান লিখ।
- দেও বেনিডিই প্রতিষ্ঠিত মঠ ও সম্প্রদায় কি নামে পরিচিত? সেও
  বেনিডিই তাঁহার মঠগালের জন্য কি কি আদর্শ ব্যবস্থা ও নিয়ম
  প্রবর্তন করিয়াছিলেন?

- ৬। জুনি মঠ সম্পকে বাহা জান লিখ।
- ৭। মধ্যয়ের বিদ্যাচর্চা ও বিশ্ববিদ্যালয়সম্ভের প্রতিত্ঠা সম্পর্কে বাহা
   জান লিখ।
- ৮। মধ্যয়ংগের কয়েকটি বিখ্যাত বিশ্ববিদ্যালয়, শিক্ষণীয় বিষয় ও
   কয়েকজন স্থবিখ্যাত পণ্ডিতের বিষয়ে সংক্ষেপে লিখ।

#### সংক্ষিপ্ত রচনাভিত্তিক প্রশ্ন

- ১। টীকা লিখঃ অ্যাবেলার্ড: টমাস একুইনাস্; রোজার বেকন।
- ২। ইন্ভেন্টিচার বলিতে কি ব্ঝ?
- পোপ কর্তৃক সমাটদের অভিষিত্ত করায় রা৽ট্র ও চার্চের স্পর্ক কির্প হইয়াছিল ?
- ৪। 'রোলাণ্ড-গাঁতি' বলিতে কি ব্ৰুঝ ? বৈৰ্বা ক্লিক প্ৰশ্ব

বশ্বনীর মধ্য হইতে সঠিক শব্দটি বাছিয়া লইয়া শ্ন্যুম্থান প্রেণ কর ঃ—

- ১। ফ্রাম্ক্রের সর্বশ্রেষ্ঠ সম্লাট ছিলেন ( শাল্ম্যান/রোলাল্ড )।
- ২। শার্লম্যানের একজন সচিব ছিলেন (ট্রাস একুইনাস/ এগিনহার্ড')।
- ৩। সন্ন্যাসীদের মঠের অধ্যক্ষকে বলা হয় —— ( অ্যাবট/অ্যাবেস )।
- ৪। প্রীষ্টান পরুর্ষদের মঠকে বলা হয় —— ( নানারি/মনস্টারি )।
- ৫। ব্রুনি মঠের প্রতিষ্ঠা করেন —— (ডিউক উইলিয়ম/ওডো)।
- ৬। মধ্যয**়গে চিকিৎসাবিদ্যা শিক্ষার জন্য বিখ্যাত ছিল** —— (বলোনিয়া/সালেনের্বা) বিশ্ববিদ্যালয়।

## **সংক্ষिश्च वा सोधिक अन्त**

- ১। ফ্রান্কদের সর্বপ্রেণ্ঠ সম্রাট কে ছিলেন ?
- ২। এগিনহার্ড কে ছিলেন ?
- ৩। শাল'ন্যান কত প্রশিষ্টাশের চার্চ' কর্তৃক সন্তাট রূপে ঘোষিত হন ?
- ৪। রোলা'ড কে ছিলেন ?
- ৫। সেণ্ট বেনিডিক্ট প্রবতিত মঠ ও সম্প্রদায়ের নাম কি ?
- ७। रिम्हर्डाण कि नास रिभा रहेशाहितन ?
- ৭। মধাষ্ণে কোন্ বিশ্ববিদ্যালয় আইন শিক্ষার জন্য বিশ্বাত ছিল ?
- ৮। মধ্যবংগে কোন্ বিশ্ববিদ্যালয় ধর্মশাস্ত শিক্ষার জন্য বিখ্যাত ছিল ?
- ৯। মধ্যম্পে কোন্ বিশ্ববিদ্যালয় চিকিৎসাবিদ্যা শিক্ষার জন্য বিখ্যাত ছিল ?
- So । রুনি মঠ কোথায় অবি<sup>9</sup>থত ছিল ?

#### সা যন্ততন্ত্ৰ

বাংলায় যাহাকে 'সাম-ততন্ত্র' বলা হয়, ইংরেজীতে তাহাকে বলা হয় ফিউড্যালিজমে'। ফিউড্যালিজমে শব্দটি 'ফিউড্' শব্দ হইতে আসিয়াছে। 'ফিউড' শব্দের মলে অর্থ আন্মগত্যের বিনিময়ে প্রাপ্ত ভূ-সম্পত্তির এভাবে প্রাপ্ত ভূ-সম্পত্তির মালিককে বলা হয় 'ফিউড্যাল'লড্' বা সামন্ত-প্রভূ। যে সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ব্যবস্থায় সামন্ত-প্রভূদের প্রাধান্য বা আধিপত্য থাকে, তাহাকে 'সামন্ততন্ত্র' বলে।

## ভূমি ও মানুষে মানুষে সম্পর্ক

বর্বর জাতিসম্হের আন্তমণের ফলে রোম সামাজ্য ভাঙিয়া পাড়লে দেশে অরাজকতা দেখা দেয়। শত্রের আন্তমণে মান্ধের জীবন ও ধন-সম্পত্তির নিরাপত্তা ও নিশ্চয়তা বিপন্ন হইয়া পড়ে। এই অবস্থায় মান্ম জীবন ও ধনসম্পত্তির নিরাপত্তা ও নিশ্চয়তা রক্ষার আশায় ন্বাধীনতা বিসর্জন দিয়া ন্থানীয় বীর-প্রেমদের শরণাপন্ন হয়। ঐসব বীরপ্রেম আন্গত্তার বিনিময়ে মান্ধের জীবন ও ধনসম্পত্তির প্রতিশ্রুতি দিলেও তাঁহারা নিজেরাও নিরাপদ ছিলেন না। তাই তাঁহারা অপেক্ষাকৃত শক্তিশালী ব্যক্তির শরণাপন্ন হইতেন। এইভাবে শতরে ন্তরে বিভিন্ন সামশ্ত-শ্রেণী গড়িয়া উঠিয়াছিল।

এই ব্যাপারটি ষেমন নিচের দিক হইতে উপরের দিকে ঘটিয়াছিল, তেমনি সামত-শ্রেণীর দতর বিন্যাস উপর হইতেও নিচের দিকে ঘটিয়াছিল। কোনও শক্তিশালী বীর স্থাবিশাল অঞ্চল বা রাজ্য জয় করিলে তাহা তিনি তাহার প্রধান সহযোগীদের মধ্যে আন্থাত্যের বিনিময়ে বর্তন করিয়া দিতেন। ঐসব প্রধান সহযোগী হইতেন প্রধান সামত-প্রভু। তাঁহারা আবার আন্থাত্যের বিনিময়ে প্রাপ্ত ভূ-সম্পত্তিকে তাঁহাদের প্রধান

অন্যামীদের মধ্যে ভাগ করিয়া দিতেন। এইভাবে দেশে নিচ হইতে উপরের দিকে এবং উপর হইতে নিচের দিকে সাম\*ত-শ্রেণীর উদ্ভব হইয়াছিল।

সাম তরাই জমির মালিক ছিলেন। তাঁহারা ঐ জমি সাধারণ মান্ধের মধ্যে বিতরণ করিয়া দিতেন। সাধারণ মান্ধ তখন জমিতে অধিকার পাইয়াছিল সত্য, কিম্তু ঐ জমি ত্যাগ করিবার অধিকার তাহারা হারাইয়াছিল। এইভাবে তাহারা ভূমিদাসে পরিণত হইয়াছিল।

#### সামস্ত ভোণীর স্তর-বিদ্যাস

সামশততাশ্ত্রিক ব্যবস্থায় সকলের উপরে ছিলেন রাজা। তিনি ছিলেন সামশত শ্রেণী ও জনসাধারণ, সকলের প্রভু। রাজাই ছিলেন দেশের সমসত ভূ-সম্পত্তির মালিক। ঈশ্বরের নিকট হইতেই তিনি ঐ ভূ-সম্পত্তি লাভ করিয়াছেন, মনে করা হইত। প্রধান সামশতরা আন্ব্রুগড়া, রাজকর ও ব্রুপ্রকালে সাহায্যদানের অল্গীকার করিয়া রাজার নিকট হইতে ভূ-সম্পত্তি লাভ করিতেন। ঐসব প্রধান সামশত আবার আন্ব্রুগড়া, কর ও ব্রুপ্রকালে সাহায্যদানের প্রতিশ্রুগতির বিনিময়ে নিয়তরশ্রেণীর সামশতকে ভূ-সম্পত্তি দান করিতেন। ঐইভাবে সামশতশ্রেণীর সতর-বিন্যাস করা হইত। ফলে সামশত-তশ্ত্রে একই ব্যক্তি উধর্বতন সামশত বা রাজার ভ্যামাল বা অন্ত্রুগত ব্যক্তিরা লড বা প্রভুর নিকট নতজান, হইয়া আন্ত্রুগ, কর ও ব্রুপ্রকালে সাহায্যদানের অল্গীকার করিয়া ভূ-সম্পত্তি লাভ করিতেন। ফলে সামশতরা একাধারে ছিলেন অন্ত্রুগত ব্যক্তি ও প্রভু। উধর্বতন সামশত বা রাজার সাহতে আন্তর্য এবং নিয়তর সামশত বা

ভ্যামাল বা অন্পত সামশ্তরা তাঁহার 'লড' বা প্রভুকে কেবল কর ও সামরিক সাহায্যই দিতেন না, তাঁহারা প্রভুর দরবারে উপন্থিত হইতেন, প্রয়োজন হইলে প্রভুকে পরামশ' দিতেন, প্রভু শত্রহণ্ডে বন্দী হইলে ম্বিস্তুপণ দিয়া প্রভুকে মৃত্তু করিতেন, প্রভু-কন্যার বিবাহে উপযুক্ত যৌতুক দিতেন, প্রভূ-প্রের 'নাইট' হইবার উৎসবে অর্থ যোগাইতেন। সামশ্ত-প্রভুরা ভ্যামালদের বিপদে রক্ষা করিতেন, ভ্যামালদের প্রেকে নিজ পরিবারে রাখিয়া 'নাইট' হইবার উপযুক্ত শিক্ষা দিতেন।

সাম\*ততাশ্ত্রিক সমাজে সাম\*তরা নানা স্তরে বিভন্ত ছিলেন। প্রধান সাম\*ত-প্রভুরা ডিউক, আর্চাডিউক, প্রি\*স প্রভৃতি আখ্যা পাইতেন। নিম্নতর স্তরের নাইটরা আলা, কাউণ্ট, ব্যারন, ব্যারনেট প্রভৃতি উপাধিতে ভূষিত হইতেন।


## জনসাধারণের জীবনে সামন্তদের প্রভূত্ব

দেশের শাসন-বাবন্থার উচ্চতম শিখরে রাজা থাকিলেও তিনি রাজকর্মচারী ও সৈন্যবাহিনীর সাহায্যে দেশ-শাসন করিতেন না। সামশ্তরাই
নিজ নিজ এলাকায় প্রভুত্ব করিতেন। তাঁহারা নিজেরাই আইন করিতেন,
সেই আইনে বিচার করিতেন। তাঁহাদের গৃহ-ভবনে আদালত বিসত।
সামশ্ত-প্রভু বা তাঁহার কর্মচারীরা বিচার করিতেন। সামশ্তরা তাঁহাদের
ভূ-সম্পত্তি ও চাষ-আবাদ দেখাশোনা ও শাশ্ত-শ্থেলা রক্ষার জন্য
কর্মচারী রাখিতেন। সামশ্তদের বহু জ্মিদারি থাকিত। কর্মচারীরা
তাঁহাদের প্রতিনিধিরপ্রে ঐসব জ্মিদারি দেখাশোনা করিত।

নিজ নিজ এলাকায় শাসন, আইন-শ্ভখলা রক্ষা প্রভৃতির দায়িত্ব ছিল সামশতদের। শন্ত্রর আজমণ প্রতিরোধ ও দস্ত্য-তদ্করের হাত হইতে রক্ষার দায়িত্বও ছিল তাঁহাদের। প্রতি জমিদারিতে সামশতদের স্বরক্ষিত বাসভবন থাকিত। সামশতদের জমিদারিকে বলা হইত 'ম্যানর', এজন্য ঐসব বাসভবনকে বলা হইত 'ম্যানর-হাউস'। ম্যানরগ্রলি অতিশয় স্বরক্ষিত ছিল। তাই ঐগ্রলি 'ক্যাস্ল্' বা প্রাসাদ-দ্বর্গ নামেও পরিচিত ছিল। মধ্যযুগে এইসব প্রাসাদ-দ্বর্গ অতিশয় গ্রহত্বপূর্ণে ছিল।

# মধ্যযুগে ক্যাস্ল্ বা প্রাসাদ-তুর্গের ভূমিকা

মধ্যয়েরে সামশ্ত-প্রভূদের বাসভবন বা প্রাসাদ-দ্বর্গগালির একটি বিশেষ ভূমিকা ছিল। সামশ্ত-প্রভূরা এইসব প্রাসাদ-দ্বর্গে থাকিতেন এবং জমিদারি শাসন করিতেন। প্রাথমিক ক্ষেত্রে নিরাপত্তার খাতিরেই এই জাতীয় প্রাসাদ-দর্গ নিমিতি হইত। গ্রামের শ্রেষ্ঠ স্থানটিই এইজন্য বাছিয়া লওয়া হইত। পরবতী সময়ে আরও নিরাপত্তার প্রয়োজনে উ'ছ পাহাড়ের উপর, কোন দ্বীপে কিবো জলার্ছুমির মধ্যস্থানে নিমিতি হইত এই সকল প্রাসাদ-দর্গ। স্মউচ্চিপরে, দেওয়াল দিয়া এগর্মল ঘেরা থাকিত। চারিদিকে থাকিত জলপর্শে গভীর খাত। তাহার উপর সেতু দারা যোগসত্রে থাকিত। সেতুটিকে ইচ্ছামত উঠানো ও নামানো যাইত এবং সেই সেতুটিই প্রয়োজনমতো বাহিরের জগৎ ও



মধ্যয**্গে**র প্রাসাদ-দুর্গ

প্রাসাদের সহিত যোগাযোগ রক্ষা করিত। প্রাসাদগন্লি পাথরের তৈয়ারী ও খবে জমকাল ছিল। প্রাসাদ-দ্বর্গ গন্তি শত্রর আক্রমণ প্রতিরোধের উপয়ত্ত করিয়া প্রদত্ত ছিল। শত্রর আক্রমণকালে প্রাসাদ-দ্বর্গ গন্তিল অনেক সময় প্রজাদেরও আশ্রয়দ্পল হইয়া উঠিত। সেই য়৻গ মশালই ছিল আলোর প্রধান বন্দোবহত। শত্রর আক্রমণের ভয়ে প্রাসাদের দরজা ও জানালার সংখ্যা ছিল নগণ্য। তাই প্রাসাদের অভ্যশতর সর্বদাই অন্ধকার ও প্রমথমে থাকিত। অবশ্য ঘরের দেওয়ালে নানাপ্রকার নক্শা করা স্থশ্যর স্থশ্যর পর্দার ব্যবহথা থাকিত। ঘরের সংখ্যা খবে একটা বেশী থাকিত না; কয়েকটি শয়ন ঘর এবং মাঝখানে একটা বিরাট হলঘর থাকিত। সেখানে মাঝে মাঝে বিরাট ভাজের আয়োজন হইত। হাস্য-কৌতুক, নাচ-গান প্রভৃতি ছিল সামশত-প্রভুদের আমোদ-প্রমোদের উপকরণ।

সামশত-প্রভুরা পশমের পোশাক পরিধান করিতেন এবং থাওয়া-দাওয়ার ব্যাপারে ছিল এলাহী কাশ্ড। ঘাঁড়, হরিণ, শুয়োর প্রভৃতি পশ্ধ ওঠনানা রকম পক্ষী প্রায় আশতই রালা হইত। কাঁটা-চামচের ব্যবহার না থাকিলেও আগ্গলেও কাঠের চামচের সাহায্যেই খাওয়া-দাওয়া হইত। আমোদ-প্রমোদের মধ্যে অপর একটি বিষয় ছিল শিকার করা; সামশত-প্রভূ ও তাঁহাদের ছেলেরা শিকার খ্বই পছশদ করিতেন।

## यसायुर्ग वर्मावृङ अचारताहोत्मत्र जूमिका-नाहिहत्मत्र काहिनी

তিনি ভারতব্যের সময় বৌদ্ধতীথ সমূহ দ শ ন করিতে এবং এখানকার বৌদ্ধ পর্নথিপত্র সংগ্রহ করিতে মনস্থ ভারতবর্যের করেন এবং **छे**एन्म्रिगा যাগ্ৰ করেন ( ৬২৯ খ্রীঃ )। পথে বহ করিয়া বাধা-বিদ্ৰ অতিক্রম তিনি গোবি মর্ভুমি পার হন এবং তুক'নে, কুচি প্রভৃতি **फि**या ভিতর রাজ্যের তিয়েনশান পর্বতে আসিয়া পে'ছান। মর্ভুমির দার্ণ উত্তাপ ও অসংখ্য বাধা অতিক্রম করিয়া তিনি এইবার প্রচণ্ড শীত ও পর্বতের তুষারপাতের কবলে পড়েন। কোনমতে পর্বত পার হইয়া তুকী স্তানে উপস্থিত হন। সেখান হইতে সমর্কন্দ এবং সমর্কন্দ হইতে বহলীক দেশ এবং অবশেষে অতিক্রম প্ব'ত হিম্দ্ৰকুশ করিয়া খাইবার গিরিপথ দিয়া ভারতব্যে প্রবেশ করেন। এখানে তিনি দীর্ঘল, প্রায় অতিবাহিত रहोनम বংসর, ভারতের বহ করেন । পরিদশ ন, বৌ দধ ম ঠ ব্ৰধ্বেবের জন্মম্থান দশনি, বহু, ভারতীয় ভাষা শিক্ষালাভ



হিউরেন সাং-এর ভারত আগমন

সমাপন করিয়া বহু বৌশ্বধর্মগ্রন্থ এবং প্রশ্বিপন্ত্র সহ তিনি নবদেশে ফিরিয়া যান (৬৪৫ ধ্রীঃ)। ফিরিবার প্রথেও তিনি নানাপ্রকার বিপদের সম্ম্রীন হইয়াছিলেন। দেশে ফিরিলে সমাট তাই স্কং তাঁহাকে সাদরে অভ্যর্থনা জানাইলেন। হিউয়েন সাং দীর্ঘ ২০ বংসর ধরিয়া ভারতীয় গ্রন্থসমহে চীন ভাষায় অনুবাদ করেন এবং মৃত্যুর পর্বে তাঁহার অমণবৃত্তাম্ব প্রেকালারে লিখিয়া যান। হিউয়েন সাং-এর অনুরোধে সমাট তাই স্কং ভারতীয় সমাট হর্ষবর্ধনের রাজসভায় দতে প্রেরণ করিয়াছিলেন। হিউয়েন সাং-এর ভারত হইতে প্রত্যাবর্তনের পরে চীনদেশের সহিত ভারতের ঘনিষ্ঠতা আরও বৃদ্ধি পায়; ভারতীয় সভ্যতার সহিত চীনদেশের সভ্যতার সংযোগের ফলে উভয় দেশ নানাভাবে উপকৃত হয়। ভারতীয় চিকিৎসাবিজ্ঞান, জ্যোতিষশাদ্র, সংগীতশাদ্র, নানাপ্রকার কুটিরশিলেপর উৎপাদন-প্রণালী প্রভৃতি চীনদেশে প্রচলিত হয়; পক্ষাম্বতরে চীনদেশের প্রাচীন উৎকৃষ্ট সাহিত্য ও কাগজ নির্মাণ প্রণালী ভারতবর্ষে প্রচলিত হয়।

## স্থং বংশের রাজত্বকাল ( ১৬০ গ্রীষ্টাব্দ—১২৮০ গ্রীষ্টাব্দ)

তাং বংশের পতনের পর চীনদেশে প্রনরায় অনৈক্য ও বিশ্ভখলা দেখা দেয়। তাং বংশের পতনের প্রায় পণ্ডাশ বছর পরে স্থং বংশের অধীনে চীন প্রনরায় ঐক্যবন্ধ ও শক্তিশালী হইয়া উঠে। ৯৬০ প্রণ্টাবেদ চাও-ফুয়াং-ঈন্ এই রাজবংশের প্রতিষ্ঠা করেন। সায়াজ্যের অর্থনৈতিক ভিত্তি ও শাসনক্ষমতা স্ক্রসংবদ্ধ করিবার জন্য স্থং স্থাটগণ কতকগর্নল সংস্কার সাধন করিয়াছিলেন। যেমন—

- (১) সরকারের উদ্যোগে পতিত জমি বর্ণনৈ এবং উন্নত জলসেচের ব্যবস্থা। (২) জমিদার ও স্থদখোরদের হাত হইতে চাষীদের নিংকৃতি দেওয়ার জন্য চাষীদের সরকারী ঋণদানের ব্যবস্থা। উৎপন্ন ফসলের জামিনে শতকরা ২০ ভাগ স্থদে ছয় মাসের জন্য ঋণ দেওয়ার বশোবস্ত।
- ত) চাষীদের মাঠের কাজের সময় নিদি'

  করিয়া দেওয়।
- (৪) সরকারী সম্ভাশ্ত পরিবারগালের অতিরিক্ত স্থযোগ-স্থবিধা হ্রাস ।

(৫) সম্ভাশ্ত পরিবারগালি এবং জমিদারেরা যাহাতে তাহাদের ভূস্পত্তির হিসাবে কারছিপ করিতে না পারে এবং সরকারের আয় যাহাতে ব্লিখ পায় —তাই সমস্ত জমি জরিপ করিয়া আয় অনুপাতে খাজনা ধার্য করা হয়। ফলে, সম্ভাশ্ত পরিবার ও জমিদারগণ এই খাজনার আওতায় আসে, তাহাদের খাজনা হইতে নিম্কৃতি দেওয়া হয় না। (৬) বড় বড় ব্যবসায়ীরা যাহাতে দ্রব্য-সামগ্রীর বাজারকে সম্পূর্ণ নিয়ম্ব্রণ করিতে না পারে, সেদিকে লক্ষ্য রাখার ব্যবস্থা গ্রহণ করা হয়। বাজারে বখন প্রচুর শস্য ও নানাবিধ পণ্য আমদানি হইত সরকার তখন নিজন্ব উদ্যোগে ন্যায্য দরে পণ্য-সামগ্রী কিনিয়া রাখিত এবং অভাবের সময় সেইগর্যল ন্যায্য দরে পণ্য-সামগ্রী কিনিয়া রাখিত এবং অভাবের সময় সেইগর্যল ন্যায্য দরে পণ্য-সামগ্রী কিনয়া রাখিত এবং অভাবের সময় সেইগর্যল ন্যায্য দরে পণ্য এবং সরকারী পদস্থ কর্মচারীদের পরিবার, জমিদার ও বণিক সম্প্রদায়-গর্যলকে কিছয়টা নিয়ম্ব্রণ করা সম্ভব হয় । সরকারের আয়ও য়থেতট ব্রদিধ পায় । এই ব্যবস্থা বেশীদিন রক্ষা করা সম্ভব হয় নাই । স্বাভাবিক কারণেই সরকারী পদস্থ কর্মচারী ও জমিদারগণ এই ন্তন বিধিসমহের বিরোধিতা করিয়া আসিতেছিল এবং সম্রাট চেন্-স্বং এবং এই নবিধি-

সমতের জনক ওয়াং-আন্-শী-এর মৃত্যুর পর এই বাবন্ধারও প্রকৃতপক্ষে মৃত্যু হয়।

স্থং বংশের রাজ্থকালে শিক্ষা-সংস্কৃতির

যথেণ্ট অগ্রগতি সাধিত হয়। এই যুগে গদ্যসাহিত্যের প্রসার লক্ষ্য করিবার মতো।
আরবীয়গণের সহিত ব্যবসায়-বাণিজ্যের
যোগাযোগের ফলে চীনাগণ আরবীয় সভ্যভার
সংস্পর্শে আসে এবং জ্ঞান-বিজ্ঞানের প্রসার

যটে। স্থং রাজ্ঞ্জের মধ্যলগ্নে মুদ্রুজিগতে
ব্যাপক অগ্রগতি হয় এবং কেন্দ্রীয় সরকার,
স্থানীয় সরকার, এমন কি ব্যক্তিগত উদ্যোগে
প্রুতক ছাপাইবার ব্যবস্থা হয়। এই সময়ে



স্থং যুগে নিমিতি চীনামাটির পাচ

চীনে বার্দের ব্যবহার শ্রে হয়। চীনবাসীরা বাঁশের খোলে বার্দের

সাহায্যে এক ধরনের আর্গেনয়ান্ত ব্যবহার করিতে শিথিয়াছিল। এই অন্তর্টিকে বন্দকের পরেপিরেষ বলা চলে।

## ইউয়ান যুগ ( ১২৮০ খ্রীঃ—১৩৬৮ খ্রীঃ )

ইউয়ান যুগের চীনদেশের ইতিহাস মূলতঃ মূপোলদের ইতিহাস। এই মণ্গোলদের প্রাচীন ইতিহাস বিশেষ-কিছ্ব জানা যায় না। মধ্য এশিয়ার পরে প্রাম্ভে এই যাযাবর জাতির আদি বাসভূমি ছিল। তাহারা তাঁবতে বাস করিত এবং সংগ্র থাকিত পশ্রে পাল। পশ্পালনই ছিল তাহাদের প্রধান উপজাবিকা। মাংস ও ঘোড়ার দ্বে ছিল ভাহাদের প্রধান খাদ্য। তীর-ধনকে লইয়া তাহারা সাধারণতঃ যদেধ করিত। তাহাদের তীরের সম্মে কাহারও দাঁড়াইবার সাধ্য ছিল না। মণ্গোলরা বদকের ব্যবহারও শিখিয়াছিল। শিকার ও ধন্দধ করা ছিল তাহাদের নিত্যকার ঘটনা। ইহাদের দলপতিদের উপাধি ছিল 'খান'। কিম্ছু ইহারা ম্<mark>স</mark>লমান ছিল না। মপোলরা উশ্মন্ত নীল আকাশের আরাধনা করিত। তাহারা প্রথমে ছিল দ্বলি ও পরাধীন। কিন্ নামে শক্তিশালী এক ভাতার জাতি তাহাদের উপর কর্তৃত্ব করিত। কিন্তু মশ্যোল সদার চেন্গিস খানের সময় হইতে মণ্গোলদের অবস্থার পরিবর্তন হয়। চেণ্গিসের পর্বে নাম তেম্কিন। মণ্গোলদের একটি দ্বর্ধর্ধ সামরিক জ্বাতিতে পরিণত করাই ছিল তাঁহার একমাত্র লক্ষ্য। ১২১৪ ধ্রীণ্টাব্দে চেণিসদ খান কিন্দের হটাইয়া দিয়া উত্তর চীনের পিকিং দখল করেন। চে<sup>6</sup>গদ খান যেথানেই গিয়াছেন, দেখানেই ভাগিয়া-চুরিয়া, জনলাইয়া-শোড়াইয়া সব বিধ*্*গত করিয়া দিয়াছেন। কত মান্বের প্রাণ যে তাঁহার আক্রমণে বিনণ্ট হইয়াছে, তাহার সামা-সংখ্যা নাই। ফা-প্রেব, শিশ্-ব্দধ কেহই তাঁহার হাত হইতে নিস্তার পায় নাই ; ঘরবাড়ি, মসজিদ, গ্রন্থাগার কিছ,ই তিনি বাদ দেন নাই। তাঁহার আক্রমণে সভ্যতার অপরেণীয় ক্ষতি হইয়াছে সন্দেহ নাই। চেণ্গিস খানের সাম্রাজ্য পরের্ব প্রশাশ্ত মহাসাগর হইতে পশ্চিমে কুষ্ণসাগর প্য'শ্ত বিশ্তৃত ছিল।

চেণ্গিদ খানের মৃত্যুর পর মন্গোলদের প্রধান হন ওগদাই খান। তাঁহার মৃত্যুর পর মণ্গ্র খান মণ্গোলদের নেতৃত্ব গ্রহণ করেন। সেই সময় মণ্গ্র খান তাঁহার এক ভ্রাতা কুবলাই খানকে চীনদেশের প্রধান শাসনকতী নিযুক্ত করেন। কুবলাই খানের নেতৃত্বে ক্রমশঃ সমগ্র চীনদেশ মণ্গোলদের অধিকারে আসে ৷ এইভাবে পরেণিকে মণ্গোলরা চীনের সভাতার দারা প্রভাবিত হয়। ম<sup>া</sup>গ্রে খানের মৃত্যুর পর কুবলাই খান প্রধান খানের পদ লাভ করেন (১২৫৯ খীঃ)। তিনি মজ্গোলদের প্রধান রাজ্ধানী কারাকোর।ম হইতে পিকিং-এ স্থানাশ্তরিত করেন। কুবলাই খান চীনদেশটিকে বড়ই ভালবাসিতেন। তিনি চীনদেশকে তাঁহার সাম্রাজ্যের কেন্দ্র করিয়া

তোলেন। সায়াজ্যের অন্যান্য অংশের প্রতি তাঁহার বিশেষ কোন দৃষ্টি ছিল না। ফলে, ঐসব অংশের শাসনকতাগণ একরপে দ্বাধীন-ভাবেই রাজত্ব করিতে থাকেন, যদিও তাঁহারা কুবলাই খানকে সমাট বলিয়া দ্বীকার করিতেন। কুবলাই খান তাঁহার রাজত্বে কাগজের নোটের প্রচলন ও ডাক চলাচলের স্থবন্দোবস্ত করিয়া খাতি অর্জন করেন। তিব্বতে বহু প্রাচীন কাল হইতেই



কুবলাই খান


বৌশ্বধর্ম প্রচলিত ছিল। কিশ্তু অন্যান্য অঞ্চলের বৌশ্বধর্ম হইতে ইহা প্রেক। তিব্বতীদের দীর্ঘাদনের রীতিনীতি, বিভিন্ন প্রথা ও নানা প্রকার মশ্রতশ্র বৌদ্ধধমের সহিত যক্তে হইয়া একটি নিজ্ঞ্ব বিশেষ ধ্রনের বৌদ্ধধর্ম মত তথায় প্রচলিত হয়। কুবলাই খান চীনদেশে তাঁহার রাজ্জ্যে বৌদ্ধধম'মত প্রচলন করেন এবং একজন যাবক বৌদ্ধসন্মাসী 'লামা'-কে তিব্বতের যুবরাজের পদে অভিষিত্ত করেন। তখন হইতে তিব্বতীবা 'লামা'কে তাহাদের রাজা ও প্রধান ধর্ম'গরের হিসাবে গণ্য করিতে

#### মার্কো পোলোর কাহিনী

ইটালীয় পরিবাজক মার্কো পোলোর ভ্রমণকাহিনী হইতে সম্রাট কুবলাই থান ও তাঁহার সাম্রাজ্যের অনেক কথা জানিতে পারা যায়। মার্কো পোলো দীর্ঘকাল কুবলাই থানের সাম্রাজ্যে ছিলেন; এমন কি এক সময়ে তিনি হ্যাংচাও-এর শাসনকর্তাও ছিলেন। তাঁহার ভ্রমণকাহিনী মধ্যযুগের একটি শ্রেণ্ঠ গ্রন্থ। মার্কো পোলো ছিলেন ইটালির ভোনিসের অধিবাসী। একবার ভোনিসের সহিত ইটালির জেনোয়া শহরের যুদ্ধ হইয়াছিল। এই যুদ্ধে মার্কো পোলো বন্দী হইয়াছিলেন। কারাগারে তিনি তাঁহার ভ্রমণ-কথা একজন সহ-বন্দীকে বলিয়াছিলেন। সহবন্দী তাঁহার ভ্রমণব্জান্তটি লিখিয়া রাথেন। পরে ইহা মার্কো পোলোর ভ্রমণব্জান্ত নামে প্রচারিত হয় এবং সমগ্র ইউরোপে চাঞ্চল্যের স্থিট করে।

নিকোলো পোলো এবং মাফিও পোলো নামে দুইভাই একবার বাণিজ্য উ<mark>পলক্ষে বোখারায় যান। তথা</mark>য় কুবলাই খানের দ্বতের সহিত তাঁহাদের আলাপ হয়। তিনি দুইজনকে কুবলাই খানের দরবারে যাওয়ার জন্য অনুরোধ করেন। এই অন্রেরোধে সাড়া দিয়া দ্ইভাই কুবলাই খানের রাজধানীতে আসিয়া রাজদরবারে যান। কুবলাই খান তাঁহাদের নিকট হইতে ধ্রীণ্টান-ধর্ম সন্বদেধ নানা কথা শ্রনিয়া মৃগ্ধ হন এবং শ্রীন্টানধর্ম সন্পকে জানিতে উৎস্বক হন। এই উদেদশ্যে তিনি পোলো ভাইদের ইউরোপে পাঠাইয়া দেন এবং তাঁহাদের মাধ্যমে মহামান্য পোপকে অন্বোধ জানান একশত প্রীন্টান পণ্ডিতকে তাঁহার দরবারে পাঠাইবার জন্য। প্রীন্টান পণ্ডিতেরা এত দরেে আসিতে রাজী না হওয়ায়, দ্বই বৎসর পরে পোলো ভাইয়েরা দ্রেজন প্রতিটান সন্ন্যাসীকে সত্থে লইয়া পর্নরায় চীন্যাত্রা করেন। এইবার নিকোলো পোলোর পত্ত সভেরো বংসরের মাকেণি পোলোও সংগে আসেন। মার্কোকে কুবলাই খান খ্রুব পছম্দ করিতেন। মার্কোও আসিবার পথেই মণ্ডোল ভাষা শিখিয়া লইয়াছিলেন। কুবলাই খান মাকে'াকে নানা সরকারী কাজের দায়িত্ব দিয়াছিলেন এবং অবশেষে হ্যাংচাও শহরের শাসনকর্তা নিয়ক্ত করেন। ষোল বংসর চীনদেশে থাকিবার পর পোলো তিনজনই দেশে ফিরিবার জন্য কাতর হইয়া উঠেন। কিম্তু কুবলাই খান

তাঁহাদের ছাড়িতে চাহিলেন না। এমন সময়ে একটি স্থযোগ উপ্পিছত হইল। পারস্যের একজন মণ্ডোল শাসনকর্তার সহিত চীনের এক



রাজকুমারীর বিবাহ দিথর হয়। রাজকুমারীকে পারস্যে লইয়া যাইবার ভার পড়ে পোলো তিনজনের উপর। চীনের এক বন্দর হইতে যাত্রা করিয়া মাঃ সঃ (VII)—৭

স্থমাত্রা, ভারতবর্ষ ইত্যাদি দেশ হইয়া দুই বংসরে তাঁহারা পারস্যে উপস্থিত হন এবং সেখান হইতে কনস্টান্টিনোপল হইয়া নিজের দেশে ফিরিয়া যান। মাগোলজাতীয় পোশাক পরিয়া থাকায় তাঁহাদের আত্মীয়-স্বজন ও বংখ্য-বাংখবরা তাঁহাদের চিনিতে পারে নাই। তাঁহাদের স্পেগ ছিল মহামাল্য মণি-মাণিক্য, হীরা, পালা ও জহরত। এইসব দেখিয়া তাহারা পরে বিংবাস করিতে শ্রু করে এবং পোশাক খালিবার পর আত্মীয়-স্বজন তাঁহাদের চিনিতে পারে।

মার্কো পোলোর ভ্রমণকাহিনী ইইতে সেইয্গের চীনদেশ সম্পর্কে অনেক কথা জানিতে পারা যায়। সেইয্গের চীন ছিল একটি অতিশয় সম্পিশ্রশালী দেশ। অন্দর অন্দর উদ্যান, আঙ্রেরর খামার ছিল দেশের সর্বন্ত। প্রতি রাস্তার ধারে সরাইখানা ছিল; ছোট বড় শহরগ্রিল মান্বেরের চলাফেরায় এবং কাজকর্মে মুখারত থাকিত। বহু বৌল্ধমঠ ও বিহার নানা প্রাম্তে গড়িয়া উঠিয়াছিল। রাজধানী ও রাজদরবারের জাঁকজমক ছিল খ্রই। তাঁহার ভ্রমণ-ব্তাম্ভে জাপান, রহ্মদেশ ও ভারতবর্ষ সম্বশ্ধেও অনেক কথা জানা যায়। জাপানের রাজারা সোনার প্রাসাদে বাস করিতেন, রহ্মদেশের রাজার ছিল অর্গণিত হাতি। হাতির পিঠে চড়িয়া তাঁহারা যুন্ধ করিতেন। ভারতবর্ষ সম্বশ্ধেও তিনি বহু কথা লিখিয়াছেন। ভারতবর্ষ ছিল একটি সম্দিধশালী দেশ। সেখানে প্রছর গোলমারিস, আদা এবং উষধি গাছ পাওয়া যাইত। সেখানে মার্কেণ ভারতীয় সম্ব্যাসী বা সাধ্বদের দেখিয়াছিলেন। এই সকল সাধ্বদের পরমায়, ছিল দেড়শত বংসর। দক্ষিণ ভারতের এক শক্তিশালিনী রানীর কথাও তাঁহার বিবরণীতে পাওয়া যায়।

### মধাযুগে জাপান

#### জাপান

চীনের উত্তর-পরের্ব প্রশাশ্ত মহাসাগরে চারটি বড় ও কয়েক হাজার ছোট ছোট দীপ লইয়া জাপান দেশটি গঠিত। ইহা প্রাচীনকালে ইয়ামাতো নামে পরিচিত ছিল। পরে তাং সম্লাট উহাকে 'স্বযোদয়ের মহান রাজ্য' আখ্যা দেন। ঐ অ্যখ্যা হইতে 'দাই নিপ্পন' ও দাই নিপ্পন হইতে জাপান নামের উৎপত্তি।

## মধ্যযুগের জাপানে সমাজ ও অর্থনীতি

প্রাচীন কাল হইতে জাপানে আইন, নামে এক উপজাতি বাস করিত।
পরে এখানে মশ্যোল জাতীয় লোক এবং অন্যান্য এশীয়রা আসিয়া বাস
করিতে থাকে। ইহাদের সংমিশ্রণে জাপানী জাতির উল্ভব হয়।

জাপানীরা মলেতঃ মণ্ডোল জাতির লোক। তাহারা বহু দলে বা গোণ্ঠীতে বিভক্ত ছিল। গোণ্ঠী নেতৃষ্বের মধ্য হইতেই ধীরে ধীরে উল্ভব হইয়াছিল বংশপরশ্বায় এক-একটি অভিজাত পরিবার। বন্ধ শতাবদীর শেষদিকে দেখা দেয় রাজকীয় পরিবার বা মিকাডো-র আবিভাব। বিদেশীদের নিকট এই রাজকীয় পরিবারের প্রধান মিকাডো নামে পরিচিত ছিলেন। মিকাডোর অধীনদ্য লোকেরা তাঁহাকে সম্রাটের মর্যাদা দিত। তাঁহাকে তাহারা ঈশ্বরের অংশ বলিয়াই মনে করিত; তাহারা মনে করিত স্বেদিবী আমাতেরায় প্রমিকামির নিদেশে সম্রাটগণ মতেও শাসন করিবার জন্য আসিয়াছেন। শ্বাভাবিকভাবেই সাধারণ লোকেরা তাঁহাকে ভয়, ভক্তি ও শ্রশ্বা করিত। তাঁহাকে সিংহাসনত্যত করিয়া সম্রাট হইবার কথা কেহ কল্পনাও করিত না।

উৎপাদন ও সামাজিক সংগঠনগৃহলি ছিল প্রেরাপ্রির সামশ্ততান্ত্রিক।

বণ্ঠ শতাবদী হইতে বংশপরশপরায় রাজপরিবারের হাতে বিধিসম্মত ক্ষমতা

থাকিলেও প্রকৃত ক্ষমতা ছিল ভূ-সম্পত্তির মালিক সম্ভাশত পরিবারবর্গ,
পদম্থ সরকারী কর্মচারী এবং অন্চরদের হাতে। ইহারা ছিল স্পবিধাভোগী শ্রেণী। ইহাদের কর দিতে হইত না। ইহারা যথেন্ট ক্ষমতাশালী

হইলেও রাজপরিবারকে উচ্ছেদ করিবার চেন্টা করে নাই। তাহারা

সম্লাটের উপর প্রভাব বিশ্তার করিয়াই তৃপ্ত ছিল।

ষণ্ঠ শতাব্দীতে চীনের সহিত জাপানের যোগাযোগ বহলে পরিমাণে বৃদ্ধি পায়। ভাষার ক্ষেত্রে জাপানে হরফের প্রচলন ছিল না। জাপানীরা চীনদেশ হইতে ইহা গ্রহণ করে। ওয়ানি নামে একজন কোরীয় পণ্ডিত ইয়ামাতো রাজপরিবারের শিক্ষক ছিলেন। তাঁহার চেন্টায় তথায় চীন-দেশের ভাষা রাজভাষা হিসাবে প্রচালত হয় এবং চীনদেশের বৌদধধর্ম ও রাজধর্ম রূপে দ্বীকৃত হয়। ইয়ামাতো রাজ্য হইতে বহুলোক জ্ঞান আশেবরণে চীনদেশে যান এবং তথায় শিক্ষা অর্জন করিয়া দ্বদেশে ফিরিয়া আসেন। এইভাবে জাপানে শিক্ষা-সংশ্কৃতি, ধর্ম, রাজ্মীয় ব্যবস্থা প্রভৃতি বিষয়ে চীনদেশের প্রভাব বৃদিধ পায়। চীনদেশের তাং যুগের অয়্রগতির ধারা ইয়ামাতো রাজত্বে প্রসারিত হয়। জমে তথায় চীনদেশের অনুকরণে নানাবিধ সংস্কার সাধনের কাজ চলে। চীনের রাজধানী চাংআন্তর অনুকরণে নাকেন নগর নারা প্রতিষ্ঠিত হয়। ইয়ামাতো রাজ্যের খ্যায়ী রাজধানী নারা জাপানে নাতন যুগের সাচনা করে, উহাকে নারা যুগে বলা হয়। চীনদেশের রীতিনীতি ব্যাপকভাবে জাপানে প্রচলন হইতে শ্রের করে; তথায় বৌদধধ্যের ব্যাপক প্রসার লক্ষ্য করা যায় এবং রাজ্মীয় ও অথানৈতিক ব্যবস্থা চীনের আদলে গাড়য়া উঠিতে শ্রের করে। অবশ্যা, জাপানে বৌদধধ্যের পাশাপাশি জাপানের আদিধ্যা সিন্টো (দেবতার পথ)-ও প্রচলিত থাকে।

নারা যাগের জাপান প্রাচীন বংশান্দ্রমিক অভিজাত সম্প্রদায়ের শাসনের নিদর্শন। কিম্পু কয়েকটি কারণে ই'হাদের শাসন দীর্ঘদ্যায়ী হয় নাই। বংশান্দ্রমিক পরিবারতদ্রের প্রতি তাঁহাদের আন্গত্য এবং প্রাতি এতই প্রবল ছিল যে তাঁহারা এমন এক শ্রেণীর আমলাতদ্রের স্থিতি করিতে পারেন নাই, যে আমলারা প্রকৃতপক্ষে রাষ্ট্রীয় প্রধানের স্বার্থে একটি ঐক্যবন্ধ রাষ্ট্রগঠনে সাহায্য এবং কেম্দ্রীয় শান্তর প্রতিপত্তি রক্ষা করিবেন। উপরম্পু নানা যাগের সম্লাটরা ক্রমে সরকারী আমলাদের উপর নিভারশীল হইয়া পাড়লেন। ফলে, ভূসম্পত্তি ও চাষীদের নিয়ম্ত্রণ করিবার প্রকৃত ক্ষমতা চলিয়া যায় স্থানীয় প্রতিপত্তিশালী জমিদারগালির হাতে। এই জমিদার পরিবারগালির সহিত পদাধ্য সরকারী কর্মচারীদের সম্প্রকা বেশ ভালই ছিল; কারণ, তাহাদের স্বার্থ ও ছিল অভিন্ন। ভাহারা চাহিতেছিল, তাহাদের পদের সহিত প্রাপ্ত জমিদারিগালিও যাহাতে বংশান্দ্রমিক সম্পত্তিতে রপোম্বারত হয়। উভয়ের চাপে কেম্দ্রীয়

রাজশক্তি দুর্বল হইয়া শড়ে এবং প্রকৃত ক্ষমতা ফুজিওয়ারা নামক জমিদার পরিবারের হাতে চলিয়া যায়। ফুজিওয়ারা পরিবার প্রকৃতপক্ষে পদম্প সরকারী কর্মচারী ও ম্থানীয় ভূ-সম্পত্তির মালিকদের দারা প্রভাবিত পরিবার। এই সময় হইতেই জাপানে হেইয়ান যুগের ( ধ্রীষ্ট্রীয় নবম হইতে একাদশ শতাবদীর প্রথম ভাগ ) শুরু হয়।

হেইয়ান যাগের প্রথম দিকে রাজশান্তর উপর বৌদ্ধমঠগানির প্রভাব থাবই ছিল। রাজকীয় পরিবার এই অবদ্ধায় জাপানী সিনটো পারোহিতদের সহায়তায় অবদ্ধার পরিবর্তন করিতে চেন্টা করেন। রাজধানী পরিবর্তি হয় কিয়োটা নামক দ্ধানে। সিনটো পারোহিতদের সমর্থানে ধমাীয় ব্যবদ্ধায় পরিবর্তন আসে। বৌদ্ধধর্মা জাপানী সিনটো-ধর্মের সহিত সম্পর্ক দ্থাপন করার ফলে ধর্মীয় রীতিনীতি এরপভাবে পরিবর্তিত হয় যে, তথন তাহা আর চীনদেশের বৌদ্ধধর্মা না হইয়া জাপানী বৌদ্ধধর্মো পরিবত হয়। রাণ্ট্রীয় ও সামাজিক সংগঠনের অন্যান্য ক্ষেত্রেও এই নীতিটি গ্রহণ করা হয়। চীনদেশের আনকরণ করিয়াও জাপান ক্রমে ক্রমে স্বকিছরে মধ্যে নিজের দেশের রীতিনীতি ও বৈশিষ্ট্য অক্ষান রাখিবার চেন্টা করে। যেমন—সরকারী কর্মচারী নিয়োগের ব্যাপারে চীনদেশের অনাকরণে পরীক্ষা পদর্ধতি চালা করে; কিন্তু নিয়োগের ক্ষেত্রে বংশপরম্পরা পরিবারগালিই গার্ম্ব পায়। ফলে কেন্দ্রশাসিত সকল অংশ হইতে আগত রাজভক্ত আমলাশ্রেণী গড়িয়া উঠিতে পারে না।

জমি বিলি-বশ্দোবশ্ভের ক্ষেত্রে পর্বেবভী যুগের গ্রুটিপূর্ণ ব্যবস্থার কুকল দেখা দিতে শরে করে: অ-কর্ষিত জমিতে চাষ আরুভ করিবার ফলে এই অবস্থার উদভব হয়। এইরপে জমি চাষ করিলে খাজনা বা কর দিতে হইত না। হেইয়ান যুগে এই জাতীয় জমিদারি বা শোয়েনের প্রতিপত্তি বাড়িয়া যায়। চাষীরা দলে দলে এই জাতীয় জমিতে কাজ করিবার জন্য নিজেদের নাম তালিকাভুক্ত করিতে আরুভ করে। ফলে সরকারী রাজশ্বের আয় প্রভতে পরিমাণে কমিয়া যায়। সরকার করের হার বৃদ্ধি করিলে সরকারী চাষীরা দলে দলে শোয়েন

জমিদারিতে প্রবেশ করিতে শ্রের করে। সরকার কৃষকদের শ্রমকে স্বসংগঠিত করিতে অক্ষম হয় এবং রাজশক্তি বাধ্য হইয়া তাহার বহু, ভূমি ছোট ছোট বংশান্কমিক জমিদারি হিসাবে যোদ্ধাশ্রেণী সাম্বরাইদের মধ্যে বণ্টন করে। সাম্রাইদের সহিত ইউরোপীয় নাইট সম্প্রদায়ের তুলনা করা চলে। ইহাদের পেশা ছিল প্রধানতঃ যুদ্ধ করা। এই সামরোইগণ রাষ্ট্র বা শক্তিশালী জমিদারদের অধীনে কাজ করিত। <mark>ইহারা ছিল শক্তিশালী জ</mark>মিদারদের অলংকার্যবর্পে। ইহারা ছিল প্রকৃতপক্ষে বীর, বিনয়ী ও নয়। ইহাদের চরিত্রের এই সকল গুর্ণাবলী জাপানীদের নিকট 'বুর্নিডো' নামে পরিচিত। ভূসম্পত্তির মালিক হওয়ার পর সমাজের এই অংশটি দ্রুত বৃদিধ পাইতে থাকে এবং কালক্রমে প্রদেশের প্রশাসনিক পদম্প কর্মচারীদের ম্থান দখল করিতে সমর্থ হয়। প্রীন্দীয় একাদশ ও দ্বাদশ শতাব্দীতে সাম্বরাইগণ দেশের উত্তর ও প্রেণিণলে শোয়েনের মালিকদের সহিত কেন্দ্রীয় ক্ষমতার প্রভাব বিদ্ভার করিতে প্রতিযোগিতায় নামিয়া পড়ে। সমাটেরা মঠগ**্**লির সিনটো প্ররোহিতদের সমর্থনে কোনকমে টিকিয়া থাকেন মাত্র; তাঁহাদের এই সংহতি অত্যুক্ত সীমাবদ্ধ ছিল। কেন্দ্রীয় শক্তির দ্বেলতা, উন্নত জলসেচ-ব্যবহ্পার অভাব, সরকারী মালিকানার ভিত্তিতে গঠিত অর্থনৈতিক ব্যবস্থার অবর্নাত এবং ছোট ছোট জমিদারির আবিভাবে প্রভতির ফলে সাম্রাই ও তাহাদের জমিদার-প্রভুদের পরিবারগালের শক্তি খুবই ব্রিদ্ধ পায়। কেন্দ্রীয় শক্তির ন্থায়িত্ব লইয়া ইহারা মাথা ঘামাইত না নিজ্ঞ্ব অঞ্লের উপর দ্বাধীনতা অজ্ঞান ক্রাকেই তাহারা বেশী প্রাধান্য দিয়াছিল।

#### জাপানে শোগুন শাসন

ন্ধাদশ শতাবদীর মধ্যভাগে জাপানে তিনটি জমিদার পরিবার প্রবল ছিল।
উত্তরাঞ্চল ছিল সাম্বাই এবং তাহাদের জমিদার-প্রভু 'মিনামোতো'
পরিবার, দক্ষিণাণ্ডলে বড় জমিদার-মালিক 'তাইরা' পরিবার এবং শোয়েনের
মালিক ও সরকারী পদম্প কর্মচারী প্রভাবিত 'ফুজিওয়ারা' পরিবার।

ক্রমে উন্নততর সমাজব্যবদ্থা ও ক্ষ্রে ক্ষ্রে ভূসম্পত্তির প্রাধান্যবিশিষ্ট উত্তরাঞ্চল জয়য়্ত্ব হয়। এই অংশের নেতা ছিলেন মিনামোতো



মিনামোতো ইয়োরিভোমো

ইয়োরিতোমো। তাইরা পরিবার পরাজিত হয় ১১৮৫ প্রশ্নিকে এবং ফুজিওয়ারা পরিবার তাহাদের প্রাধান্য হারায় ১১৯২ প্রশ্নিকে। মিনামোতো ইয়েরিতোমোর হস্তে মিকাজে দেশ শাসনের পর্নে অধিকার অপ'ন করেন। তাঁহাকে 'সেই-ই-তাই শোগনে' বা বর্বর দমনকারী মহাসেনাপতি উপাধি দেন। শোগনে শক্তের অথ' মহাসেনাপতি বা সামরিক প্রধান। এই উপাধিটি বংশানক্রমিক করা হয়। এইভাবে জাপানে শোগনে-শাসনের যুগ শ্রু হয়।

মিকাডো থাকিতেন রাজধানী কিয়োটোতে এবং শোগনে ইয়োরিতোমো থাকিতেন কামাকুরায়। ইয়োরিতোমো ও তাঁহার বংশধরেরা কামাকুরা হইতে দেশশাসন করিতেন। পরে অন্যান্য কয়েকটি বংশও শোগনেরপে দেশশাসন করেন। তাঁহারা তাঁহাদের রাজধানী টোকিওতে স্থানাশ্তরিত করেন। জাপানে প্রায় সাড়ে ছয় শত বংসর (১১৯২-১৮৬৭) শোগনে শাসন ছিল। অবশেষে মিকাডো মংমোহিটো জাপানে শোগনে-শাসনের অবসান ঘটাইয়া স্বহুফেত শাসনভার গ্রহণ করেন। ইহার পূর্বে পর্যন্ত মিকাডোরা নিতাশত অবহেলিত অবস্থায় ছিলেন।

# ঘটনাপঞ্জী

তাং যুগ—	৬১৮ ধ্ <del>ব</del> ী:—৯	୦৭ ଥୀଃ	ু আঃ।
তাই স্থং-এর সিংহাসনে আরোহণ —	6	રુહ "	" l
লী-পো-এর সময়কাল—	٩٥٥ " —٩	৬২ "	<sub>22</sub> ]
টু-ফু-এর সময়কাল—	952 , -9	90 "	<sub>32</sub>
হিউয়েন-সাং-এর ভারত যাত্রা—	৬	২৯ "	"∙1
হিউয়েন-সাং-এর চীনে প্রত্যাবত'ন—	৬	8¢ "	" l
স্থং বংশের রাজত্বকাল—	>>0 " —25	Ro "	<sub>22</sub> 1
ইউয়ান যাকের শাসনকাল—	25A0 "-20	৬৮ "	,, l
কুবলাই খানের সিংহাসনলাভ—	55	৬৯ "	,, 1
জাপানে শোগনে-শাসনের প্রবর্তন	22	৯২ "	,, 1

# অনুশালনা

### রচনাভিত্তিক প্রশ্ন

- ১। কি ভাবে চীনদেশে তাং বংশের প্রতিষ্ঠা হইয়াছিল ? তাং বংশের সব'শ্রেষ্ঠ সম্রাট কে ছিলেন ? তাহার সম্পর্কে যাহা জান লিখ।
- বেলন্ রাজবংশের রাজস্বকালকে চীনের স্বরণয়্গ বলা হয় ?
   ঐ য়্গের শিক্ষা, সংস্কৃতি, সাহিত্য ও অর্থনৈতিক অবস্থা সম্প্রেক্

  যাহা জান লিখ।
- ত। কোন্ চীনা সম্লাটের শাসনকালে হিউয়েন সাং ভারতে আসিয়াছিলেন? তাঁহার ভারতে আগমন ও প্রভ্যাবতনি সম্পর্কে বাহা জান লিখ।
- ৪। তাং যাগে চীনে এবং চীন হইতে অন্যন্ত বৌশ্ধধমের বিশ্তার সম্পর্কে বাহা জান লিখ।

- ৫। স্থং-বংশীয় সম্রাটদের রাজত্বকালে চীনের অগ্রগতি সম্পর্কে যাহা জান লিখ।
- ও। চীনে ইউয়ান রাজবংশের প্রতিষ্ঠার বিবরণ দাও।
- ৭। মার্কো পোলো ও তাঁহার ভ্রমণ বৃদ্ধাশ্তের বিবরণ দাও।
- ৮। কিভাবে জাপানে শোগনে শাসনের প্রবর্তন হইয়াছিল? ঐ শাসন ব্যবঙ্গা জাপানে কতকাল প্রচলিত ছিল? কে কখন ঐ শাসন-ব্যবঙ্গা লোপ করিয়াছিলেন?
- ১। কবলাই খান সম্পর্কে যাহা জান লিখ।

# সংক্ষিণ্ড রচনাভিত্তিক প্রশ্ন

- ১। টীকা निथ: সামারাই; ব্লিডো; শোগান; লী-পো; টু-ফু।
- ২। জাপান নাম কি ভাবে হইরাছে লিখ।
- ৩। জাপানের রাজবংশ সম্পর্কে যাহা জান লিখ।
- ৪। মশ্যোল জাভির অভাতান সম্পর্কে বিবরণ দাও।

# মৌথিক প্রন্থ

- ১। তাং রাজবংশের সর্বশ্রেণ্ঠ সমাট কে ছিলেন ?
- তাং সমাটদের রাজধানী কোথায় ছিল ?
- । কোন্ যুগে চীনে মুদ্রণ-ব্যবস্থা চাল্ব ইইয়াছিল ?
- ৪। চেণ্গিদ খানের প্রকৃত নাম কি ছিল?
- ৫। চীনে ইউয়ান রাজবংশের প্রতিণ্ঠা কে করিয়াছিলেন ?
- ৬। মার্কো পোলো কোথাকার অধিবাসী ছিলেন?
- ৭। মাকে'। পোলো কোন্ চীনা সমাটের অমেলে চীনদেশে গিয়াছিলেন ?
- ৮। কোন্ চীনা সমাটের সময়ে হিউয়েন সাং ভারতে আসিয়াছিলেন ?
- ১। জাপানের পর্বে নাম কি ছিল?
- ১০। জাপানে বৌদ্ধ ধর্ম ছাড়া অন্য কোন্ ধর্ম প্রচলিত ছিল ?
- ১১। জাপানের সমাটকে কি বলা হয়?
- ১২। জাপানে শোগনে শাসনের প্রবর্তন কে করেন ?
- ১৩। মিনামোতো ইয়েরিতোমো কে ছিলেন?
- ১৪। জাপানে কে শোগনে শাসনের উচ্ছেদ করেন?
- ১৫। সাম্রাই কাহাদের বলা হয় ?



অপ্তোত্তর যুগ ( প্রীপ্তীয় ৫ম—৭ম শতাব্দী )

৪৫৮ থ্ৰীঃ হইতে হূণ আক্ৰমণ

হণেগণের একটি শাখা যখন ইউরোপে রোম সাম্রাজ্যের উপর আক্রমণ চালাইয়া তাহার পত্তন ঘটাইতেছিল, প্রায় সেই সময়েই হণে জ্ঞাতির অপর একটি শাখা গর্প্ত সামাজ্যের উপরও আক্রমণ শরে করে। গর্প্তয়গের শেষদিকে হণেগণ ভারতবর্ষ আক্রমণ করে। এই সময় হইতেই ভারতব**র্ষে** মধ্যয়েরে আরুভ হয় বলিয়া ধরা হয়। হিউ:-ন্ব বা হণেগণ মধ্য-এশিয়ার একটি বর্বর যায়াবর জাতি। ধ্রীন্টপরে দিতীয় শতাবদীর শেষভাগে ইহারা নানা কারণে দেশত্যাগে বাধ্য হয় এবং উত্তর-পশ্চিম চীন হইতে <del>ইউচি জাতিকে বিতাড়িত করিয়া তথায় বদবাস করে। পরবতী সময়ে</del> এই হবে দলের একটি শাখা ইউরোপ আক্রমণ করে। এই শাখাটি কৃষ্ণ-হণে নামে পরিচিত। অপর শাখা পারসাের সাসানীয় বংশের রাজা ফিরোজকে হত্যা করিয়া পারস্য ও কাব্ল অধিকার করিয়া ভারতবর্ষের দিকে অগ্রসর হয়। হণেদের এই শাখা শ্বেত-হণে নামে পরিচিত। ভারতবর্ষে যখন গুৰু সমাট স্কল্দগ্প রাজ্য করিতেছিলেন, ভারতের উত্তর-পশ্চিম সীমাশেত তখন এই দ্ধ'ৰ হ'ব জাতি প্ৰবল আক্ৰমণ চালাইয়াছিল। সমাট স্কন্দগর্প্ত এই আক্রমণ প্রতিহত করিয়া স্বীয় সামাজ্যের শক্তি, সংহতি ও মর্যাদা অক্ষ্ম রাখিতে সমর্থ হইয়াছিলেন (৪৫৮ খ্রীঃ)। ষণ্ঠ শতাব্দীর প্রথম ভাগে হ'ল-নায়ক তোরমান আবার ভারতবর্ষ আক্রমণ করেন এবং গর্প্ত সামাজ্যের পশ্চিমাংশের কতক স্থান অধিকার করেন। তোরমানের মন্দ্রা হইতে জানিতে পারা যায় যে, উত্তর প্রদেশ, রাজস্থান, পাঞ্জাব ও কাম্মীরের কতকাংশ ভাঁহার অধিকারে ছিল। তোরমানের পত্রে মিহিরকুল একজন ন্শংস ও অত্যাচারী শাসক হিসাবে কুখ্যাত। হিউয়েন সাং-এর বিবরণ অন্সারে মিহিরকুল শিয়ালকোটে রাজধানী স্থাপন করিয়া উত্তর ভারতে রাজ্য বিশ্তার করিয়াছিলেন। তাঁহার আমলে হুণ-অধিকার গোয়ালিয়র পর্যশ্ত বিদ্তৃত হইয়াছিল। পরবতীকালে মিহিরকুল

গ্পেদমাট বালাদিত্য গপ্তে ও মান্দাশোরের শাসনকর্তা যশোধর্মণ কর্তৃকি পরাজিত হইয়া কাশ্মীরে পলায়ন করেন এবং কাশ্মীরের সিংহাসন অধিকার করেন। মিহিরকুলের মৃত্যুর পর হণেশক্তি অত্যুক্ত দর্বেল হইয়া পড়ে। ইহার পরেও দীর্ঘকাল হণেরা উত্তর-পশ্চিম ভারতে রাজত্ব করেন।

কনৌজরাজ ঈশানবর্মণ, খানেশ্বররাজ প্রভাকরবর্ধন প্রভৃতিকেও হুণেদের সহিত ঘ্রন্থ করিতে হয়। পরে কালক্রমে ইহারা ভারতীয় জনসমুদ্রে মিশিয়া যায় এবং পরে নিজেদের ভারতীয় আর্যদের বংশধর এবং ক্ষত্রিয় বলিয়া প্রচার করে।

# ভূণগণের ঐতিহাসিক গুরুত্ব

হনে-আক্রমণ ভারতের ইতিহাদে একটি উল্লেখযোগ্য ঘটনা। যে সময়ে ভারতে কেন্দ্রীয় রাজশন্তি অত্যাত দ্বেল হইয়া পড়িতেছিল, সেই সময়ে হনেদের প্রচণ্ড আক্রমণ গরে সামাজ্যের ভিত্তি অত্যাত দ্বেল করিয়া দেয় এবং উহার পতনের পথ প্রশন্ত করিয়া ভোলে। কিন্তু ভারতের সামাজিক জীবনে হনে-আক্রমণের প্রতিক্রিয়া আরও গ্রেছপর্ণে। ভারতীয়দের সহিত বৈবাহিক সম্পর্ক ন্থাপন করিয়া এবং ভারতীয় ধর্মা ও সংক্রতি গ্রহণ করিয়া উহারা ভারতীয় সমাজের সহিত মিশিয়া গিয়াছিল। ইহাদের সংমিশ্রণে ভারতীয় সমাজে এমন কতকগ্রাল বংশ বা গোণ্টার উন্তব হয়, যাহাদের চারিত্রিক বৈশিন্ট্য প্রাচীন ভারতীয় ঐতিহ্য হইতে কিছ্ ন্বতন্ত্র। ফলে, ভারতীয় সমাজ-সংস্কৃতির জীবনে যেমন ন্তন বৈচিত্র্য আসিয়াছিল, তেমনি আবার রাজনৈতিক মণ্ডেও ন্তন ন্তন ন্তন শক্তির উন্ভব হইয়াছিল। কোন কোন ঐতিহাসিক মনে করেন, আধ্রনিক রাজপ্তে জাতিগ্রলির মধ্যে হণে রক্তের প্রাধান্য রহিয়াছে।

# গুপ্ত সাত্রাজ্যের পতন

গ্রপ্তসমাট স্কন্দগ্রপ্ত মোটামন্টি একটি ঐক্যবন্ধ রাজ্য শাসন করিতে সমর্থ হইয়াছিলেন। তাঁহার মৃত্যুর পর সামাজ্যের পতনের প্রক্রিয়াটি দ্বতে শ্বন্ হয়। তথনকার সময়ের রাজনৈতিক অবস্থাটি বিশ্লেষণ করিলে গর্প্ত সাম্রাজ্যের পতনের কারণগর্নলি স্পণ্ট হইয়া উঠে; যেমন—কেন্দ্রীয় রাজশক্তি অভ্যুক্ত দর্বল, প্রদেশের বংশগত শাসনকর্তা ও পদন্থ রাজকর্মচারীগণের শক্তিবিশিক, অভ্যুক্তরীণ বিদ্রোহ, বৈদেশিক শক্তির প্রচণ্ড আক্রমণ এবং রাজপরিবারে আত্মকলহ। ফলে কাল্ডমে বিভিন্ন প্রদেশের শাসনকর্তাগণ স্বাধীন ও স্বতন্ত্র হইয়া যান। বল্লভী রাজ্যে মৈত্রকগণ, মান্দাশোরে যশোধর্মণ, উত্তর গান্গেয় উপত্যকায় মৌধরী বংশ এবং পরে ভারতে গরেবংশীয় মহাসেনগর্প্ত ও গোড়ের শাসনকর্তা শশান্কের উথান অবশেষে গর্প্তবংশীয় মহাসেনগর্প্ত ও গোড়ের শাসনকর্তা শশান্কের উথান অবশেষে গর্প্তবায়াজ্যকে ছিল্লভিন্ন করিয়া দিয়াছিল।

# গুপোতর যুগ

### **क्**र्यवर्धन

গ্রন্থ সাম্রাজ্যের পতনের।পর স্থবিশাল ঐক্যবন্ধ সাম্রাজ্য প্রতিষ্ঠার চেন্টা প্রায় পরিত্যক্ত হইয়াছিল। সাম্রাজ্য শ্থাপনের প্রতিষ্ঠা উত্তরাপথেই সামাবন্ধ ছিল। তাই হর্ষবর্ধন একটি বিশাল সাম্রাজ্য শ্থাপন করিলেন। তাঁহার সাম্রাজ্য উত্তরাপথেই সামাবন্ধ ছিল। তাই তিনি 'উত্তরাপথনাথ' মাত্র ছিলেন।

গ্রে সাখ্যজ্যের পতনের প্রায় একশত বংসর পরে হর্ষ'বর্ষ'ন উত্তর
ভারতের এক বৃহৎ অংশ অধিকার করিয়া একটি ঐক্যবদ্ধ সাখ্যজ্য গঠনে
প্রয়াসী হন। তথন হইতে কনৌজ উত্তর ভারতের রাজনৈতিক প্রধান
কেন্দ্র হিসাবে পরিচিতি লাভ করে। পাঞ্জাবের পর্বপ্রাশ্তে অবিদ্যুত
থানেন্বর ছিল একটি ক্ষন্তে রাজ্য। এখানে প্রয়ভূতি বংশের রাজারা
শাসন করিতেন। প্রভাকরবর্ধন এই বংশের প্রথম উল্লেখ্যোগ্য রাজা।
তাঁহার মৃত্যুর পর তাঁহার জ্যেতিপুত্র রাজ্যবর্ধন থানেন্বরের সিংহাসনে
বসেন। সেই সময়ে কনৌজের শাসনকর্তা ছিলেন মৌখরীরাজ গ্রহবর্মণ,
মালবের রাজা ছিলেন দেবগর্প্প এবং গৌড়ের অধিপতি ছিলেন শশাভক।
পরের্ব থানেন্বরের সহিত কনৌজের বিবাদ ছিল। তাই মালবের দেবগর্প্প
এবং মগধ ও গৌড়ের শশাভ্ক কিছুটা নিরাপদ বোধ করিতেন। কিন্তু

রাজ্যবর্ধনের ভাগনী রাজ্যশ্রীকে গ্রহবর্মণ বিবাহ করায় থানে বর ও কনোজের মধ্যে বন্ধত্ব হইয়াছিল। ইহাতে দেবগরেও ও শশাংক ভীত হইয়া মৈত্রীদরে আবন্ধ হন। সংবাদ আসিল, মালবরাজ দেবগরেও কতৃ ক গ্রহবর্মণ নিহত এবং রাজ্যবর্ধনের ভাগনী রাজ্ঞী বন্দিনী হইয়াছেন। দ্বতে প্রতিশোধ গ্রহণের উদেদশ্যে রাজ্যবর্ধন মালবরাজের বিরুদেধ অভিযান করেন। যুদেধ দেবগরেও পরাজিত ও নিহত হইলেও শশাংকর হতে

রাজ্যবর্ধন নিহত হন। অপর্যাদকে বিন্দিনী রাজ্যঞ্জী কারাগার হইতে নিখোঁজ হন। এই সংকটময় মন্হতের্ত হর্ষবর্ধন রাজ্যভার গ্রহণ করেন (৬০৬ প্রাঃ)। হর্ষবর্ধন রাজ্যভার গ্রহণ করিয়াই প্রথমে ভাগিনীর সম্পানে বাহির হন এবং বিশ্বাপর্বতের এক গ্রহন অরণ্য হইতে ভাগিনী রাজ্যঞ্জীকে উপ্পার করিতে সমর্থ হন। এই সময়ে কনৌজের অমাত্যগণ তাঁহাকে



হষ'বধ'ন

কনোজের শাসনভার গ্রহণের জন্য অন্রেরধ করেন। ফলে হর্ষবর্ধন থানেশ্বর ও কনোজ উভয় রাজ্যেরই অধিপতি হন এবং কনোজে রাজধানী দ্থানাশ্তরিত করেন। এইভাবে কনোজ উত্তর ভারতের প্রধান রাজনৈতিক কেন্দ্রে পরিণত হয়। কনোজের ইতিহাসে হর্ষবর্ধন 'শিলাদিতা' নামেও-পরিচিত ছিলেন। হর্ষবর্ধনের রাজ্যভার গ্রহণের বংসর হইতে 'হর্ষান্দ' নামে একটি নতেন অন্দের প্রচলন হয় (৬০৬ প্রীঃ)।

হর্ষবর্ধনের সামরিক অভিযানের স্কেনা হয় ভ্রাভৃহশ্তা শশাণেকর বিরুদেধ। কামরপেরাজ ভাষ্করবর্মণের সহিত মিত্রতা করিয়া তিনি শশাণেকর বিরুদেধ অভিযান শরের করেন। হর্ষবর্ধনের সহিত দীর্ঘকাল শশাণেকর যুদ্ধ চলিয়াছিল। এই সকল যুদেধর বিবরণ না পাওয়া গেলেও বিভিন্ন স্ক্রে হইতে জানা যায় যে, শশাণক মৃত্যুকাল পর্যশত গৌড়ও মগধের উপর আধিপত্য রাখিতে সমর্থ হইয়াছিলেন। অবশ্য শশাণেকর মৃত্যুর

পর তাঁহার রাজ্যের পাশ্চিমাংশ মগধ হর্ষবিধনের এবং প্রেবিংশ গোড় ভাশ্করবর্মাণের অধিকারে চলিয়া যায়। হর্ষবিধন উত্তর ভারতে তাঁহার সাম্রাজ্যকে স্থদ্ট ও স্থাবিশ্তৃত করেন। অতঃপর তিনি দক্ষিণ ভারত জয়ে অগ্রসর হন। কিশ্তু তাঁহার এই সাম্রাজ্য পর্বে-পাঞ্জাব হইতে মগধ এবং হিমালয় হইতে নমাদা পর্যশ্ত বিশ্তৃত ছিল। সৌরাণ্ট্র, স্থদ্যর সিশ্ধপ্রদেশ, পশ্চিম-পাঞ্জাব, কাশ্মীর ও কামর্পের রাজারা তাঁহার প্রভূত্ব মানিয়া লইয়াছিলেন।

আইহোল শিলালিপিতে হর্ষবর্ধনকে 'সকলোত্তরাপথনাথ' বলিয়া বর্ণনা করা হইয়াছে। ভাই অনেক ঐতিহাসিক তাঁহাকে 'হিশ্দ্ ভারতের শেষ সামাজ্য-সংগঠক' হিসাবে উল্লেখ করেন। এই ব্যাপারে সকল ঐতিহাসিক অবশ্য একমত নহেন। আধ্নিক ঐতিহাসিকগণ মনে করেন, হর্ষবর্ধন উত্তর ভারতের একটি সামাবন্ধ অঞ্চলেই রাজত্ব করিতেন। ইহাকে 'সামাজ্য' না বলিয়া স্ববৃহৎ রাজ্য বলাই ব্যক্তিসংগত। তখনকার সময়ে দক্ষিণ ভারত ও উত্তর ভারতের কয়েকটি অঞ্চলে বহু, ক্ষ্তু রাজ্য ছিল। উপরক্ত তাঁহার মত্যের পর চোল, চাল্লক্য, রাণ্ট্রকুট ও পাল রাজ্যণ স্থায়ী ও বিস্তৃত সামাজ্য প্রাপন করিতে সচেন্ট হইয়াছিলেন। যাহা ইউক, সেই সময়ের উত্তর ভারতে তিনিই যে উল্লেখযোগ্য রাজ্য ছিলেন, সে বিষয়ে কোন সশেষ্ঠ নাই।

ভারতবর্ধের ইতিহাসে হর্ষবর্ধন জ্ঞানী, গান্দী, বিদ্যোৎসাহী, দানশীল ও উদার শাসক রাপেও খ্যাতি অজন করিয়াছিলেন। তিনি গাণীজনদের সমাদর করিতেন। তাঁহার সভাপণিডত ছিলেন কবি বাণভট্ট। বাণভট্ট-রচিত 'হর্ষাচরিত' একখানি বিখ্যাত গ্রন্থ। 'কাদবেরী' তাঁহার অপর একটি সার্থক রচনা। হর্ষবর্ধন নিজেও সংস্কৃত ভাষায় 'রত্মাবলী', 'প্রিয়দশিকা' এবং 'নাগানশ্দ' নামে তিনখানি নাটক রচনা করিয়াছিলেন। ইতিহাস-বিখ্যাত নালশা বিশ্ববিদ্যালয়ে তিনি প্রচুর অর্থ দান করিয়াছিলেন। তাঁহার রাজস্বকালে প্রখ্যাত টৈনিক বৌদ্ধসম্যাদী ও পরিব্রাজক হিউয়েন সাং ভারত পরিক্রমণে আসেন। তিনি হর্ষব্ধনের রাজ্যে বহাদিন অবস্থান করেন।

# হিউয়েন সাং-এর ভারত ভ্রমণ ও ভ্রমণবৃত্তান্ত

বৌদ্ধাচার্য হিউরেন সাং চীনদেশের তদানী-তন রাজধানী চাংআন: হইতে মধ্য-এশিয়ার মধ্য দিয়া ভারতে আসিয়াছিলেন। উদ্দেশ্য ছিল বৌদ্ধধর্ম সম্বশ্ধে জ্ঞান আহরণ এবং ভগবান ব্রদেধর জন্মস্থান দর্শন। তাঁহার লিখিত বিবরণ হইতে হর্ষবর্ধনের রাজস্বকাল ও তথনকার ভারতবর্ষ সম্বশ্ধে অনেক কথা জানিতে পারা যায়। ভারতবর্ষ সম্বশ্ধে তিনি লিখিয়াছিলেন যে, ভারতে তিনি অনেক পরিত্যন্ত ও ধ্বংসম্খী নগর ও গ্রাম দেখিয়াছেন।

বিশেষকরিয়াহ্বল-আক্রমণেধবংসপ্রাপ্ত প্রের্ম্বপরে ও তক্ষাশলার কথা তিনি উল্লেখ করিয়াছেন। পার্টালপ্রের অবস্থাও ছিল খ্রই শোচনীয়। কিশ্তু প্রয়াগ, কাশী, উদ্জ্যিনী ও কনৌজের সম্দিধ ও ঐশ্বর্য দেখিয়া তিনি মুখ্য ইইয়াছিলেন। প্রতি পাঁচ বংসর অশ্তর হম্বধন প্রয়াগে একটি উৎসবের আয়োজন করিতেন। ভারতবর্ষের নানাস্থান ইইতে বিভিন্ন



হিউয়েন সাং

ধনের সাধ্-সন্যাসীরা তথায় আসিতেন। হর্ষবর্ধন নিজে বৌদ্ধ-ধন্দিবলাবী হইলেও এই উৎসবে বৃদ্ধ, সূর্য ও শিবের প্রেলা হইত। এই উপলক্ষে উৎসব প্রাণাবে রাজভাণভারের অর্থারাশি আনয়ন করা হইত। প্রাণাবি 'দানক্ষের' বা 'সালভাষক্ষের' নামে পরিচিত ছিল। হর্ষবর্ধন এখান হইতে দরিদ্র ও জাতিধর্মানিবিশেষে সাধ্য-সন্যাসী ও আত্রজনদের অকাতরে ধন বিতরণ করিতেন। ক্থিত আছে, দান করিতে করিতেশেষ প্রথাকত হর্ষবর্ধন নিজের রাজপরিচ্ছদও দান করিয়া ফেলিতেন।

হিউয়েন সাং-এর বিবরণী হইতে জানা যায়, হর্ষবর্ধনের সময়ে রাজ্যে শাসন-শৃংখলা বজায় ছিল। কেন্দ্রীয় শাসনে সমাট ছিলেন সমুহত ক্ষমতার অধিকারী এবং প্রাদেশিক শাসনকার্য পরিচালিত হইত পদম্থ রাজকর্মচারীগণের মাধ্যমে। হিউয়েন সাং-এর বিবরণ হইতে নালন্দা বিশ্ববিদ্যালয় সন্বন্ধে বহন তথ্য জানা গিয়াছে। নালন্দা ছিল একটি বিরাট বৌদ্ধবিহার এবং তথানকার যাগের সর্বপ্রেণ্ঠ শিক্ষাকেন্দ্র। হর্ষবিধনের সময়ে এই বিহারের চরম উল্লভিলাভ হয়। এশিয়ার নানাদেশ হইতে ছাত্রেরা আসিয়া এই বিশ্ব-বিদ্যালয়ে অধ্যয়ন করিত। ছাত্রসংখ্যা ছিল প্রায় দশ হাজার। নালন্দা



नालन्या विश्वविद्यालस्य धर्रभावस्य

বিশ্ববিদ্যালয়ের ব্যয়নির্বাহের জন্য সম্রাট একশত গ্রামের রাজ্ঞ্যব দান করিয়াছিলেন। অনেক বিদেশী রাজাও এখানে ছাত্রবাস নির্মাণ করাইয়া দিতেন। গ্র্থানীয় ধনী লোকেরা ছাত্রদের দৈনন্দিন আহারের জন্য শত শত মণ চাউল, প্রচুর দুর্ধ, বি ইত্যাদি পাঠাইয়া দিতেন। খাদ্য, পোশাকপরিচ্ছদ এবং ঔষধ ইত্যাদির জন্য ছাত্রদের কোনও চিশ্তা করিতে হইত না। ভরতির পর্বে ছাত্রদের শাস্ত্রজ্ঞানের পরীক্ষা দিতে হইত। ভরতি হওয়া ছিল বড়ই কঠিন; প্রতি দশজনে তিনজনের বেশী ভরতি হইতে পারিত না। নালন্দা বিশ্ববিদ্যালয়ে বিরাট পাঠাগার ছিল এবং ছাত্রদের বাসোপযোগী এক প্রকাণ্ড ছয়তলা-বিশিল্ট বাড়ি ছিল। বিশ্ববিদ্যালয়টি ছিল সম্পর্ণ আবাসিক। এখানে শ্রুর বৌদ্ধশাস্ত্র নহে—বেদ, দর্শন, শক্ষতন্ত্র, চিকিৎসাশাস্ত্র প্রভৃতি নানা বিষয়ে শিক্ষাদান করা হইত। ছাত্রেরা নিয়মিত ক্লাসে যোগদান করিত। ছাত্র, শিক্ষক সকলেই বিশ্ববিদ্যালয়ের নিয়মাবলী মানিয়া চলিতেন।

হিউয়েন সাং-এর সময়ে নালন্দা বিহারের সর্বাধ্যক্ষ ছিলেন মহাপাডিত শীলভর। তিনি ছিলেন বাঙালী। সেই সময়ে তাঁহার মত বড় পণ্ডিত ভারতবর্ষে আর কেহ ছিলেন না। হিউয়েন সাং স্বয়ং ছাত্র হিসাবে পাঁচ বংসর নালন্দায় অতিবাহিত করেন এবং মহাপণ্ডিত শীলভরের নিকট যোগশাফ্র অধ্যয়ন করেন।

উত্তর ভারত ভ্রমণ শেষ করিয়া তিনি দক্ষিণ ভারতে গিয়াছিলেন।
সেই সময়ে দক্ষিণাত্যে চালক্যেবংশীয় দিতীয় প্লেকেশী সর্বাপেক্ষা
পরাক্রাত্ব রাজা ছিলেন। হর্ষবর্ধনও তাঁহার সহিত যুদের পরাস্ত
হইয়াছিলেন। হিউয়েন সাং দিতীয় প্লেকেশী ও তাঁহার সৈন্যদের
বীরত্বের কথা তাঁহার বিবরণীতে উল্লেখ করিয়াছেন। চালক্যেদের দক্ষিণপাবে ছিল পল্লবদের রাজ্য। পল্লবরা সেই সময়ে অনেক স্থান্দর ক্ষান্দর
মন্দির নির্মাণ করিয়াছিল। হিউয়েন সাং দীর্ঘ ১৪ বংসর ভারতের
বিভিন্ন ম্থানে অতিবাহিত করিয়া, বহু প্রথিপত্র স্বাত্ব লইয়া চীনদেশে
কিরিয়া যান। তখন চীনদেশের সমাট ছিলেন তাই স্থং। হিউয়েনসাংয়ের অন্রোধে সমাট তাই স্থং হর্ষবর্ধনের রাজসভায় একজন দত্ত
পাঠাইয়াছিলেন।

হর্ষোত্তর যুগ ( প্রান্টীয় অন্টম শতাবদী হইতে দ্বাদশ শতাবদী )
হর্ষোত্তর যুগে কুজ কুদ্র রাজ্যের উৎপত্তি: রাজপুত রাজ্যসমূহ

হর্ষবর্ধন অপ্রেক ছিলেন। হর্ষবর্ধনের মৃত্যুর পর তাঁহার সাম্রাজ্যের পতন হয়। প্রাদেশিক শাসনকর্তা ও কোন কোন অগুলের সামশ্তরাজ্যা এবং ক্ষ্মে ক্ষ্মে রাজ্যের প্রভাব বৃদিধ পাইতে থাকে। ইহার ফলে, ভারতের বিভিন্ন অংশে কতকর্গনি ক্ষ্মে ক্ষ্মে ন্বাধীন রাজ্যের উদ্ভব হয়। হর্ষবর্ধনের এক মন্ত্রী কনোজের সিংহাসন অধিকার করেন। অভ্যম শতাক্ষীর প্রথম ভাগে কনোজে ধশোবর্মন নামে এক শক্তিশালী রাজ্যার অভ্যথান হয়। রাজপত্তে জাতির অভ্যথান এই যুগের একটি উল্লেখযোগ্য ঘটনা। রাজপত্তে জাতির উৎপত্তি সম্পর্কে মতভেদ আছে। কোন কোন ঐতিহাসিক তাঁহাদের প্রাচীন ভারতীয় জাতির বংশধর বলিয়া মনে করেন।

মাঃ সঃ (VII)—৮

আবার আধানিক ঐতিহাসিকদের মতে—রাজপত্তগণ হল, গ্রের, শক প্রভৃতি বিদেশী জাতিগালির সংমিশ্রণে উদ্ভৃত জাতি। ভারতীয় সমাজে এই বহিরাগত জাতিসমূহের থান ব্যত্তি অন্সারে নিধারিত হইয়াছিল। ইহাদের মধ্যে যাহারা রাজ্য স্থাপন করিয়া শাসনকর্তৃত্ব লাভ করিতে সক্ষম হইয়াছিল, তাহারা রাজপত্ত নামে পরিচিত হইয়াছিল। রাজপত্ত বংশ-গালির মধ্যে গার্জার প্রতিহার বংশ, কনৌজের গাহড়বাল বংশ, দিল্লীর চৌহান বংশ, মালবের পরমার বংশ, ব্রুদ্দেলখণ্ডের চন্দেল বংশ, ভাহলের চেদী বংশ বা কলচুরী বংশ বিশেষভাবে উল্লেখযোগ্য। অবশ্য ইহাদের মধ্যে কয়েকটি শাখা, বিশেষভাবে চন্দেলগণ ও গাহড়বালগণ ভারতীয় জাতিগোণ্ডী হইতে উদ্ভৃত হইয়াছিল বলিয়া অনেক মনে করেন।

গ্রের্জর জাতি হ্ণেদের সহিত ভারতবর্ষে আসিয়াছিল। শ্রীন্টীয় অন্টম শতাবদীর প্রথম ভাগে গ্রের্জরেদের একটি শাখা গ্রের্জর প্রতিহারগণ প্রথম নাগভট্টের নেতৃত্বে মারবাড় প্রদেশে একটি শক্তিশালী রাজ্য প্রতিষ্ঠা করিতে সক্ষম হয়। বাংলার পাল রাজগণ ও রাণ্ট্রকূট রাজগণের সহিত প্রতিহার রাজাদের যুদ্ধ হইয়াছিল।

# পাল-প্রতিহার-রাষ্ট্রকূট দল্দ

থীন্টীয় অন্টম শতাবদীর শেষভাগে উত্তর ভারতের আধিপত্য লইয়া গ্রের প্রতিহার, পাল ও রাণ্ট্রকুটগণের মধ্যে প্রতিহারিকা চলিতেছিল। এ সময়ে গোড়ে ও মগধে পালরাজ্ঞগণ রাজত্ব করিতেছিলেন। তাঁহাদের রাজধানী ছিল পার্টালপরে। পালবংশের শ্রেষ্ঠ নরপতি ধর্মপাল সমগ্র আর্যাবতে এক সার্বভৌম রাজশন্তি স্থাপন করিতে উদ্যোগী হন। ফলে, উত্তর ভারতের আধিপত্য লইয়া এক ক্রিশন্তি সংগ্রামের সচেনা হয়। ধর্মপাল কনোজ অধিকার করিয়া সেখানে চক্রায়েধ নামে স্বীয় মনোনীত এক ব্যক্তিকে সিংহাসনে বসান, কিন্তু উত্তর ভারতে তাঁহার সর্বময় কতৃত্বিপ্রতিতিত হয় না। তিনি গার্জক্র-প্রতিহার-রাজ বংসরাজের হঙ্গেত প্রাজিত হন। এ সময়ে রাণ্ট্রকুটরাজ ধ্বুব উত্তর ভারতে আক্রমণ ক্রিয়াছিলেন। তাঁহার হন্তে বংসরাজ পরাজিত হইলে ধর্মপালের বিশেষ

ক্ষতি হয় না। রাষ্ট্রকুটরাজের হচেত ধর্মপালও একবার পরাজিত হন।
কিম্বু রাষ্ট্রকুটরাজ নৈত্রী দ্যাপন করিয়া দ্বদেশে ফিরিয়া যান। পরে
প্রতিহাররাজ বিতীয় নাগভট্ট কনৌজ দখল করেন এবং বাংলার দিকে
অগ্রসর হইয়া ধর্মপালকেও পরাজিত করেন। এইবারও রাষ্ট্রকুটরাজ
তৃতীয় গোবিশের হদতক্ষেপে ধর্মপাল রক্ষা পান। তৃতীয় গোবিশদ
নাগভট্টকে পরাজিত করিলে নাগভট্ট দ্বদেশে ফিরিয়া যাইতে বাধ্য হন।
ধর্মপাল উত্তর ভারতে একটি শক্তিশালী রাজ্য স্থাপন করেন। ধর্মপালের
পত্র দেবপালের সময়েও উত্তর ভারতে পালরাজাদের আধিপত্য অক্ষুর্ম
ছিল। পরে পালরাজগণ দ্বর্বল হইয়া পড়েন। গ্রেক্তর-প্রতিহাররাজ
মহেশ্রপাল উত্তর ভারতে একটি শক্তিশালী রাজ্য স্থাপন করেন। তাঁহার
সামাজ্যকেই উত্তর ভারতে একটি শক্তিশালী রাজ্য স্থাপন করেন। তাঁহার
সামাজ্যকেই উত্তর ভারতে হিশ্দদের শেষ সামাজ্য বলা চলে। মহেশ্রপালের
মৃত্যুর পর গ্রেক্তর্ব-প্রতিহার বংশ ভাঙিয়া পড়ে।

# রাজপুত রাজ্যগুলির উত্থান

গ্লের-প্রতিহার সাম্রাজ্য ভাঙিয়া পড়িলে রাজপ্রতানায় ও মধ্যভারতে অনেক ক্ষ্মে ক্ষ্মে রাজপ্রত রাজ্যের উদ্ভব হয়।

রাজপত্ত বংশগ্রনির মধ্যে গ্রেজর প্রতিহার বংশ, কনৌজের গাহড়বাল বংশ, মালবের পরমার বংশ, ব্রেদ্দলখণ্ডের চন্দেল বংশ, ভাহলের চেদী বংশ বা কলচুরি বংশ, গ্রেজরাটের সোলাতিক বংশ, শাকভরির চৌহান বংশ বিশেষভাবে উল্লেখযোগ্য।

# গুপ্তোত্তর যুগে বাংলাদেশ

# গোড়াধিপতি শশাঙ্ক

প্রতিষ্ঠিয় বন্ধ শতাবদী হইতে গোড় জনপদ দ্বাধীনতা-অভিলাষী হইয়া উঠে এবং সপ্তম শতাবদীর প্রারুশ্ভে গপ্তে রাজগণের দর্বলতার স্থয়েগে জনৈক শ্রীমহাসামন্ত শশান্তেকর উত্থানে গোড় দ্বাধীন রাজ্য রূপে আত্ম-প্রকাশ করে (৬০৬ প্রীঃ)। বাংলার এই প্রথম সার্বভৌম নরপতির জীবন ও কার্যাবলীর বিদ্তারিত বিবরণ এখনও জানা যায় নাই। স্ভবতঃ তিনি গপ্তবংশীয় শাসনকতা মহাসেন গ্রপ্তের সামন্ত ছিলেন। মহাসেন

গ্রেন্ডের পতনের পর বিশৃৎথলা দেখা দিলে তিনি গোড়ে একটি ন্বাধীন রাজ্য স্থাপন করেন। পশ্চিম বাংলার রাঢ় এবং উত্তর বাংলার বরেন্দ্রভূমি লইয়া এই গোড় রাজ্যের উৎপত্তি। শশাৎক গোড়ে একটি ন্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করিয়াই সম্ভূল্ট ছিলেন না। তিনি পার্শ্ববিতী অঞ্চলে রাজ্যবিস্ভারে মনোযোগী হন এবং দক্ষিণে দক্তভূক্তি (মেদিনীপরের দাঁতন অঞ্চল) এবং ওড়িশার কোজদে রাজ্য (উৎকল ও গঞ্জাম জিলা) জয় করেন। মগধ (বর্তমান বিহার) ও বংগরাজ্য (বাংলার দক্ষিণ ও পরেণ অঞ্চল) তাঁহার অধীনে ছিল। দীর্ঘকাল তিনি শক্তিশালী কনৌজ, থানেশ্বর ও কামরপের মিলিত শক্তির বিরুদ্দের সংগ্রাম করিয়াছিলেন। তাঁহার জীবদদশায় হর্ষবিধন ও ভাস্করবর্মণ তাঁহার রাজ্য অধিকার করিতে পারেন নাই। মত্যুকাল পর্যন্ত শশাৎক গোড়, মগধ, দন্ডভুক্তি, উৎকল ও কোংগদের অধিপতি ছিলেন। তাঁহার পরেণ আর কোন বাঙালী রাজ্য এইরপে বিরাট সাম্রাজ্য স্থাপন করিছে পারেন নাই। তাঁহার মত্যুর পর তাঁহার রাজ্যের পশ্চিমাংশ হর্ষবিধনের ও পরেণংশ ভাস্করবর্মণের অধিকারে গিয়াছিল।

শশাণ্ক ছিলেন শিবের উপাসক। তাঁহার মুদ্রার একদিকে ব্য এবং অন্যদিকে শিবের মুতি দেখিতে পাওয়া যায়। তাঁহার রাজধানী ছিল কর্ণস্থবর্ণ। মুশিদাবাদ জিলার বহরমপ্রেরের নিকটে রাণ্গামাটি অঞ্জের কোনাদোনা প্রাচীন কর্ণস্থবর্ণ বলিয়া পশ্ডিতেরা মনে করেন।

তৈনিক পরিব্রাজক হিউয়েন-সাং এবং হর্ষবিধ'নের সভাকবি বাণভট্ট তাঁহাকে বৌশ্বধম'-বিরোধী বলিয়া বর্ণনা করিয়াছেন। কিশ্তু অনেকে ইহা সত্য বলিয়া মনে করেন না। কারণ, শশাঙেকর রাজধানী কর্ণস্থবণের চারিপাশের্ব অনেক বৌশ্বমঠ ও স্তুপ ছিল এবং সেখানে বহ; বৌশ্বভিক্ষ্য বাস করিতেন। শশাঙক বৌশ্বধ্য-বিদ্বেষী হইলে ইহা সুভ্তব হুইত না।

# পাল ও দেন যুগে সমাজ-সংস্কৃতি

শশাৎেকর মৃত্যুর পর বাংলাদেশে প্রায় একশত বংসর ধরিয়া ঘোর অরাজকতা চলিতেছিল। জলাশয়ে যেমন বড় মাছ ছোট মাছকে খাইয়া ফেলে, তেমনি বাংলাদেশেও শক্তিমান ব্যক্তি শক্তিহীনদের ধন্দের করিবেতিছিল। ইতিহাসে এইরপে অবস্থার নাম মাংস্যন্যায়। এই মাংস্যন্যায় হইতে বাংলাদেশকে রক্ষা করিয়াছিলেন পালবংশের প্রতিশ্চাতা গোপাল এবং তাঁহার উত্তরপ্রের্যেরা। পালরাজ্ঞগণ অদীর্ঘ চারিশত বংসর রাজ্ঞ করিয়াছিলেন। পালবংশের সর্বশ্রেশ্চ রাজ্য ছিলেন ধর্মপাল। তিনি 'বিক্রমশীল' উপাধি গ্রহণ করিয়াছিলেন এবং রাজধানী পার্টালপ্রে হইতে তাঁহার বিশাল রাজ্য শাসন করিতেন। ধর্মপালের প্রে দেবপালও প্রাক্তাশত রাজ্য ছিলেন। পালরাজ্যারা বৌশ্ধ ছিলেন। কিন্তু তাঁহারা প্রধর্ম বিদেষী ছিলেন না। পালরাজ্যানের মান্ত্রীরা ছিলেন বংগ রাক্ষাণ।

পালবংশের পতনের পরে বাংলাদেশে সেনবংশ নামে একটি শক্তিশালী রাজবংশের প্রতিষ্ঠা হয়। ই হারা ছিলেন দক্ষিণ ভারতের কর্ণাটক অঞ্চলের রাহ্মণ। তাঁহারা যুন্ধবিদ্যায় স্থানপণে হওয়ায় রহ্ম-ক্ষরিয় নামে পরিচিত ছিলেন। পালরাজগণের সময়ে বাংলাদেশে যেমন বৌশ্ধধমের অভ্যুত্থান হইয়াছিল, তেমনি সেনবংশের সময়ে হইয়াছিল হি দ্বেমের অভ্যুত্থান। সেনরাজা প্রায় একশত বংসর বাংলাদেশে রাজত্ব করিয়াছিলেন। এই বংশের সর্বপ্রোষ্ঠ রাজা ছিলেন বল্লালসেন ও তৎপত্রে লক্ষ্মণসেন। লক্ষ্মণসেনের রাজত্বকালেই বাংলাদেশে প্রথম মন্সলমান আক্রমণ ঘটিয়াছিল।

বাংলাদেশে পাল ও সেন যুগ এক অতিশয় গোরবময় যুগ। এই সময়ে বাংলাদেশ সমাজ-সংস্কৃতির ক্ষেত্রে অভাবনীয় উন্নতি করিয়াছিল।

সেই য,গে বাংলাদেশ ছিল খ্বই সম্পদশালী; আর বাঙালীরা ছিল সেই অনুপাতে সৌন্দর্য ও উৎসব-প্রিয়। তাহাদের পোশাক-পরিচ্ছদ, খাদ্য ও বিভিন্ন প্রজাপার্বণ—এইসব কিছুরে মধ্যেই সৌন্দর্য-প্রিয়ভার নিদর্শন পাওয়া যায়। বাংলাদেশ প্রজাপার্বণের দেশ, সেখানে ঋতুতে ঋতুতে বিভিন্ন উৎসব ও মেলা লাগিয়াই ছিল। মানুষের জীবনযায়া ছিল সহজ ও স্বচ্ছল। তাই উৎসবে নাচগান ও অভিনয় করিয়া তাহারা আনন্দ করিত। নাচগানে তাহারা বীণা, বাঁশী, মৃদ্ণা, ঢাক, ঢোল ইত্যাদি ব্যবহার করিত। প্রেষেরা শিকার, মল্লযুদ্ধ, লাঠিখেলা, নৌকা ঢালানো ইত্যাদিতে অংশ গ্রহণ করিয়া আনন্দ প্রকাশ করিত। দাবা ও পাশা থেলার প্রচলনও দেই যুগে ছিল। নারী ও পুরুষ উভয়ের মধ্যেই অলংকার এবং শোখিন সাজসভ্যা ব্যবহারের প্রচলন ছিল। সাধারণ বাঙালীদের খাদ্য ছিল ভাত, মাছ, মাংস, দুখ, ক্ষীর, যি ইত্যাদি। অধিকাংশ মানুষ গ্রামে বাস করিত এবং কুষিই ছিল বাঙালীর প্রধান উপজীবিকা। বাঙালী কর্মকার, দ্বণকার, কুভ্তার, মালাকার, স্বেধর ও বণিক সম্প্রদায় সেই যুগের বাংলাদেশের সম্দিধর পরিচয় বহন করে।

পালসমাটগণ বেশিধধর্মাবলন্বী হইলেও সমাজে প্রধ্মাবিদেষ ও ধর্মের সংকীর্ণ গোঁড়ামি ছিল না। সমাজের অধিকাংশ মানুষই ছিল হিন্দ্রেমাবলন্বী। সেন রাজাদের আমলে রাহ্মণ্যধর্ম ও হিন্দু শাস্ত রাজাদের অনুর্গ্রহ লাভ করে। ফলে, সেন্যুগে রাহ্মণ্যধর্মের বিপলে প্রসার ঘটে। বেদ, বেদান্ত, ন্যায় ও অন্যান্য শাস্ত্রের চর্চা নুত্রন করিয়া শুরুর হয়। বল্লাল সেন বাংলাদেশের উচ্চ তিনটি বর্ণের—রাহ্মণ, বৈদ্য ও কায়ন্থদের মধ্যে কৌলীন্যপ্রথা প্রবর্তন করেন। কৌলীন্যপ্রথার ফলে সমাজে ধীরে ধীরে জাতিভেদ প্রথা কঠোর হয়।

ভারতবর্ষের অন্যান্য অগুলের ন্যায় সেই যুগে বাংলাদেশেও প্রকৃতপক্ষে নারী-সমাজের বিশেষ দ্বাধীনতা ছিল না। পরেবের মধ্যে বহু-বিবাহের প্রথা ছিল; কিম্তু বিধবা-বিবাহ নিশ্দিত ছিল। সহমরণের প্রথাও চাল, ছিল। অবশ্য দ্বামীর সম্পত্তিতে বিধবার অধিকার ছিল এইরপে উল্লেখ পাওয়া যায়।

পালযাগে শিক্ষা, সাহিত্য এবং শিশ্প-সংস্কৃতির ব্যাপক প্রসার ঘটিয়াছিল। বৌশ্ধযাগের রাতি অন্দরণ করিয়া পালরাজারা শিক্ষা বিস্তারের উদদশ্যে বিভিন্ন বিদ্যাচচার কেন্দ্র স্থাপন করেন। এইগালের মধ্যে বিক্রমশীলা, ওদন্তপারী ও সোমপার বিহার বিখ্যাত। দক্ষিণ বিহারের পাথরঘাট পর্বতের উপর প্রতিষ্ঠিত হইয়াছিল বিক্রমশীলা বিহার ও বিশ্ববিদ্যালয়। ধর্মপাল ইহা প্রতিষ্ঠা করিয়াছিলেন এবং তাঁহার উপাধি 'বিক্রমশীলা' অন্সারে এই বিহারটির নাম হয় বিক্রমশীলা। দেশ-বিদেশ হইতে বহা ছায় এখানে অধ্যয়ন করিতে আসিত। শিক্ষার

ব্যয়ভার রাজা বহন করিতেন। দীপংকর শ্রীজ্ঞান অতীশ কোন এক সময়ে এই বিহারের অধ্যক্ষ ছিলেন। বিজ্ঞানীলা বিশ্ববিদ্যালয় ঐ যাবেশ নালাদার স্থান অধিকার করিয়াছিল।

পালয়ে তেয়ারী অপর একটি শিক্ষাকেন্দ্র ওদত্তপ্রেরী। এই বিহারটি নালন্দার নিকটে অবস্থিত। এখানে বৌদ্ধশাস্ত্র ও দশ্বিশাস্ত্র শিক্ষাদেওয়া হইত। ওদত্তপ্রেরীর প্রন্থাগার অতি বিখ্যাত ছিল। বৌদ্ধপশ্ভিত শীলরক্ষিত কোন এক সময়ে এখানকার অধ্যক্ষ ছিলেন। তাঁহার কাছে শিক্ষালাভ করিয়াছিলেন ঢাকা জিলার বিক্রমপ্রের চন্দ্রগর্ভ নামে এক য্বেক। ইনিই বিখ্যাত বৌদ্ধপশ্ভিত দীপংকর ব্রীজ্ঞান নামে পরিচিত।

রাজশাহী জিলার পাহাড়পরের সোমপরে মহাবিহার পালরাজা<mark>দের</mark> অপর একটি কীতি<sup>°</sup>।

সাহিত্য ও শিলেপর ক্ষেত্রে পাল ও সেন্যংগ বিশেষভাবে উল্লেখযোগ্য।

ঐ যাগে সংস্কৃতেই সাহিত্য রচিত হইত। পালরাজ রামপালের সভাকবি
সম্ধ্যাকর নন্দী রচিত 'রামচরিত' সংস্কৃত সাহিত্যের একটি অমল্যে সম্পদ।
দশ্নশাস্ত্র রচিয়তা প্রীধর ভট্ট, আয়াবে দিচায চক্রপাণি দত্ত ও স্মৃতিশাস্ত্র
রচিয়তা জীনতবাহন এই যাগে জম্মগ্রহণ করিয়াছিলেন। কবি জয়দেবের
'গীতগোবিদ্দ' সমগ্র সংস্কৃত সাহিত্যের এক বিখ্যাত কাব্য। রাজা বল্লাল সেন

দ্বয়ং 'দানসাগর' ও 'অদ্ভূতসাগর' নামে কাব্য রচনা করিয়াছিলেন।

পালয্গের বিখ্যাত শিল্পী ছিলেন ধীমান ও তাঁহার পত্র বীতপাল। তাঁহারা একাধারে ভাস্কর, স্থপতি, চিত্রশিল্পী ও ধাতুম্তি নির্মাতা ছিলেন। পাল ও সেন্যুগের পোড়ামাটির ফলক, কল্টিপাথরের এবং পিতল কিংবা



বাংলার পোড়ামাটি-শিলেপর একটি নিদর্শন

অন্টধাতুর তৈয়ারী মাতি পাওয়া গিয়াছে, যাহাতে উংকৃণ্ট শিলসরীতির পরিচয় পাওয়া যায়।

# গুপ্তোত্তর যুগে দক্ষিণ ভারত

# বাতাপীর চালুক্য বংশ

প্রাংটীয় ষণ্ঠ শতাবদীর মধ্যভাগে দক্ষিণ ভারতের বিজ্ঞাপরে জিলায় চালক্রেরংশীয় প্রথম প্রক্তকেশী একটি ক্ষ্ম রাজ্য গড়িয়া তুলিয়াছিলেন। এই রাজ্যের রাজধানীর নাম ছিল বাতাপী। রাজধানীর নামান্সারে এই বংশ বাতাপার চাল্কাবংশ নামে পরিচিত। প্রথম প্লেকেশী ও ভাঁহার পত্র কীতি বর্মণ প্রখ্যাত রাজা ছিলেন। প্রথম পত্নকেশী বিশ্তীণ অণ্ডল জয় করিয়া অশ্বমেধ যজ্ঞ করেন এবং কীতি বর্মণ রাজ্যের সীমা আরও ব্দিধ করিয়া পরাক্রমের পরিচয় দেন। এই বংশের সর্বশ্রেষ্ঠ নরপতি দ্বিতীয় প্রলকেশী (৬০৯—৬৪২ শ্রঃ) কীতি বর্মণের প্র ছিলেন। স্বদরে দক্ষিণের চোল, কেরল ও পাণ্ড্য রাজ্যসম্হের রাজারা তাঁহার অধীনতা দ্বীকার করিয়াছিলেন। তিনি হর্ষ'বর্ধানের সৈন্যুদলকে প্রতিরোধ করিতে সক্ষম হইয়াছিলেন। ৬৪১ খ্রীণ্টাকে চৈনিক পরিব্রাক্তক হিউয়েন সাং আসিয়াছিলেন এবং চাল্ফা নরপতি দিতীয় প্লকেশীর প্রচণ্ড সামরিক শক্তি ও বিপলে ঐশ্বর্য দেখিয়া মল্প হইয়াছিলেন। দিতীয় প্লেকেশী পার্সারাজের সহিতও দতে বিনিময় করিয়াছিলেন। চাল্ফাদের ক্ষমতা দীৰ্ঘদিন স্থায়ী হয় নাই। ৬৪২ প্ৰীষ্টাকে দিতীয় প্লকেশী পল্লবরাজ নরসিংহবর্মণ কর্তৃক পরাজিত ও নিহত হন। দ্বিতীয় প্রলকেশীর পত্রে প্রথম বিক্রমাদিতা পল্লবরাজ নর্বসংহবর্মণকে প্রাজিত ও নিহত করেন। এইভাবে পল্লবগণের সহিত চাল্কাগণের যুদ্ধ-বিগ্রহ চলিতে থাকে এবং চাল্কের শক্তি ধীরে ধীরে হ্রাস পাইয়া যায়।

চালন্ক্য রাজাদের প্রষ্ঠপোষকতায় শিলপ ও সভ্যতার বিপন্ন অগ্রগতি
হয়। সেই সময়ে পর্বতের গ্রে কাটিয়া হিশ্দ্ব দেবদেবীর স্থাদর স্থাদর
মশ্দির তৈয়ারি করা হইয়াছিল। চালন্ক্য রাজাদের প্রষ্ঠপোষকতায়
নিমিত সংগ্রেশ্বর মশ্দির, বির্পোক্ষের মন্দির এবং মেগন্তি শিব্মশিদর
প্রভৃতি উল্লেখযোগ্য। মশ্দিরগ্রনির অভ্যাত্রম্থ দেবদেবীর মাতিগন্লি

অপ্রে' ভাস্ক্রে'র নিদশন। চাল্ব্র আমলে অজ্বা গ্রেরণ বহু, চিত্র অধ্বিত হইয়াছিল।

# কাঞ্চীর পল্লবগণ

কাণ্ডীর পল্লবগণের বংশ-পরিচয় সংবাদেধ গ্রহণযোগ্য কোন প্রমাণ পাওয়া না গেলেও তাঁহাদের কার্যকলাপের কিছ; কিছু পরিচয় থাঁণ্ডীয় তৃতীয় ও চতুথ শতাবদীতে পাওয়া যায়। থাঁণ্ডীয় ষণ্ঠ শতাবদীতে সিংহবিষ্ণু রাজা ইইবার পর ইইতে পল্লবদের ইতিহাস ভালোভাবে জানা যায়। সিংহবিষ্ণু চের, চোল ও পাণ্ড্য রাজ্য অধিকার করিয়া তামিলদের মধ্যে ঐক্য আনমন করিতে সক্ষম হন। সিংহবিষ্ণু সমরকুশলী নরপতি ছিলেন এবং তিনি সিংহলের রাজ্যাকে পরাজিত করিয়াছিলেন।

